বসুমতী-শাস্ত্র-প্রচার

ভক্তকবি শ্রীমৎ শ্রীজয়দেব গোস্বামী বিরচিত

শ্রীপূজারি গোস্বামী বিরচিত টীকা সমেত

[এতৎসহ প্রাচীন লুপ্তরত্ন উদ্ধার
৺রসময় দাস-কৃত সুললিত পদ্যানুবাদ]

সৎসাহিত্য ও শাস্ত্রগ্রন্থ-প্রচার-ব্রত
উপেন্দ্রনাথ মুখোপাধ্যায় অনূদিত

অষ্টম-সংস্করণ

উপেন্দ্রনাথ মুখোপাধ্যায় প্রতিষ্ঠিত
বসুমতী-সাহিত্য-মন্দির হইতে
শ্রীসতীশচন্দ্র মুখোপাধ্যায় প্রকাশিত

[মূল্য ১৲ এক টাকা মাত্র।

সপ্তম সংস্করণের ভূমিকা

কবিবর মাইকেল মধুসূদন দত্ত গাহিয়াছেন,—

"চল যাই জয়দেব, গোকুল-ভবনে,
তব সঙ্গে যথা রঙ্গে তমালের তলে
শিখিপুচ্ছ-চূড়া শিরে, পীতধড়া গলে,
নাচে শ্যাম, বামে রাধা—সৌদামিনী ঘনে।
না পাই যাদবে যদি, তুমি কুতূহলে
পূরিও নিকুঞ্জরাজী বেণুর স্বননে
ভুলিবে গোকুল-কুল এ তোমার ছলে,
নাচিবে শিখিনী সুখে, গাবে পিকগণে—
বহিবে সমীর ধীরে সুস্বর-লহরী,
মৃদুতর কলকলে কালিন্দী আপনি
চলিবে। আনন্দে শুনি সে মধুর ধ্বনি,
ধৈরয ধরি কি রহে ব্রজের সুন্দরী ?
মাধবের রব, কবি, ও তব বদনে,
কে আছে ভারতে ভক্ত নাহি ভাবে মনে ?"

স্বর্গের অমৃত উচ্ছ্বসিত প্রেম-ভক্তির মন্দাকিনীধারা—যাহার প্রবাহে সন্তাপিত হৃদয় শান্তি-পুলকে স্নিগ্ধ ও পবিত্র হয়—রাধাপ্রেমের সাধ্বাবাঁশী—যাহার সম্মোহন ঝঙ্কারের তানতরঙ্গে ভারতের গগন-পবন চির-মুখরিত—যশেন্দুহার-বিভূষিত, বঙ্গের কবিকুলজনক, ভক্তাবতার শ্রীজয়দেব

গোস্বামি-বিরচিত ললিত-লবঙ্গলতা-পরিমল-বিনিন্দিতচ্ছন্দের মোহন উচ্ছ্বাস শ্রীগীতগোবিন্দের নূতন পরিচয় নিতান্ত অনাবশ্যক।

যে পদামৃতলহরী ভক্তের প্রাণস্পর্শী—পাষাণ-প্রাণও ভক্তিরসে দ্রবকারী—যে জয়দেবের কৃষ্ণলীলা শ্রবণে যুগাবতার শ্রীমন্মহাপ্রভু শ্রীচৈতন্যদেব ভাবে উন্মাদ হইতেন—স্বয়ং শ্রীমুখে সংকীর্ত্তন, সুব্যাখ্যা করিয়া ভক্তগণকে ভাবোন্মাদে আত্মহারা করিতেন, যে সুধাক্ষরিত সুধাধারা—মধুময় প্রেমলীলা ভক্ত প্রেমিকের তুলসীমালা সদৃশ মহাপবিত্র—যে অমিয়াভ কাব্যের এক চরণ 'দেহি পদপল্লবমুদারম্' স্বয়ং শ্রীমাধব রক্তোৎপল কমলকরে লিখিয়া ভক্তিজগতে ভক্তের গৌরব প্রতিষ্ঠা করিয়াছেন—যে শ্যামপ্রেম-মন্দাকিনীর লহরলীলায় বিদ্যাপতি, চাণ্ডদাস, গোবিন্দদাসের প্রেমদ্যুতি স্পন্দিত হইয়াছে—যে অনুপম বাঁশরীর মোহনীয় বেষে ভক্তের মানসকাননে শ্রীবৃন্দাবনের মুরলী-ঝঙ্কার ঝঙ্কৃত হয়—সেই শ্যাম-প্রেমের যমুনাপ্রবাহের সর্ব্বজনসম্মোহন ভক্তিতরঙ্গিণী শ্রীগীতগোবিন্দ।

জগতের সাহিত্যে প্রেমভক্তির এমন মধুর সঙ্গম আর কোন কাব্যে নাই। আর্য্য সাহিত্যের কুবের-ভাণ্ডারের ইহা অমূল্য সম্পদ্—ভক্তের ধ্যান জ্ঞান চিরশান্তি-পরিমলসুরভিত হৃদিবিনোদন পারিজাতমালা। ভারতের ও জগতের বিভিন্ন সাহিত্যে শ্রীগীতগোবিন্দ অনূদিত হইয়া সাহিত্যের গৌরব বৃদ্ধি করিয়াছে। ভারতে হিন্দী, বাঙ্গালা, উড়িয়া ভাষায় শ্রীগীতগোবিন্দের অনেকগুলি অনুবাদ প্রকাশিত হইয়াছে। স্যার উইলিয়াম জোন্স ইংরাজী ভাষায়—সুপণ্ডিত ল্যাসন ল্যাটিন ভাষায়—প্রাচ্য-ভাষাবিদ্ পণ্ডিত রুকর্ট জার্ম্মাণ ভাষায় এবং এক জন ফরাসী পণ্ডিত ফরাসী সাহিত্যে ইহার সুমধুর অনুবাদ করিয়াছেন। সুকবি এডউইন্ আর্ণল্ড তাঁহার ইংরাজী কাব্যের প্রারম্ভে এই কাব্যের সুন্দর বর্ণনা করিয়াছেন। প্রাচীন যুগের অনেকগুলি পণ্ডিত

শ্রীগীতগোবিন্দের টীকা প্রণয়ন করিয়াছেন। উদয়নাচার্য্য, কমলাকর, কুম্ভকর্ণ মহেন্দ্র, কৃষ্ণদত্ত, কৃষ্ণদাস, গোপাল, চৈতন্যদাস, নারায়ণ ভট্ট, নারায়ণ দাস, পীতাম্বর, ভগবদ্দাস, ভাবাচার্য্য, মানাঙ্ক, রামতারণ, রামদত্ত, রূপদেব পণ্ডিত, লক্ষ্মণ ভট্ট, লক্ষ্মণ সূরী, বনমালী ভট্ট, বিট্‌ঠল দীক্ষিত, বিশ্বেশ্বর ভট্ট, শঙ্কর মিশ্র, শ্রীহর্ষ, হৃদয়াভরণ, পূজারী গোস্বামী নামে প্রসিদ্ধ পণ্ডিতগণ শ্রীগীতগোবিন্দের টীকা লিখিয়াছেন। এতদ্‌ব্যতীত বালবোধিনী, বচনমালিকা নামে আরও দুইখানি গীতগোবিন্দের প্রসিদ্ধ টীকা আছে। শ্রীমদ্ভাগবত ও গীতা ব্যতীত অন্য কোন ভক্তিগ্রন্থের এত অধিক টীকা আছে বলিয়া আমাদের জানা নাই। ইহার ভিতর পূজারী গোস্বামীর টীকা প্রামাণ্য ও সর্ব্বজনবোধ্য বলিয়া আমরা শ্রীগীতগোবিন্দের সহিত সন্নিবেশিত করিয়াছি। শ্রীগীতগোবিন্দের অনেকগুলি পুথি ও প্রাচীন বঙ্গানুবাদও দেখিতে পাওয়া যায়। কবিবর রসময় দাস ও সুকবি গিরিধর পদ্যে শ্রীগীতগোবিন্দের সুমধুর অনুবাদ করিয়াছিলেন। আমরা পরিশিষ্টে রসময় দাসের লুপ্তপ্রায় পদ্যানুবাদ সংযোগ করিয়াছি।

বৈষ্ণব-সাহিত্যের মুকুটমণি বিদ্যাপতি, চণ্ডিদাস, গোবিন্দদাস, জ্ঞানদাস প্রভৃতির পদরচনার ভিতরও গীতগোবিন্দের শ্যামপ্রেমের লহরলীলা স্পন্দিত। তাঁহারই ভাবে ভাবিত—তাঁহারই কল্পনা-চিন্তার ধারা অনুসরণ করিয়া যে পরবর্ত্তী যুগের বৈষ্ণবসাহিত্য গড়িয়া উঠিয়াছে, তাহাতে সন্দেহের অবকাশ নাই।

যুগের পর যুগসন্ধি—শতাব্দীর পর শতাব্দী ব্যাপিয়া যে কালজয়ী কাব্যের মর্ম্মস্পর্শী ছন্দের নৃত্য-লীলায়িত গতির ভিতর শ্রীরাধামাধবের প্রেমলীলার অনন্ত সৌন্দর্য্য—শৃঙ্গাররসের মোহন আবেশের পুলক-প্রবাহ প্রদর্শন করিয়া মানব-মনকে সম্মোহিত—পুলকিত করিতেছে, শতাব্দীর

দীর্ঘতা ভেদ করিয়া আজও যাহা নিত্য পুরুষোত্তমের শ্রীমন্দিরে গীত না হইলে শ্রীজগন্নাথদেবের পূজা সম্পূর্ণ হয় না—সেই ভক্ত-প্রাণোন্মাদন পরম পবিত্র কাব্যের সপ্তম সংস্করণ প্রকাশ করিবার সৌভাগ্য লাভ করিয়া আমরা ধন্য হইতেছি। ভক্তকবি শ্রীজয়দেবের কাব্যরস অনুবাদে ফুটাইয়া তোলা অসম্ভব—সৎসাহিত্য ও শাস্ত্রগ্রন্থ-প্রচার-ব্রত স্বর্গীয় পিতৃদেব ভক্তিরসের মাধুর্য্যসৌন্দর্য্য পরম ও চরম বিকাশ যোগ্য অনুবাদে যথাসাধ্য প্রয়াস পাইয়াছিলেন—নির্ভুল করিবার জন্যও যত্নের ত্রুটি করি নাই—সুধীজন-সমাজ, ভক্তসম্প্রদায়, সুরসিকবৃন্দ, এই সংস্করণ পাঠে তৃপ্তি ও শান্তি লাভ করিলে সাধনা সার্থক হইবে।

বসুমতী-সাহিত্য-মন্দির, ফুলদোল, ১৩৩৪। | বিনয়াবনত শ্রীসতীশচন্দ্র মুখোপাধ্যায়।

অষ্টম সংস্করণের ভূমিকা

শ্রীগীতগোবিন্দের সপ্তম সংস্করণ এক বৎসরের মধ্যে নিঃশেষিত হইতে দেখিয়া আমরা আশায় উৎফুল্ল—আনন্দে আত্মহারা হইয়াছি। যাঁহারা বলেন, শিক্ষিত সমাজ দেশের অমূল্য সম্পদ আর্য্যসাহিত্যের—ভক্তিগ্রন্থের সমাদর করেন না, তাঁহারা কেবল বিলাসলালসা-কলুষিত পাশ্চাত্য কাব্য-উপন্যাসেরই অনুরাগী—দেশের কোহিনূর ফেলিয়া কেবল বিদেশী কাচের সমাদর করেন. আশা করি, এ শুভ সংবাদে তাঁহাদের সে ভ্রান্ত ধারণা অপনোদিত হইবে—তাঁহারা আমাদেরই মত আশ্বস্ত—আনন্দিত হইবেন। ভক্ত-সমাজ যে শ্রীগীতগোবিন্দের অফুরন্ত অমৃত-প্রস্রবণে—ভক্তি-মন্দাকিনী-ধারায় শান্তিলাভ করিবেন, সে বিষয়ে সন্দেহের অবকাশ নাই।

সুধীজন-সমাজের উৎসাহে—ভক্তবৃন্দের শুভাশীর্ব্বাদে শ্রীগীতগোবিন্দের অষ্টম সংস্করণ প্রকাশিত হইল। শ্রীগীতগোবিন্দের পুলক-ঝঙ্কারে জ্ঞান-ভক্তির লীলানিকেতন—পুণ্যভূমি ভারতবর্ষ আবার মুখরিত—অনুপ্রাণিত হইয়া আনন্দ-পুলকে সম্মোহিত হউক—ধর্ম্মপ্রাণ ভারতবাসীর মন-প্রাণ আবার শ্রীরাধাকৃষ্ণের প্রেমগানে সঞ্জীবিত হউক, ইহাই অভাজনের একমাত্র কামনা।

বসুমতী-সাহিত্য-মন্দির দোলপূর্ণিমা, ১৩৩৫ | বিনয়াবনত— শ্রীসতীশচন্দ্র মুখোপাধ্যায়।

চতুর্থ-সংস্করণের ভূমিকা

"যদি হরিস্মরণে সরসং মনো
যদি বিলাসকলাসু কুতূহলম্।
মধুরকোমলকান্তপদাবলীং
শৃণু তদা জয়দেবসরস্বতীম্॥"

উপরি-উক্ত শ্লোকটির যাথার্থ্য সম্বন্ধে কিছুমাত্র সন্দেহের কারণ নাই। বস্তুতঃ মহাকবি শ্রীজয়দেব-বিরচিত শ্রীগীতগোবিন্দ গ্রন্থে বাক্যের যেরূপ পল্লবিত্ব, যেরূপ পদবিন্যাস, যেরূপ শ্রুতিধরতা, যেরূপ ভাবমাধুর্য্য ও যেরূপ সর্ব্বরসাত্মকতা দৃষ্ট হয়, তাদৃশ আর কোন গ্রন্থে লক্ষিত হয় না বলিলেও অত্যুক্তি হয় না। এক কথায় এরূপ কবিত্ব, এরূপ মাধুর্য্য ও এরূপ পদবিন্যাস অতি বিরল। কবিবর শ্রীজয়দেব গীতিকাচ্ছলে এই গ্রন্থে শ্রীরাধাকৃষ্ণের সুমধুর লীলা বিশদভাবে বর্ণন করিয়াছেন। ইহা পাঠ করিতে করিতে ভাবুকের হৃদয় গভীর ভাবভরে বিমোহিত হইয়া পড়ে, চিত্ত আনন্দে উৎফুল্ল হয়, অন্তর-সাগরে সাত্ত্বিক প্রেমরস উথলিয়া উঠে। এই গ্রন্থ ভক্তের কণ্ঠহার, ভাবুক জনের একমাত্র অবলম্বন, ভক্তিরসের একমাত্র আধার। যে কোন সম্প্রদায়ই হউন না কেন, ইহা পাঠ করিলে সকলেরই চিত্ত ভক্তিরসে, প্রেমরসে বিগলিত হইয়া পড়ে, আনন্দাশ্রুতে নয়ন পরিপূর্ণ হয়।

কিছুদিন পূর্ব্বে আমরা এই গ্রন্থখানি প্রাঞ্জলভাবে অনুবাদ করিয়া ভক্তমণ্ডলীসকাশে প্রকাশ করিয়াছিলাম। অত্যল্প দিনের মধ্যেই ক্রমে ক্রমে তিনটি সংস্করণের সহস্র সহস্র খণ্ড গ্রন্থ ভক্তমণ্ডলী কর্ত্তৃক

সাদরে সংগৃহীত হইয়াছে। তথাপি ভক্তমণ্ডলীর অনেকের আশা পূর্ণ করিতে না পারিয়া পুনর্ম্মুদ্রাঙ্কনের জন্য আমাদিগকে বার বার অনুরোধ করায় চতুর্থ সংস্করণ প্রকাশিত হইল। পূর্ব্ব পূর্ব্ব সংস্করণ অপেক্ষা এবারে সাধ্যানুসারে ভ্রমপ্রমাদগুলি সংশোধিত ও স্থানে স্থানে পরিবর্ত্তিত হইয়াছে। অধিকন্তু গ্রন্থের শেষভাগে ইহার একটি পদ্যানুবাদও সংযোজিত হইল। এক্ষণে সাধারণে সাদরে গৃহীত হইলেই সফল-প্রযত্ন হইব, কিমধিকমিতি—

বসুমতী-সাহিত্য-মন্দির } বিনীত—
উপেন্দ্রনাথ মুখোপাধ্যায়।

শ্রীজয়দেব-চরিত

প্রেম-ভক্তি-মন্দাকিনী-লীলালহরিত শ্রীশ্রীগীতগোবিন্দ কাব্যসুধারস-পানে বিভোর—উন্মাদ হইবার পূর্ব্বে প্রেমভক্তির মূর্ত্তবিগ্রহ, সাধকোত্তম শ্রীজয়দেবের ভগবৎপ্রেমে তন্ময় ভক্তিমাধুর্য্যমণ্ডিত জীবনী পাঠ—স্মরণ—মনন করা অত্যাবশ্যক। পাশ্চাত্য-শিক্ষা-গর্ব্বিত যুক্তিবাদী বাঙ্গালী আজ সে অতীত যুগের অলৌকিক কাহিনীতে আস্থাবান্—শ্রদ্ধান্বিত হইবেন কি না, জানি না। কিন্তু যাঁহারা শ্রীভগবানের লীলামাধুরী শ্রবণে—স্মরণে জীবন ধন্য জ্ঞান করেন, যাঁহারা ভগবৎপদে আত্মসমর্পিতপ্রাণ—যাঁহারা ভক্ত, ভগবান্ ও ভাগবত তিনই এক ভগবানের শ্রীমুখনিঃসৃত এই মহাবাক্য প্রাণে প্রাণে বিশ্বাস করেন, শ্রীজয়দেবের অলৌকিক জীবনী তাঁহাদের প্রাণে শান্তির অমিয়ধারা ঢালিয়া দিবে।

শ্রীজয়দেব বীরভূম জেলার অজয়তীরে কেন্দুবিল্ব (বর্ত্তমান কেন্দুলী) গ্রামে জন্ম পরিগ্রহ করেন। তাঁহার পিতার নাম ভোজদেব, মাতার নাম বামাদেবী। জয়দেবের চরিতকারের ধারণা, তিনি খৃষ্টীয় ১৫শ শতাব্দীতে বিদ্যমান ছিলেন। কিন্তু জয়দেব ইহাপেক্ষা পূর্ব্ব-যুগে অবতীর্ণ হইয়াছিলেন। কবিবর জয়দেব বাঙ্গালার শেষ রাজা গৌড়াধিপতি লক্ষ্মণসেনের রাজসভা অলঙ্কৃত করিতেন। দিল্লী মুসলমানাধিকৃত হইবার পূর্ব্ববর্ত্তী রাজা মাণিক্যচন্দ্রের আদেশে রচিত 'অলঙ্কারশেখরে' লিখিত আছে, জয়দেব উৎকলরাজের সভাকবি ছিলেন। লক্ষ্মণসেনের মহামাণ্ডলিক বটুদাসের পুত্র শ্রীধরদাসের 'সূক্তি-কর্ণামৃতে' শ্রীজয়দেবের অমিয়াভ কাব্য উদ্ধৃত আছে। শ্রীগীতগোবিন্দের একখানি প্রাচীন পুথির পরিশেষে লিখিত আছে:—"অথ লক্ষ্মণসেন-নাম-নৃপতিসময়ে শ্রীজয়দেবস্য কবিরাজপ্রতিষ্ঠা।" 'শ্রীচৈতন্য-চরিতামৃতে' উক্ত আছে—শ্রীমন্মহাপ্রভু শ্রীচৈতন্যদেব শ্রীগীতগোবিন্দ-পাঠে অপার আনন্দ অনুভব করিতেন। তিনি নিজে স্থানে স্থানে

ব্যাখ্যা করিয়া ভক্ত-হৃদয়ে সুধা বর্ষণ করিতেন। তাহা হইলে স্পষ্টই মনে হয়, তিনি শ্রীমন্মহাপ্রভুর পূর্ব্ববর্ত্তী যুগে অবতীর্ণ হইয়াছিলেন।

বৈষ্ণব সাহিত্যের প্রাচীনতম মহাগ্রন্থ 'ভক্তমালগ্রন্থে' শ্রীজয়দেবের ভক্তিমাধুরী-রঞ্জিত জীবনী সন্নিবেশিত আছে। তাহার বর্ণনা এইরূপ :—

অতি অল্পবয়সেই শ্রীজয়দেব বৈরাগ্য গ্রহণ করিয়া শ্রীজগন্নাথক্ষেত্রে গমন করিয়া জগন্নাথদেবের সেবায় আত্মনিয়োগ করেন। উৎকলাধিপতি তাঁহাকে বিশেষ শ্রদ্ধা করিতেন, তাঁহাকে সভাকবির পদে প্রতিষ্ঠিত করিয়াছিলেন, তাঁহার ভক্তির প্রভাবে শ্রীজগন্নাথদেবও আকৃষ্ট হইয়াছিলেন।

সেখানে তাঁহার অনেকগুলি শিষ্য হইয়াছিল। পুত্রসন্তান না হওয়ায় এক জন ব্রাহ্মণ জগন্নাথদেবের সেবা করিয়া একটি সর্ব্বসুলক্ষণা কন্যা লাভ করিয়াছিলেন। কন্যাটি জগন্নাথদেবের পদে আত্মনিবেদিতপ্রাণা—ভক্তিমতী সুলক্ষণা—রূপগুণসংযুক্তা—নাম পদ্মাবতী। বিবাহযোগ্য বয়সে ব্রাহ্মণ শ্রীজগন্নাথদেবের শ্রীচরণকমলে কন্যাটিকে নিবেদন করিতে আসিলে তিনি প্রত্যাদেশ পাইলেন—"জয়দেব নামে এক ভক্ত সংসার ত্যাগ করিয়া সন্ন্যাসাশ্রম গ্রহণ করিয়াছে, তাহাকে তোমার ভক্তিমতী কন্যা সম্প্রদান কর।" ব্রাহ্মণ কন্যাটিকে আনিয়া শ্রীজয়দেবকে গ্রহণ করিতে বলিলে তিনি সংসার-বন্ধনে আবদ্ধ হইতে সম্মত হইলেন না। ব্রাহ্মণ পদ্মাবতীকে জয়দেবের নিকট রাখিয়া প্রস্থান করিলেন। জয়দেব পদ্মাবতীকে বলিলেন, "তোমার পিতা চলিয়া গেলেন—তোমার এ স্থানে একাকী থাকা সম্ভব নহে। তোমাকে কোথায় রাখিয়া আসিব, বল ?" ভক্তিস্নিগ্ধকণ্ঠে পদ্মাবতী উত্তর করিলেন—"শ্রীজগন্নাথদেবের প্রত্যাদেশে পিতা আপনার হস্তে আমাকে সমর্পণ করিয়াছেন—আপনি আমার স্বামী—দেবতা—আমি কায়মনোবাক্যে আপনার সেবা করিব।" জয়দেব পদ্মাবতীকে পরিহার করিতে পারিলেন না—গ্রহণ করিয়া সংসারী হইলেন ; গৃহে শ্রীরাধামাধব-বিগ্রহ প্রতিষ্ঠা করিয়া তাঁহার সেবার ভার গুণবতী পদ্মাবতীর উপর ন্যস্ত করিলেন। উভয়ের হৃদয়ে শ্যাম-প্রেমের লহরলীলা উচ্ছ্বসিত হইতে লাগিল—সেই উচ্ছ্বাসে উচ্ছ্বসিত হইয়া শ্রীগীতগোবিন্দ-কাব্যরূপে সেই প্রেমের মন্দাকিনীধারা বহিল।

শ্রীগীতগোবিন্দ লিখিবার কালে শ্রীজয়দেব প্রেম-ভক্তির সকল রসের মধুরোজ্জ্বল চিত্র—কল্পনার মোহন আবেশে ফুটাইয়া তুলিলেন বটে, কিন্তু মানপ্রকরণে শ্রীভগবান্ খণ্ডিতা নায়িকার পায়ে ধরিবেন, ইহা লিখিতে তাঁহার মত ভক্তের প্রাণে কেমন সঙ্কোচ বোধ হইতে লাগিল। তিনি মহাসমস্যায় পড়িলেন, অনেক চিন্তা করিয়াও

স্মরগরলখণ্ডনম্

মম শিরসি মণ্ডনম্—

পর্য্যন্ত লিখিয়া পাদপূরণ করিতে পারিলেন না। পুথি বন্ধ করিয়া সমুদ্রে স্নানার্থে গমন করিলেন। ভক্তের ব্যথা, আকুল নিবেদন বুঝিয়া স্বয়ং ভগবান্ আসিয়া ভক্তের সমস্যা পূরণ করিলেন—শ্রীহস্তে লিখিলেন—

"দেহি পদপল্লবমুদারম্॥"

স্বামী এইমাত্র স্নানে গেলেন, আবার তৎক্ষণাৎ গৃহে ফিরিয়া পুথি খুলিয়া লিখিতে আরম্ভ করিলেন দেখিয়া পতিব্রতা পদ্মাবতী জিজ্ঞাসা করিলেন, "প্রভু! এইমাত্র স্নানে গেলেন, এত সত্বর ফিরিয়া আসিলেন কেন?" জয়দেবরূপী শ্রীভগবান্ কহিলেন—"পথে কবিতার একটি ছন্দ মনে আসিল, বিস্মরণভয়ে সত্বর ফিরিয়া লিখিয়া গেলাম।"

পাদপূরণ করিয়া শ্রীভগবান্ প্রস্থান করিবার অনতিবিলম্বে জয়দেব স্নান সমাপন করিয়া গৃহে প্রত্যাগমন করিলেন। এইমাত্র লিখিয়া যাইতেছেন, আবার অবিলম্বে স্নান করিয়া ফিরিতে দেখিয়া পদ্মাবতী সবিস্ময়ে জিজ্ঞাসা করিলেন, "প্রভু, এইমাত্র পুথি লিখিয়া গেলেন, আবার এত সত্বর স্নান করিয়া ফিরিলেন কিরূপে?" বিস্মিত জয়দেব বলিলেন, "সে কি, আমি আবার ফিরিয়া পুথি লিখিলাম কখন্—আমি ত স্নান করিয়াই ফিরিতেছি।" পদ্মাবতীর বিস্ময়ের সীমা রহিল না—তিনি বলিলেন, —"তবে আপনি—না—যিনি আপনার বেশে পুথি লিখিয়া গেলেন, কে আমার স্বামী?" বিস্মিত জয়দেব বস্ত্র পরিবর্ত্তন না করিয়াই পুথি খুলিলেন—যাহা দেখিলেন, তাহাতে পুলক-প্রেমাবেশে বাহ্যজ্ঞানশূন্য হইলেন —আনন্দের আতিশয্যে প্রেমাশ্রু বিগলিত হইতে লাগিল। ক্ষণবিলম্বে বাহ্যচেতনালাভ করিয়া উন্মাদের মত বলিতে লাগিলেন—"আমি ধন্য।

আমার গ্রন্থপ্রণয়ন সার্থক—ভগবান্ স্বয়ং এ কার্য্যে তাঁহার লীলামাধুরী বর্ণনার সমস্যাপূরণ করিয়া স্বীয় কমল-করে দেবাক্ষরে লিখিয়াছেন—

"দেহি পদপল্লবমুদারম্"

পদ্মাবতীকে সম্বোধন করিয়া বলিলেন,—"ভগবৎপদে আত্মনিবেদিত-প্রাণা সাধ্বী তুমি ধন্য—তোমার জন্ম সার্থক, তুমি চর্ম্মচক্ষুতে ঋষিগণের অনন্তসাধনার কাম্য শ্রীভগবান্‌কে প্রত্যক্ষ দর্শন করিলে—আমি হতভাগ্য—আমার ভাগ্যে তাঁহার দর্শনলাভ ঘটিল না।" শ্রীগীতগোবিন্দ-রচনা সম্পূর্ণ হইলে ভক্তপ্রবর জয়দেব হস্তলিখিত পুথিখানি শ্রীশ্রীজগন্নাথদেবের শ্রীচরণ-সরোজে ভক্তিভরে সমর্পণ করিলেন।

তখন মুদ্রণ-যন্ত্রের ও সংবাদপত্রের প্রবর্ত্তন না হইলেও—লোকমুখে প্রেমভক্তির উচ্ছ্বাসে উচ্ছ্বসিত প্রাণমন-বিভ্রমকারী শ্রীগীতগোবিন্দ-গীতি শ্রবণ করিয়া ভক্ত, ভাবুক, পণ্ডিত ও সংসারী সকল সম্প্রদায় আত্মহারা হইতে লাগিলেন—শ্রীগীতগোবিন্দের মহিমার কথা দিকে দিকে প্রতিধ্বনিত হইতে লাগিল—বিদ্বজ্জনসমাজ একবাক্যে জয়দেবের জয়গান করিতে লাগিলেন—অতুলনীয় কবিপ্রতিভার উচ্ছ্বসিত প্রশংসা করিতে লাগিলেন। 'ভক্তমালগ্রন্থে' একটি প্রবাদ উক্ত হইয়াছে :—

এক মালিনী শ্রীগীতগোবিন্দ গান করিতে করিতে ক্ষেত্রে কাজ করিতেছিল। শ্রীগীতগোবিন্দের ভক্তি-ঝঙ্কারে আকৃষ্ট হইয়া স্বয়ং শ্রীজগন্নাথদেব সেই ক্ষেত্রে প্রবেশ করেন, গান শুনিতে শুনিতে শ্রীভগবান্ এমন তন্ময় হন যে, তাঁহার শ্রীঅঙ্গের বস্ত্র ক্ষেত্রের কণ্টকে ও ধূলিতে পূর্ণ হয়। পরদিন উৎকল-রাজ শ্রীমন্দিরে গিয়া প্রভুর অঙ্গবস্ত্র ধূলি ও কণ্টকে পূর্ণ দেখিয়া পাণ্ডাদের নিকট কারণ জিজ্ঞাসা করিলে প্রত্যাদেশ পান, অমুক ক্ষেত্রের মালিনীর শ্রীগীতগোবিন্দ-গীতি-মাধুর্য্যে সম্মোহিত হইয়া চিত্ত বিভ্রম ঘটিয়াছিল—সেই জন্যই অঙ্গ ধূলিধূসরিত ও কণ্টকিত হইয়াছে। রাজাদেশে তৎক্ষণাৎ শিবিকা পাঠাইয়া মালিনীকে শ্রীমন্দিরে আনাইয়া গীতগোবিন্দগীতি শ্রীজগন্নাথদেবকে প্রত্যহ শুনান হইতে লাগিল। তদবধি এখনও পর্য্যন্ত শ্রীমন্দিরে প্রত্যহ শ্রীগীতগোবিন্দ গীত হইয়া

থাকে। শ্রীমন্দিরে কোন দিন গীতগোবিন্দ গীত না হইলে সে দিন শ্রীজগন্নাথদেবের পূজা অসিদ্ধ হয়।

শ্রীগীতগোবিন্দ শ্রবণে শ্রীজগন্নাথদেবের এত প্রীতি দেখিয়া উৎকলরাজ নিজে একখানি গীতগোবিন্দ প্রণয়ন করিয়া জগন্নাথদেবের শ্রীচরণে অর্পণ করেন। পরদিন প্রাতে মন্দির খুলিলে সকলেই দেখিয়া বিস্মিত হইলেন, জগন্নাথদেব জয়দেবের গীতগোবিন্দখানি রাখিয়া রাজার গীতগোবিন্দখানি ফেলিয়া দিয়াছেন—রাজা এই সংবাদ শুনিয়া মর্ম্মাহত হইয়া সমুদ্রে ঝাঁপ্ দিয়া প্রাণত্যাগ করিবেন সঙ্কল্প করিলে দৈববাণী পাইলেন—"রাজা, মনঃক্ষোভ দূর কর—জয়দেবের গীতগোবিন্দের প্রথমেই তোমার দ্বাদশটি শ্লোক চিরদিন সন্নিবেশিত থাকিবে। দৈবাদেশ শ্রবণে রাজা আনন্দে আত্মহারা হইলেন; জীবন—সাধনা সার্থক জ্ঞান করিয়া আনন্দে নৃত্য করিতে লাগিলেন।

জয়দেবের উপরে ভগবানের অশেষ করুণা—জয়দেবের কষ্টে তিনি নিজে ব্যথিত হইতেন। ভক্তমালে জয়দেবের উপর ভগবানের স্নেহের কথায় লিখিত হইয়াছে, জয়দেব দরিদ্র—তিনি নিজে কুটীরের চাল ছাইতেছিলেন—ভীষণ রৌদ্রে ঘর্ম্মাপ্লুত হইতেছিলেন। ভগবান্ ভক্তের কষ্ট দেখিয়া আর স্থির থাকিতে পারিলেন না। তিনি ঘরের ভিতর হইতে চাল বাঁধিবার দড়ী জোগাইয়া দিতে লাগিলেন। জয়দেব মনে করিলেন, বুঝি পদ্মাবতী দড়ী তুলিয়া দিতেছেন; কিন্তু কার্য্যশেষে নামিয়া দেখেন, কেহ নাই—শ্রীরাধামাধবের হস্তে ঝুল-ময়লা লাগিয়াছে। তখন বুঝিলেন, ভক্তবৎসল শ্রীহরি তাঁহার জন্য এ কষ্ট স্বীকার করিয়াছেন। জয়দেব চরণে পড়িয়া এই অপার স্নেহের জন্য কাঁদিতে লাগিলেন। পদ্মাবতীর ভক্তিপ্রবাহে সম্মোহিত হইয়া শ্রীরাধামাধব এক দিন তাঁহার প্রদত্ত অন্নভোগ ভোজন করিয়া তাঁহার মনোবাঞ্ছা পূর্ণ করিয়াছিলেন।

শ্রীরাধামাধবের সেবার ও উৎসবের জন্য অর্থের প্রয়োজন হইল। ভক্তকবি জয়দেব দেশান্তরে অর্থসংগ্রহের আশায় যাত্রা করিলেন। পথে দস্যুরা ধরিয়া অর্থাদি কাড়িয়া লইয়া হস্তপদ কাটিয়া তাঁহাকে কূপের ভিতর ফেলিয়া দিল। মৃত্যুভয়হীন জয়দেব কূপমধ্যে থাকিয়া অসহ্য যন্ত্রণা অগ্রাহ্য করিয়া হরিধ্বনি করিতে লাগিলেন। তৃতীয় দিবসে মৃগয়া করিতে গিয়া এক

রাজা কূপমধ্যে হরিধ্বনি শুনিয়া জয়দেবকে উত্তোলন করিলেন—সমাদরে শিবিকায় তুলিয়া প্রাসাদে আনিলেন। জয়দেবের চারিত্র্যমাধুর্য্যে, কাব্য-প্রতিভা-প্রভাবে এবং তদীয় কণ্ঠে চিত্তবিমোহন গীতগোবিন্দগীতি শুনিয়া রাজা রাণী মুগ্ধ পুলকিত হইলেন। রাজা জয়দেবের পরিচয় লইয়া লোক ও শিবিকা পাঠাইয়া পদ্মাবতীকে প্রাসাদে আনয়ন করিলেন। বৈষ্ণবমন্ত্রে দীক্ষিত হইয়া ভক্তপ্রবর জয়দেবের নিকট শ্রীকৃষ্ণলীলাশ্রবণে, ভক্ত ও বৈষ্ণব-সেবায় ও দানে রাজা রাণী জীবন ধন্য করিতে লাগিলেন। এক দিন জয়দেবের নির্য্যাতনকারী দস্যুগণ বৈষ্ণববেশে রাজভবনে অতিথি হইল। জয়দেব উহাদিগকে চিনিয়াও যথাযোগ্য সম্মানে অতিথি-সেবার ব্যবস্থা করিয়া দিলেন; কিন্তু দস্যুগণ জয়দেবের মাহাত্ম্য না বুঝিয়া মনে করিল, বুঝি জয়দেব পূর্ব্বনির্য্যাতনের প্রতিশোধ লইবার জন্য অবসরের সুযোগ খুঁজিতেছেন। তাহারা আতিথ্য গ্রহণ না করিয়া পলায়নের জন্য ব্যস্ত হইল। ক্ষমাশীল জয়দেব তাহাদের অভিপ্রায় বুঝিয়া, রাজাকে বলিয়া তাহাদিগকে বহু অর্থ প্রদান করাইলেন এবং লোকজন সঙ্গে দিয়া বিদায় দিলেন। কিছু দূর গিয়া রাজ-অনুচরগণকে বিদায় দিয়া দস্যুগণ বলিল, "তোমাদের নিকট একটা গুপ্ত-রহস্য বলিব—গোপনে রাজাকে বলিবে—বৈষ্ণব হইবার পূর্ব্বে আমরা এক রাজার অনুচর ছিলাম। রাজা কোন বিশেষ কারণে তোমাদের ঐ মোহান্ত বাবাজীকে আমাদের হত্যা করিতে আদেশ করেন। আমরা তাঁহার হস্তপদ কাটিয়া ছাড়িয়া দিই। গুপ্তকথা প্রকাশের আশঙ্কায় তোমাদের ভণ্ড মোহান্ত রাজাকে অনুরোধ করিয়া আমাদের মুখ বন্ধ করিবার জন্য এই প্রভূত অর্থ প্রদান পূর্ব্বক আমাদিগকে সত্বর বিদায় প্রদান করিলেন।" এই কথা শেষ হইবামাত্র দুর্ব্বৃত্তগণ যেন কোন অজ্ঞাত শক্তির প্রভাবে তৎক্ষণাৎ ভূতলে প্রবিষ্ট হইল। ভৃত্যগণ সাধুদ্বেষী ব্যক্তির অদ্ভুত শাস্তি প্রত্যক্ষ করিয়া সেই অদ্ভুত ঘটনা রাজার নিকট নিবেদন করিল। তখন রাজার প্রশ্নের উত্তরে জয়দেব দস্যুগণের নির্য্যাতনকাহিনী বর্ণনা করিয়া বলিলেন—"পরহিংসা অকর্ত্তব্য, এই জন্যই আমি দুষ্টগণের শাস্তিবিধান না করিয়া শিষ্টব্যবহারে তুষ্ট করিবার প্রয়াস পাইয়াছিলাম। কিন্তু ভগবানের অমোঘ বিধানে তাহারা কর্ম্মফল ভোগ করিল।"

রাজমহিষীর সহিত পদ্মাবতীরও যথেষ্ট সৌহার্দ্দ জন্মিয়াছিল। একদা মহিষী ভ্রাতার মৃত্যুতে ভ্রাতৃবধূর সহমরণ জন্য রোদন করিতেছিলেন। সাধ্বী পদ্মাবতী বলিলেন,—"স্বামীর মৃত্যুতে পতিগতপ্রাণা নারীর প্রাণ শরীরে থাকে না।"—মহিষী এ কথা মনে করিয়া রাখিলেন। এক দিন তিনি পদ্মাবতীর কথার সত্যতা পরীক্ষার জন্য তাঁহাকে জয়দেবের আকস্মিক মৃত্যুসংবাদ প্রদান করিলেন। এই নিদারুণ সংবাদ পতিপ্রাণা পদ্মাবতীর কর্ণকুহরে প্রবেশমাত্র তিনি প্রাণত্যাগ করিলেন। মহিষী পদ্মাবতীর অতর্কিত মৃত্যু প্রত্যক্ষ করিয়া এবং নিজেই ইহার কারণ বুঝিয়া হাহাকার শব্দে রোদন করিতে লাগিলেন। মহিষী-প্রমুখাৎ পদ্মাবতীর নিধনসংবাদ শুনিয়া রাজা মহিষীকে যথেষ্ট অনুযোগ করিয়া জয়দেবের নিকটে সাশ্রুনেত্রে পদ্মাবতীকে জীবনদানের জন্য সকাতরে অনুরোধ করিলে সাধকপ্রবর জয়দেব পদ্মাবতীর কর্ণবিবরে শ্রীকৃষ্ণনামামৃত সিঞ্চন করিতে লাগিলেন। শ্রীকৃষ্ণনামের মৃতসঞ্জীবনী মন্ত্রপ্রভাবে দেখিতে দেখিতে পদ্মাবতী নয়ন উন্মীলন করিয়া সংজ্ঞালাভ করিলেন—যেন তিনি নিদ্রাবেশে আবিষ্ট হইয়াছিলেন।

অতঃপর শ্রীবৃন্দাবনধাম দর্শনের জন্য জয়দেবের আগ্রহ হইল। তিনি রাজা ও রাণীর নিকট বিদায় গ্রহণ করিয়া শ্রীরাধামাধববিগ্রহকে কণ্ঠে ধারণ পূর্ব্বক শ্রীবৃন্দাবনধামে যাত্রা করিলেন। শ্রীবৃন্দাবনধামে উপনীত হইয়া জয়দেব কেশিঘাট-তটে ইষ্টমূর্ত্তি প্রতিষ্ঠা করিয়া গীতগোবিন্দগানে সমবেত ভক্তজন-মণ্ডলীকে সম্মোহিত পুলকিত করিতে লাগিলেন। তাঁহার প্রাণস্পর্শী লীলাগান শ্রবণে—তাঁহাদের সুমধুর চারিত্র্যমাধুর্য্যে আকৃষ্ট হইয়া কোন মহাজন কেশীঘাটের উপর মন্দির নির্ম্মাণ করিয়া তাঁহার ইষ্টদেব শ্রীরাধামাধববিগ্রহ প্রতিষ্ঠা করিয়া দিলেন। জয়দেবের তিরোধানের পর জয়পুর-রাজ সেই দিব্যমূর্ত্তি স্থানান্তরিত করিয়া জয়পুরের ঘাটী নামক স্থানে প্রতিষ্ঠা করেন।

শ্রীবৃন্দাবনে দীর্ঘকাল বাস করিয়া জীবনের শেষাবস্থায় নির্জ্জনে সাধনভজন করিবার অভিপ্রায়ে শ্রীজয়দেব স্বীয় জন্মভূমি কেন্দুবিল্ব গ্রামে প্রত্যাগমন পূর্ব্বক ইষ্টচিন্তায় নিমগ্ন হন। তিনি প্রত্যহ গঙ্গাস্নান করিতেন। কেন্দুলী গ্রাম হইতে ১৮ ক্রোশ দূরে গঙ্গা অবস্থিত। জয়দেব

প্রত্যহ ১৮ ক্রোশ হাঁটিয়া গিয়া গঙ্গায় অবগাহন করিতেন। ঘটনাক্রমে এক দিন গঙ্গাস্নানে যাইতে না পারিয়া তিনি বড়ই মনঃক্ষোভে উদ্বিগ্ন হইয়া উঠেন। সাধকের চিত্তক্ষোভ দর্শনে আর্দ্র হইয়া—ভক্তের মনোব্যথা দূর করিবার জন্য মা গঙ্গা কেন্দুবিল্ব গ্রামে কলনাদে প্রবাহিতা হইয়া পূতসলিলে সমগ্র গ্রাম পবিত্র করিলেন। জয়দেব সে মন্দাকিনী-প্রবাহে স্নাত হইয়া জীবন ধন্য জ্ঞান করিলেন। স্বীয় জন্মভূমিতেই জয়দেবের সাধনলীলার পরিসমাপ্তি ঘটে। তাঁহার পবিত্র স্মৃতির স্মরণার্থ ও সম্মানার্থ এখনও পর্য্যন্ত এই স্থানে প্রতি বর্ষে মাঘ-সংক্রান্তির দিন শ্রীজয়দেবের মেলার অনুষ্ঠান হয়; অসংখ্য ভক্ত বৈষ্ণব সমবেত হইয়া জয়দেবের পুণ্যগাথা-গানে গগন-পবন মুখরিত করেন।

ইহাই জয়দেবের ভক্তি-উচ্ছ্বসিত সাধনাসমুজ্জ্বল অলৌকিক সংক্ষিপ্ত জীবনী। শুদ্ধা ভক্তি—আত্মশক্তির উপর বিশ্বাস না করিয়া শ্রীভগবানের চরণসরোজে আত্মনিবেদিতপ্রাণ হইলে—সর্ব্বজীবে সমকরুণার আলয় হইলে মানব সাধনাপ্রভাবে যে জগজ্জনকল্যাণ করিতে পারে, এই অলৌকিক জীবনী তাহার মূর্ত্ত আদর্শ।

প্রথমঃ সর্গঃ

(সামোদদামোদরঃ

মেঘৈর্মেদুরমম্বরং বনভুবঃ শ্যামাস্তমালদ্রুমৈ-
র্নক্তং ভীরুরয়ং ত্বমেব তদিমং রাধে গৃহং প্রাপয় ।
ইত্থং নন্দনিদেশতশ্চলিতয়োঃ প্রত্যধ্বকুঞ্জদ্রুমং,
রাধামাধবয়োর্জয়ন্তি যমুনাকূলে রহঃ-কেলয়ঃ ॥ ১ ॥

শ্রীচৈতন্যকৃপাশীধুকণোন্মত্তেন কেনচিৎ ।
টীকা সংগৃহ্যতে গীতগোবিন্দস্য সমাসতঃ ॥
স্বয়ং বোদ্ধুমভিপ্রায়ং জয়দেবমহামতেঃ ।
ক্রমেণোপক্রমাদেষা গ্রথ্যতে বালবোধিনী ॥ *

অথ শ্রীরাধামাধবয়োর্বিজন-কেলি-বর্ণনময়ং শ্রীগীতগোবিন্দাখ্যং প্রবন্ধমারভমাণস্তত্র চ তয়োঃ সর্ব্বোত্তমতাং নিশ্চিন্বানঃ শ্রীমান্ জয়দেব-নামা কবিরাজস্তমাল-বন-তমঃপুঞ্জ-কুঞ্জসদনাদ্বহিঃ স্থিতয়োস্তত্র প্রবেশায় গদিত-শ্রীরাধিকাসখীবচনমনুস্মরংস্তদেব মঙ্গলমাচরতি। তদ্বর্ণন-ময়ত্বাৎ প্রবন্ধোঽয়ং মঙ্গলরূপ ইতি বিজ্ঞাপয়তি মেঘৈরিতি।

"হে রাধিকে! নভোমণ্ডল নিবিড় জলদজালে সমাবৃত হইয়া উঠিল,

শ্রীরাধামাধবয়ো রহঃ-কেলয়ো জয়ন্তি সর্ব্বোৎকর্ষেণ বর্ত্তন্তে। শ্রীকৃষ্ণস্য স্বয়ং ভগবত্ত্বেন সর্ব্বাবতারেভ্যঃ শ্রেষ্ঠত্বাৎ শ্রীরাধিকায়াঃ সর্ব্বলক্ষ্মীময়ীত্বেনাস্য সর্ব্বপ্রেয়সীভ্যঃ শ্রৈষ্ঠ্যাচ্চ। যথোক্তং শ্রীসূতেন,—এতে চাংশকলাঃ পুংসঃ কৃষ্ণস্তু ভগবান্ স্বয়মিতি। তথা চ বৃহদ্গৌতমীয়ে—দেবী কৃষ্ণময়ী প্রোক্তা রাধিকা পরদেবতা। সর্ব্বলক্ষ্মীময়ী সর্ব্বকান্তিঃ-সংমোহিনী পরেতি। অতএবামুং মনোজ্ঞমং বিঘ্নান্ বিধূয় সংপাদয়ন্তি-ত্যর্থঃ। ভগবতঃ স্বরূপশক্তিবিশেষত্বাৎ কেলীনাং জয়কর্তৃত্বং যুক্তমেব। উৎকর্ষপ্রতিপত্তিরেব জয়তেরর্থঃ। সর্ব্বোৎকর্ষপ্রতিপত্ত্যাবকর্ম্মকঃ যথা জয়তি রঘুবংশতিলক ইতি। ক জয়ন্তি? যমুনাকূলে। কিং লক্ষ্যীকৃত্য?—প্রত্যধ্বকুঞ্জদ্রুমন্তং লক্ষ্যীকৃত্য তত্রেত্যর্থঃ। কীদৃশয়োঃ?—ইত্থমনেন প্রকারেণ নন্দয়তীতি নন্দঃ, স চাসৌ নিদেশশ্চেতি সঃ নন্দনিদেশঃ শ্রীরাধিকায়াঃ সখীবচনং তস্মাচ্চলিতয়োঃ। নিদেশমাহ,—হে রাধে! যতোঽসৌ নক্তং পূর্ব্বরাত্রৌ ত্বাং বিহায়ান্যাভিঃ কৃতনৃত্যগীতাদ্য-পরাধতয়া ভীরুঃ ভীতঃ ত্বৎকৃতবহুনায়িকাবল্লভতারোপণাশঙ্কী তস্মাত্ত্ব-মেবেমং ত্বন্নিমিত্তানুভূতমর্ম্মব্যথং শ্রীকৃষ্ণং গৃহং মঞ্জুতরেত্যাদি বক্ষ্যমাণং কেলিসদনং প্রাপয়, পুরঃ কেলিসদনমনুসরন্তী এতস্য কেলিসদনপ্রাপ্তা-বনুকূলা ভবেতি। অথবা ত্বমেবেমং গৃহং প্রাপয় গৃহস্থং কুরু, ত্বয়ৈবায়ং গৃহিণীমানস্বিত্যর্থঃ। এবকারেণ সমবধারণেন অস্যৈব ভার্য্যা ভবিতুং রুক্মিণ্যর্হতি নাপরেতি কুণ্ডিনবাসিজনানাং রুক্মিণীদেবীং প্রতি আশীর্ব্বচনং, ত্বমেব অস্য ভার্য্যা ভবেত্যাশীঃ সূচিতা। 'ন গৃহং গৃহমিত্যাহুর্গৃহিণী

বনভূভাগও শ্যামল তমালতরুনিকরে অন্ধকারময়, শ্রীকৃষ্ণ অতীব ভয়শীল, নিশাভাগে একাকী গমনে সমর্থ হইবেন না; সুতরাং তুমি

গৃহমুচ্যতে ইত্যুক্তেঃ। জ্যোৎস্নাবত্যামস্যাং জনাকুলায়াং ময়া কথমসৌ প্রবেশনীয়স্তত্র সময়ানুকূল্যমাহ। মেঘৈরম্বরমাকাশং মেদুরং স্নিগ্ধম্ আচ্ছাদিতমিত্যর্থঃ। অস্য প্রিয়ামিলনেচ্ছোদ্ভূতমেঘাবৃতশ্চন্দ্র ইত্যর্থঃ। বনভুবস্তমালদ্রুমৈঃ শ্যামাঃ নিবিড়ান্ধকারৈর্ন লক্ষিতাঃ ততোহত্র ন কাপি শঙ্কেত্যর্থঃ। এতদনন্তরমেবৈতল্লীলাবসরে সাপীদং বক্ষ্যতি অক্ষ্যো-নিক্ষিপদঞ্জনমিত্যাদিনা। ততো বিশন্ বনং চন্দ্রজ্যোৎস্না যাবদ্বিভা-ব্যতে। তমঃ প্রবিষ্টমালক্ষ্য ততো নিববৃতুঃ স্ত্রিয় ইতি শ্রীশুকোক্তিরিয়ম্। জয়ত্যর্থেন নমস্কার আক্ষিপ্যতে ইতি কাব্যপ্রকাশোক্তের্নমস্ক্রিয়া সূচিতা। শ্রীরাধামাধবয়ো রহঃ-কেলয়োঽত্র প্রতিপাদ্যাঃ। অতো বস্তু-নির্দ্দেশোঽপি। এবং পক্ষত্রয়প্রতিপাদনৈর্মহাকাব্যত্বমুক্তং যথা কাব্যা-দর্শে—সর্গবন্ধো মহাকাব্যমুচ্যতে তস্য লক্ষণম্। আশীর্নমস্ক্রিয়া বস্তু-নির্দ্দেশো বাপি তন্মুখমিতি। রাধামাধবয়োরিত্যনেন তয়োরন্যোন্যাব্যভি-চারিবিদ্যোতমানতা সূচিতা। যথোক্তং ঋক্পরিশিষ্টে—রাধয়া মাধবো দেবো মাধবেনৈব রাধিকা ইত্যাদি। রাধামাধবয়োরিত্যত্র সমাসেন তয়োঃ পরস্পরবিদ্যোতমানতা ব্যজ্যতে। শৃঙ্গাররসপ্রধানং হি কাব্যং, শৃঙ্গাররসে স্ত্রিয়া এব প্রাধান্যম্ ইতি শ্রীরাধায়াঃ প্রাঙ্ নির্দ্দেশঃ॥ ১॥

ইঁহাকে আপনার সমভিব্যাহারে লইয়া গমন কর।" নন্দকর্তৃক এই-রূপে অনুজ্ঞপ্ত হইয়া বৃষভানুনন্দিনী শ্রীমতী রাধাসতী হঁরি সমভি-ব্যাহারে পথপ্রান্তবর্ত্তী কুঞ্জতরুর অভিমুখে প্রস্থান করিলেন এবং কালিন্দী-কূলে সমুপস্থিত হইয়া বিরলে (মনসুখে) কেলি করিতে প্রবৃত্ত হইলেন। তাঁহাদিগের সেই গুপ্তকেলি ভগবদ্‌ভক্তিপরায়ণ মহাত্মগণের হৃদয়-মন্দিরে প্রস্ফুরিত হইয়া জয়লাভ করুক॥ ১॥

বাগ্দেবতা চরিত চিত্রিত চিত্তসদ্মা,
পদ্মাবতীচরণচারণচক্রবর্ত্তী
শ্রীবাসুদেবরতিকেলিকথাসমেত-
মেতং করোতি জয়দেবকবিঃ প্রবন্ধম ॥ ২

এবমাদ্যৈকপদ্য-সূচিতকেলিস্ফুরণোপস্থাপিতানন্দ-পূরপ্লাবিতান্তঃকরণ-তয়া উদ্যৎকারুণ্যেনাধুনিকভক্তজনানুগ্রহপরবশঃ সন্ কবিরেতদ্ব্যক্তীকরণায় প্রবন্ধেনানুসংদধদাত্মনস্তৎসামর্থ্যং সমর্থয়ন্নাহ বাগ্দেবতেতি। জয়ং সর্ব্বোৎকৃষ্টং শ্রীকৃষ্ণং দেবয়তি দ্যোতয়তি স্বভক্ত্যা প্রকাশয়তীতি জয়-দেবঃ অতঃ স এব কবিস্তদ্বর্ণনকৃতী এতৎ শ্রীগীতগোবিন্দাখ্যং প্রবন্ধং প্রকর্ষেণ বিধ্যতে শ্রোতৃণাং হৃদয়মস্মিন্নিতি প্রবন্ধস্তং করোতি প্রকাশ-য়তি। শ্রোতৃহৃদয়বন্ধনশক্তিরস্য কথং স্যাৎ, অত আহ,—শ্রীরত্র রাধা বসুবংশেন দিব্যতীতি বসুদেবো হি শ্রীনন্দঃ দ্রোণো বসূনাং প্রবর ইত্যুক্তেঃ তস্যাপত্যং বাসুদেবঃ শ্রীকৃষ্ণস্তয়োর্যাঃ রতিকেলিকথাস্তাভিঃ সহিতং তল্লীলাবিশেষবর্ণনরূপমিত্যর্থঃ। এবঞ্চৈতৎ কথময়ং কর্ত্তুং শক্নু-য়াদত আহ বাচাং বক্তব্যত্বেনোপস্থিতানাং তৎকেলিময়ীনাং দেবতা বক্তা প্রবর্ত্তকশ্চ শ্রীকৃষ্ণস্তচ্চরিতেন চিত্ররূপেণ লিখিতং চিত্তরূপং সদ্ম মনো গৃহং যস্য সঃ ইন্দ্রিয়শক্তির্দেবতাধীনা নিজেষ্টদৈবতং বাগ্দেবতাত্বেন রূপিতমতএব তৎকর্ত্তৃকত্বং, তত্রৈব পর্য্যবস্যেৎ; তথা চ চিত্তস্য ফলকত্বেন চরিত্রস্য চিত্রবিশেষত্বনিরূপণাদ্ যথা চিত্রবিশেষঃ ফলকমধিষ্ঠায় স্বয়মেব প্রকাশয়তি তথাত্রাপীত্যর্থঃ। এবং বাচাং মনসশ্চ মাধবপরতোক্তা। এতাবতাপি কথং তচ্ছক্তিরতঃ কায়িকবৃত্তেঃ শ্রীরাধিকাপরত্বমাহ। পদ্মং বিদ্যতে করে যস্যাঃ সা পদ্মাবতী শ্রীরাধা শরাবত্যাদীনামিত্যাদি গ্রহণা-

---

যাঁহার চিত্তমন্দির হরির চরিত-চিত্রে সমঙ্কিত, যিনি শ্রীরাধিকার

যদি হরিস্মরণে সরসং মনো,
যদি বিলাসকলাসু কুতূহলম্।
মধুরকোমলকান্তপদাবলীং,
শৃণু তদা জয়দেবসরস্বতীম্॥ ৩

দ্দীর্ঘঃ তস্যাশ্চরণয়োর্নিমিত্তভূতয়োরেব চারণচক্রবর্ত্তী নর্ত্তকশ্রেষ্ঠঃ নৃত্যাদিনা সদা তদারাধনতৎপর ইত্যর্থঃ। অনেন তৎপ্রধানোপাসনাস্যনো দর্শিতা ॥ ২ ॥

এবমাত্মনস্তদযোগ্যতামাপাদ্য সিদ্ধেঽপি প্রতিজ্ঞাতেঽর্থে চিত্তবিনোদকত্বাভাবাৎ কদাচিন্মন্দজনাঃ শ্রদ্ধা ন দধ্যুরিত্যধিকারিণোঽপি নিশ্চিন্বন্নাহ যদীতি। ভো ভক্তজন! যদি হরিস্মরণে শ্রীকৃষ্ণানুচিন্তনে মনঃ সরসং স্নিগ্ধং, যদি সবিলাসস্য রাসকুঞ্জাদিলীলায়াঃ কলাসু বৈদগ্ধীচারুচেষ্টাসু কুতূহলং কৌতুকমস্তি, তদা জয়দেবকবেঃ সরস্বতীং বাণীং শৃণু। কীদৃশ্যসৌ? যস্যা এবাধিকারিণোঽপি নিশ্চনোষীত্যাহ শৃঙ্গাররসপ্রাধান্যান্মধুরা ঝটিত্যর্থাবগতেঃ কোমলা গেয়ত্বাৎ কান্তা কমনীয়পদা পদাবলী পদশ্রেণী যস্যাস্তাম্। এভিঃ পদ্যৈঃ সম্বন্ধাভিধেয়-প্রয়োজনাধিকারিণোঽপি দর্শিতাঃ। রাধামাধবয়ো রহঃকেলয়োঽত্রাভিধেয়াঃ প্রতিপাদ্যপ্রতিপাদকভাবঃ সম্বন্ধঃ। তৎকেলীনামনুমোদনজনিতানন্দানুভবঃ প্রয়োজনং এতদ্রসভাবিতান্তঃকরণোঽধিকারী ॥ ৩॥

পাদপদ্মসেবনে নিরত, সেই মহাকবি নর্ত্তকপ্রবর জয়দেব শ্রীহরির রতিকেলিকথা-সম্বন্ধীয় এই গীতগোবিন্দনামক প্রবন্ধ রচনা করিতেছেন ॥ ২ ॥

হে ভক্তজন! যদি শ্রীকৃষ্ণস্মরণে চিত্ত রসপূর্ণ করিতে ইচ্ছা হয়, যদি বিলাসকলা-শিক্ষায় কৌতূহল বিদ্যমান থাকে, তাহা হইলে যাহা মধুর, কোমল ও রমণীয় পদাবলীতে গ্রথিত, সেই জয়দেবভারতী আকর্ণন কর ॥৩॥

বাচঃ পল্লবয়ত্যুমাপতিধরঃ সন্দর্ভশুদ্ধিং গিরাং,
জানীতে জয়দেব এব শরণঃ শ্লাঘ্যো দুরূহদ্রুতে।
শৃঙ্গারোত্তরসৎপ্রমেয়রচনৈরাচার্য্যগোবর্দ্ধনঃ,
স্পর্দ্ধী কোঽপি ন বিশ্রুতঃ শ্রুতিধরো ধোয়ী কবিক্ষ্মাপতিঃ ॥ ৪

অথৈতদাবেশেনৈবান্যত্র প্রাকৃতবর্ণনপ্রায়তামালোক্যাত্মনঃ প্রৌঢ়িমাবিষ্কুর্ব্বন্নাহ বাচ ইতি। উমাপতিধরনামা কবিঃ বাচঃ পল্লবয়তি বিস্তারয়তি মাত্রং, ন তু কাব্যগুণযুক্তাঃ করোতি; পল্লবগ্রাহিতা দোষোঽস্য। শরণনামা কবিঃ দুরূহস্য দুর্জ্ঞেয়স্য কাব্যস্য দ্রুতে শীঘ্ররচনে শ্লাঘ্যঃ, ন তু প্রসাদাদিগুণযুক্তে। শৃঙ্গার এবোত্তরঃ শ্রেষ্ঠো যত্র তস্য সৎপ্রমেয়স্য সামান্যনায়কনায়িকাপ্রায়বর্ণনস্য রচনৈরাচার্য্যগোবর্দ্ধনস্য স্পর্দ্ধাবান্ কোঽপি ন বিশ্রুতঃ, ন রসান্তরবর্ণনৈঃ। ধোয়ীনামা কবিরাজঃ শ্রুতিধরঃ প্রসিদ্ধঃ শ্রবণমাত্রেণ গ্রন্থাধিকারী, ন তু স্বয়ং কবিতয়া। গিরাং শুদ্ধিং শোধনপ্রকারং জয়দেব এব জানীতে, কেবলভগবদ্গুণবর্ণনরূপং তদ্বাগ্বিসর্গো জনতাঘবিপ্লব ইত্যুক্তেঃ। অথবা দৈন্যোক্তিরিয়ং, যথা গিরাং সন্দর্ভশুদ্ধিং কিং জয়দেব এব জানীতে ন জানীত এব। যত্র উমাপতিধরঃ বাচঃ পল্লবয়তি, শরণো দুরূহদ্রুতে শ্লাঘ্যঃ, গোবর্দ্ধনাচার্য্যস্য তুল্যো নাস্ত্যেব, ধোয়ী তু

কবিশ্রেষ্ঠ উমাপতি বাক্য পল্লবিত করিতে সুদক্ষ; কঠিন পদবিন্যাসে ও দ্রুতলিখনে শরণের প্রশংসা সর্ব্বত্র বিখ্যাত; আদিরসাত্মক ক্ষুদ্র ক্ষুদ্র সৎকবিতা-রচনায় গোবর্দ্ধনাচার্য্যের সদৃশ অন্য কাহাকেও লক্ষিত হয় না, কবিরাজ ধোয়ীর শ্রুতিধরতা সর্ব্বত্র প্রসিদ্ধ;

(গীতম্)

(মালব-গৌড়রাগেণ রূপকতালেন চ গীয়তে)

প্রলয়পয়োধিজলে ধৃতবানসি বেদং,
বিহিতবহিত্রচরিত্রমখেদম্ ।
কেশব ধৃতমীনশরীর,
জয় জগদীশ হরে ॥ ৫ ॥ (ধ্রুবম্)

কবীনাং রাজা শ্রুতিধরশ্চ। যদ্যপি স্বয়ং দৈন্যেনৈবমুক্তং তথাপি সরস্বতী পূর্ব্বার্থমেব প্রমাণয়তি ॥ ৪ ॥

অথ তৎকেলীনাং সর্ব্বোৎকর্ষপ্রতিপাদনায়াদৌ সর্ব্বরসাশ্রয়স্য শ্রীকৃষ্ণস্য মৎস্যাদ্যবতারত্বেন সর্ব্বরসাধিষ্ঠাতুরখিলনায়কশিরোরত্নতাং প্রতিপাদয়ন্ সর্ব্বোৎকর্ষাবির্ভাবনং প্রার্থয়তি প্রলয়েত্যাদিনা বসন্তে বাসন্তীত্যন্তেন। কেশব ইতি কেশিদৈত্যনিসূদন শ্রীকৃষ্ণ। জয় সর্ব্বোৎ-কর্ষমাবিষ্কুরু, তদাবিষ্করণসামর্থ্যে হেতুঃ। হে জগদীশ! জগতাং ঈশ! তথাবিধত্বেঽপি কারুণ্যমাহ। হরে হরতি ভক্তানামশেষক্লেশমিতি হরিঃ। হে তথাবিধ! তৎক্লেশহরত্বং তদেকপ্রয়োজনমাত্রাবতারত্বেন প্রতিপাদ-য়তি। তত্রাদৌ মীনরূপেণ নৌকারূপপৃথিব্যাকর্ষণেনাহ প্রলয়েতি। ধৃতং স্বেচ্ছয়াবিষ্কৃতং মৎস্যাকারং শরীরং যেন হে তথাবিধ! জয়। জয় জগদীশ হরে ইত্যেব ধ্রুবপদং প্রতিপদমনুবর্ত্তমানত্বাৎ। তদাকর্ষণপ্রকার-মাহ।—প্রলয়কালীনা যে সমুদ্রাস্তেষামেকীভূতে জলে মগ্নং বেদং অখেদং

কিন্তু সর্ব্বভাবগর্ভ, সর্ব্বরসাত্মক গ্রন্থরচনায় একমাত্র কবিশ্রেষ্ঠ জয়দেবই সমর্থ সন্দেহ নাই ॥ ৪ ॥

হে কেশব! হে মীনদেহধারিন্! হে জগদীশ! হে হরে! প্রলয়সময়ে বেদত্রয় সাগর-গর্ভে নিমগ্ন হইলে তুমিই মীনরূপে নৌকার ন্যায়

ক্ষিতিরতিবিপুলতরে তিষ্ঠতি তব পৃষ্ঠে,
ধরণিধারণকিণচক্রগরিষ্ঠে ।
কেশব ধৃতকচ্ছপরূপ (কূর্ম্মশরীর),
জয় জগদীশ হরে ॥ ৬ ॥

যথা স্যাত্তথা ধৃতবানসি। তৎপ্রকারমাহ।—কৃতং নৌকায়াশ্চরিত্রং যত্র তৎ ইত্যপি ক্রিয়াবিশেষণং, সত্যব্রতং প্রলয়ক্লেশাদপাদিত্যর্থঃ। অনেনৈব মীনস্য বীভৎসরসাধিষ্ঠাতৃত্বং বিজ্ঞাপিতম্ ॥ ৫ ॥

ন কেবলং তদাকর্ষণমাত্রেণ অপি তু তদ্ধারণপূর্ব্বকস্থিত্যাপীত্যাহ ক্ষিতিরিতি। সর্ব্বত্র পূর্ব্ববন্মুখবন্ধযোজনা। হে ধৃতকচ্ছপরূপ! তব পৃষ্ঠে ক্ষিতিস্তিষ্ঠতি। নমু পঞ্চাশৎকোটিযোজনবিস্তীর্ণা কথং মম পৃষ্ঠে স্থিতা ইত্যাহ।—অতিশয়নে বিপুলতরে পৃথিব্যাপেক্ষয়াপ্যধিকবিস্তীর্ণে। পুনঃ কীদৃশে?—ধরণ্যাঃ ধারণেন যৎ কিণচক্রং শুষ্কব্রণসমূহস্তেন কঠিনে। অনেন কূর্ম্মস্যাদ্ভুতরসাধিষ্ঠাতৃত্বং বিজ্ঞাপিতম্ ॥ ৬ ॥

সম্যক্‌রূপে সেই বেদের রক্ষাবিধান করিয়াছিলে; তুমি জয়যুক্ত হও ॥ ৫ ॥

হে কেশব! হে কূর্ম্মরূপধারিন্! হে জগদীশ! হে হরে! দ্বিতীয়াবতারসময়ে বসুমতী তোমার বিশালতর পৃষ্ঠদেশে অধিষ্ঠিত হইয়া পরিত্রাণ প্রাপ্ত হইয়াছিলেন। সেই সময় তোমার পৃষ্ঠদেশ পৃথিবীধারণে ব্রণাঙ্কিত হওয়াতে অধিকতর গৌরবান্বিত হইয়াছিল; তুমি জয়যুক্ত হও ॥ ৬ ॥

প্রথমঃ সর্গঃ

বসতি দশনশিখরে ধরণী তব লগ্না,
শশিনি কলঙ্ককলেব নিমগ্না।
কেশব ধৃতশূকররূপ,
জয় জগদীশ হরে ॥ ৭ ॥
তব করকমলবরে নখমদ্ভুতশৃঙ্গং,
দলিতহিরণ্যকশিপুতনুভৃঙ্গম্।
কেশব ধৃতনরহরিরূপ,
জয় জগদীশ হরে ॥ ৮

ন চৈতাবতৈবোদ্বহনপূর্ব্বোদ্গমনেনাপীত্যাহ। হে ধৃতশূকররূপ! তব দন্তাগ্রে ধরণী লোকধারণকর্ত্র্যপি লগ্না বসতি। কুত্র কেব?—শশিনি চন্দ্রে নিমগ্না কলঙ্কস্য কলেব। অত্র দশনস্য বালচন্দ্রেণোপমা ধরণ্যাঃ কলঙ্ককলয়া, অতএব নিমগ্নশব্দস্য উপাদানম্। অনেনৈব বরাহস্য ভয়ানকরসাধিষ্ঠাতৃত্বং বিজ্ঞাপিতম্ ॥ ৭ ॥

নাত্মনঃ ক্লেশসহনমাত্রেণ পরপীড়য়াপীত্যাহ। হে ধৃতনরহরিরূপ! তব করকমলবরে নখমস্তি। কীদৃশম্?—অদ্ভুতম্ আশ্চর্য্যং শৃঙ্গমগ্রভাগো যস্য তাদৃশম্। অদ্ভুতত্বমেবাহ।—বিদারিতো হিরণ্যকশিপোর্দৈত্যস্য তনুরূপভৃঙ্গো যেন তৎ। অন্যদ্ধি কমলাগ্রং ভৃঙ্গেণ দল্যতে ইদন্তু

হে কেশব! হে শূকররূপধারিন্! হে জগদীশ! তৃতীয়াবতারে ধরণী-দেবী তোমার বিমল-দন্তাগ্রকোটিতে সংলগ্ন হইয়া শশধরে কলঙ্করেখার ন্যায় বিরাজিত হইয়াছিলেন; হে হরে! তুমি জয়যুক্ত হও ॥ ৭ ॥

হে কেশব! হে নরসিংহরূপধারিন্! হে জগদীশ! ভ্রমরেরা পদ্মের অগ্রভাগ ভেদ করিয়া থাকে; কিন্তু তোমার করপদ্মে নখরূপ অত্যদ্ভুত

ছলয়সি বিক্রমণে বলিমদ্ভুতবামন,
পদনখনীরজনিতজনপাবন।
কেশব ধৃতবামনরূপ,
জয় জগদীশ হরে ॥ ৯ ॥
ক্ষত্রিয়রুধিরময়ে জগদপগতপাপং,
স্নপয়সি পয়সি শমিতভবতাপম্।
কেশব ধৃতভৃগুপতিরূপ,
জয় জগদীশ হরে ॥ ১০ ॥

কমলাগ্রং ভৃঙ্গং ব্যদালীদিত্যদ্ভুতশৃঙ্গত্বং নখস্যেত্যর্থঃ। অনেনৈব শ্রীনৃসিংহস্য বৎসলরসাধিষ্ঠাতৃত্বং বিজ্ঞাপিতম্ ॥ ৮ ॥

অপিচ কপটদৈন্যাদিনাপীত্যাহ। হে ধৃতবামনরূপ! হে অদ্ভুতবামনরূপ! বিক্রমণে পাদাক্রমণনিমিত্তমুপাদায় বলিং ছলয়সি বঞ্চয়সি। পদনখনীরেণ জনিতং জনানাং পাবিত্র্যং যেন হে তাদৃশ! জয় এতদদ্ভুতত্বম্। অনেনৈব বামনস্য সখ্যরসাধিষ্ঠাতৃত্বং বিজ্ঞাপিতম্ ॥ ৯ ॥

ন সকৃন্মাত্রপরপীড়য়া অসকৃত্তৎপীড়য়াপীত্যাহ। হে ভৃগুপতিরূপ! ক্ষত্রিয়াণাং যদ্রুধিরং তন্ময়ে পয়সি জলে জলরূপে কুরুক্ষেত্রস্থতীর্থে জগৎ

শৃঙ্গাগ্রভাগ প্রকাশিত হইয়া হিরণ্যকশিপুর দেহরূপ ভ্রমরকে বিদীর্ণ করত অদ্ভুত গুণ প্রকাশ করিয়াছিল; হে হরে! তুমি জয়যুক্ত হও ॥ ৮ ॥

হে কেশব! হে বামনাবতার! হে জগদীশ! ত্বদীয় চরণনখাগ্র হইতে বিনিঃসৃত জলে বিশ্বসংসার পবিত্রভাব ধারণ করিয়াছে, তুমি বামনরূপী হইয়া ত্রিপাদ দ্বারা জগৎ আক্রমণপূর্ব্বক দৈত্যনাথ বলিকে ছলনা করিয়াছিলে; হে হরে! তুমি জয়যুক্ত হও ॥ ৯ ॥

হে কেশব! হে ভৃগুরামাবতার! হে জগদীশ! তুমি পিতৃবধজনিত

বিতরসি দিক্ষু রণে দিক্‌পতিকমনীয়ং,
দশমুখমৌলিবলিং রমণীয়ম্।
কেশব ধৃতরামশরীর,
জয় জগদীশ হরে ॥ ১১ ॥

প্রাণিমাত্রং অপগতপাপং যথা স্যাত্তথা স্নপয়সি। কীদৃশম্?—তেন স্নপনেন শমিতঃ সংসারতাপো যস্য তাদৃশঃ। তৎস্নানেন পাপক্ষয়াৎ জ্ঞানোৎপত্ত্যা ভবতাপশান্তিরিত্যর্থঃ। অনেনৈব পরশুরামস্য রৌদ্ররসাধিষ্ঠাতৃত্বং বিজ্ঞাপিতম্। ১০॥

ন চৈতাবতা প্রিয়াবিয়োগাদিদুঃখসহনেনাপীত্যাহ। হে ধৃতরঘুপতিরূপ! সংগ্রামে দশসু দিক্ষু রাবণস্য যে মস্তকাস্ত এবোপহারস্তং দদাসি। কিমত্যচেতনাসু দিক্ষু বলিদানং দিশাং পতীনামিন্দ্রাদীনামভীষ্টং তৈরপি কথং স বলিঃ কাঙ্ক্ষ্যতে, রমণীয়ং পরোদ্বেজকস্য রাবণস্য মৌলিবলিস্তেষাং রতিজনক ইত্যর্থঃ। অনেনৈব শ্রীরামস্য করুণরসাধিষ্ঠাতৃত্বং বিজ্ঞাপিতম্॥ ১১॥

ক্রোধভরে অন্ধ হইয়া ক্ষত্রিয়-রুধিরে বসুমতীকে অভিষিক্ত করিয়া ব্রহ্মাণ্ডের পাপতাপ হরণ করিয়াছিলে; হে হরে! তুমি জয়যুক্ত হও॥ ১০॥

হে কেশব! হে রামাবতার! হে জগদীশ! তুমি দশাননসংহারকালে দশদিক্‌পালকুলের চিরবাঞ্ছিত রাক্ষসরাজের দশমুণ্ড বলিরূপে প্রদান করিয়াছিলে; হে হরে! তুমি জয়যুক্ত হও॥ ১১॥

বহসি বপুষি বিশদে বসনং জলদাভং,
হলহতিভীতিমিলিতযমুনাভম্ ।
কেশব ধৃতহলধররূপ,
জয় জগদীশ হরে ॥ ১২ ॥
নিন্দসি যজ্ঞবিধেরহহ শ্রুতিজাতং,
সদয়হৃদয়দর্শিতপশুঘাতম্ ।
কেশব ধৃতবুদ্ধশরীর,
জয় জগদীশ হরে ॥ ১৩ ॥

নৈতাবন্মাত্রং স্বপ্রেয়সী-শ্রমরূপ-ক্লেশাপনোদনায়াত্মভক্তযমুনাকর্ষণাদিনা-প্যাহ। হে ধৃতহলধররূপ! ত্বং শুভ্রে বপুষি জলদবন্নীলং বসনং ধারয়সি। তত্রোৎপ্রেক্ষ্যতে,—হলেন হতের্হননং তদ্ভীত্যা মিলিতা যমুনা তদ্বদাভা যস্য তৎ। অনেনৈব শ্রীহলধরস্য হাস্যরসাধিষ্ঠাতৃত্বং বিজ্ঞাপিতম্ ॥ ১২ ॥

কিঞ্চ নিজাজ্ঞারূপবেদবিরুদ্ধবাদপ্রবর্ত্তনেনাপীত্যাহ। ত্বং যজ্ঞবিধের্যজ্ঞবিধায়কবেদবাক্যসমূহং নিন্দসীত্যহহেত্যদ্ভুতং স্বয়ং বেদান্ প্রকাশ্য স্বয়মেব নিন্দসীত্যদ্ভুতম্। তৎপ্রকারমাহ।— দর্শিতঃ পশূনাং ঘাতো যত্র তদ্‌যথা স্যাত্তথা কথং নিন্দসীত্যাহ। পশুষু সদয়ং হৃদয়ং যস্য হে

হে কেশব! হে বলদেবরূপিন্! হে জগদীশ! তুমি বলরামরূপে জলদশ্যামল নীলাম্বর ধারণপূর্ব্বক হলাকর্ষণভয়ে সঙ্কুচিতা কালিন্দীর ন্যায় শোভা ধারণ করিয়াছিলে; হে হরে! তুমি জয়যুক্ত হও ॥ ১২ ;

হে কেশব! হে বুদ্ধশরীরধর! হে জগদীশ! পশুবধদর্শনে তোমার সকরুণ কোমল হৃদয় আর্দ্রীভূত হইলে তুমি হিংসার দোষপ্রদর্শনপূর্ব্বক

ম্লেচ্ছনিবহনিধনে কলয়সি করবালং,
ধূমকেতুমিব কিমপি করালম্।
কেশব ধৃতকল্কিশরীর,
জয় জগদীশ হরে ॥ ১৪ ॥
শ্রীজয়দেবকবেরিদমুদিতমুদারং,
শৃণু শুভদং সুখদং ভবসারম্।
কেশব ধৃতদশবিধরূপ,
জয় জগদীশ হরে ॥ ১৫ ॥

তাদৃশ অহিংসা পরমো ধর্ম্ম ইত্যাদিনা দৈত্যমোহনায় পশুষু দয়াসহিত ইত্যর্থঃ। অহেঃ পয়ঃ পোষ ইব দৈত্যানাং যজ্ঞকরণমনুচিতমিতি তন্মোহনং যুক্তমিত্যর্থঃ। অনেনৈব বুদ্ধস্য শান্তরসাধিষ্ঠাতৃত্বং বিজ্ঞাপিতম্ ॥ ১৩ ॥

বুদ্ধধর্ম্মং বিনা প্রাণিবধেনাপীত্যাহ। হে ধৃতকল্কিশরীর! ত্বং ম্লেচ্ছনিবহস্য নাশনিমিত্তং করবালং খড়্গং কলয়সি, কলিহল্যোঃ কামধেনুত্বাদ্ধারয়সি। কীদৃশম্?—কিমপি অনির্ব্বচনীয়ং অতিশয়মিত্যর্থঃ। করালং ভয়ঙ্করম্। কমিব?—ধূমকেতুনামা য ঔৎপাতিকো গ্রহস্তমিব। অনেনৈব কল্কিনো বীররসাধিষ্ঠাতৃত্বং বিজ্ঞাপিতম্ ॥ ১৪ ॥

এবং প্রত্যেকাঙ্গরসাধিষ্ঠাতৃপুরস্কারেণ নিবেদ্য সমুদিতাঙ্গরসাধিষ্ঠাতৃ-

---

যজ্ঞবিধানপ্রবর্ত্তক বেদের অপবাদ দিয়াছিলে; হে হরে! তুমি জয়যুক্ত হও ॥ ১৩ ॥

হে কেশব! হে কল্কিরূপিন্! হে জগদীশ! তুমি যুগাবসানে ম্লেচ্ছকুলের সংহারার্থ ধূমকেতুর ন্যায় আবির্ভূত হইয়া করকমলে ভীষণদর্শন অসি ধারণ করিবে; হে হরে! তুমি জয়যুক্ত হও ॥ ১৪ ॥

হে কেশব! হে দশাবতারধারিন্! হে জগদীশ! কবিশ্রেষ্ঠ শ্রীজয়দেব

বেদানুদ্ধরতে জগন্তি বহতে ভূগোলমুদ্বিভ্রতে,
দৈত্যান্ দারয়তে বলিং ছলয়তে ক্ষত্রক্ষয়ং কুর্ব্বতে।
পৌলস্ত্যং জয়তে হলং কলয়তে কারুণ্যমাতন্বতে,
ম্লেচ্ছান্ মূর্চ্ছয়তে দশাকৃতিকৃতে কৃষ্ণায় তুভ্যং নমঃ॥ ১৬॥

পুরস্কারেণ নিবেদয়তি। হে দশাবিধরূপ শ্রীকৃষ্ণ! জয়। জয়দেবকবের্ময়েদমুদিতং শৃণু। কীদৃশম্?—শুভদং জগন্মঙ্গলপ্রদম্। যতো ভবস্ত জন্মনঃ ত্বদবতারাণাং সারং রহস্যং যত্র তৎ, অতএবোদারং পরমং মহৎ সুখদং পরমানন্দপ্রদং জন্ম গুহ্যমিতি শ্রীসূতোক্তেঃ॥ ১৫॥

অথ বর্ত্তমানপ্রত্যয়ৈরবতারাণাং তত্তল্লীলানামপি নিত্যত্বপ্রতিপাদনেন শ্রীকৃষ্ণস্য নিত্যং তত্তদবতারলীলত্বং বক্তুং উক্তগীতার্থমেকশ্লোকেন নিবধ্নন্নাহ বেদানিতি। দশাবতারান্ কুর্ব্বতে শ্রীকৃষ্ণায় সর্ব্বাকর্ষণানন্দায় তুভ্যং নমোহস্তু। দশাকৃতিত্বং প্রকটয়ন্নাহ। মীনরূপেণ বেদোদ্ধরণং কুর্ব্বতে, কূর্ম্মরূপেণ ভুবনানি বহতে, বরাহরূপেণ পৃথিবীমণ্ডলমূর্দ্ধং নয়তে, নৃসিংহরূপেণ হিরণ্যকশিপুং দারয়তে, বামনরূপেণ বলিং ছলয়তে, ছলেন

যাহা বর্ণনা করিতেছেন, ইহা মনোরম, কল্যাণপ্রদ, সুখকর ও সংসারের সারভূত; তুমি ইহা আকর্ণন কর; তুমি জয়যুক্ত হও॥ ১৫॥

তুমি মৎস্যাবতারে বেদের উদ্ধারসাধন করিয়াছ, কূর্ম্মাবতারে বসুমতীকে পৃষ্ঠোপরি বহন করিয়াছ, বরাহরূপ ধারণপূর্ব্বক ধরণীকে ঊর্দ্ধে সমুত্তোলন করিয়াছ, নরসিংহমূর্ত্তি ধারণ করিয়া হিরণ্যকশিপুর বিশাল বক্ষ বিদীর্ণ করিয়াছ, বামনাবতারে ত্রিপাদভূমিপ্রার্থনাচ্ছলে দৈত্যনাথ বলিকে প্রবঞ্চিত করিয়াছ, পরশুরামরূপী হইয়া ক্ষত্রিয়কুল সংহার করিয়াছ. রামাবতারে রাক্ষসরাজ রাবণকে পরাভূত করিয়াছ,

(গীতম্)

(গুর্জ্জরীরাগেণ নিঃসারতালেন চ গীয়তে)

শ্রিতকমলাকুচমণ্ডল ধৃতকুণ্ডল (এ)
কলিতললিতবনমাল! জয় জয় দেব হরে॥ ১৭॥ (ধ্রুবম্)

ব্যাজেনাত্মসাৎ কুর্ব্বতে, পরশুরামরূপেণ দুষ্টক্ষাত্রিয়াণাং নাশং কুর্ব্বতে, শ্রীরামরূপেণ রাবণং জয়তে, বলভদ্ররূপেণ দুষ্টদমনায় হলং ধারয়তে, বুদ্ধরূপেণ কারুণ্যং বিস্তারয়তে. কল্কিরূপেণ ম্লেচ্ছান্নাশয়তে। অনেনৈব সর্ব্বাবতারিত্বেন শ্রীকৃষ্ণস্য সর্ব্বরসত্বং সিদ্ধম্॥ ১৬॥

অথ তেনৈব সর্ব্বোপাস্যত্বেঽপি ধ্যেয়বিশেষত্বং বদন্ শ্রীকৃষ্ণস্য সর্ব্বনায়কশিরোরত্নতাপ্রতিপাদনায় ধীরোদাত্তত্বাদি-চতুর্ব্বিধ-নায়ক-গুণসমন্বয়েন সর্ব্বোৎকর্ষাবির্ভাবনং প্রার্থয়তে শ্রিতকমলেত্যাদিভিঃ। তত্র পরমব্যোমনাথত্বেন ধীরললিতত্বমাহ। শ্রিতমাশ্রিতং লক্ষ্ম্যাঃ কুচমণ্ডলং যেন হে তাদৃশ! অনেন বিদগ্ধত্বপরিহাসবিশারদত্বপ্রেয়সীবশত্বনিশ্চিন্তত্বানি সূচিতানি। অতএব ধৃতে কুণ্ডলে যেন হে তাদৃশ! ধৃতা সুন্দরী বনমালা যেন হে তাদৃশ! অনেন বিশেষণদ্বয়েন নবতারুণ্যং তেনৈব বেশবিন্যাসসিদ্ধেঃ। হে দেব! হে হরে! জয় উৎকর্ষমাবিষ্কুরু। ইতি সর্ব্বত্র যোজনা নিষ্পাদ্যাঽবিশেষেণ। জয় জয় দেব হরে ইতি ধ্রুবপদম্॥ ১৭॥

বলরামরূপী হইয়া হল-করে বিরাজ করিয়াছ, বুদ্ধরূপে সংসারে সকলের প্রতি দয়া প্রদর্শন করিয়াছ, অবশেষে কল্কিরূপে ম্লেচ্ছকুলকে বিমোহিত করিবে। হে দশাবতারধারিন্! হে কৃষ্ণ! তোমাকে প্রণাম॥ ১৬॥

হে পদ্মাপয়োধরবিহারিন! হে কুণ্ডলধারিন্! হে মনোহরবনমালাধর! হে দেব! হে হরে! তুমি জয়যুক্ত হও॥ ১৭॥

দিনমণিমণ্ডলমণ্ডন ভবখণ্ডন (এ)
মুনিজনমানসহংস ! জয় জয় দেব হরে ॥ ১৮ ॥
কালিয়বিষধরগঞ্জন জনরঞ্জন (এ)
যদুকুলনলিন-দিনেশ ! জয় জয় দেব হরে ॥ ১৯

অথ সূর্য্যমণ্ডলান্তর্ধ্যেয়ত্বেন ধীরশান্তত্বমাহ। সূর্য্যমণ্ডলং মণ্ডয়তি ভূষয়তীতি হে তথাবিধ ! জয়। ইতি ক্লেশসহনত্বং বিনয়াদিগুণোপেতত্বঞ্চ ; অতএব মননশীলানাং মানসহংস ! মানসে সরসি হংস ইব সদা তচ্চিত্তে স্থিত ইত্যর্থঃ ; অতএব সমপ্রকৃতিকত্বং বিনয়াদিগুণোপেতত্বঞ্চ ; তেন তৎসংসারং নাশয়তীতি হে তাদৃশ ইতি বিবেচকত্বম্ ॥ ১৮ ॥

নিজোপাস্যত্বেনাপি ধ্যেয়বিশেষত্বেন ধীরোদ্ধতত্বমাহ দ্বাভ্যাম্। কালিয়-নামা বিষধরঃ সর্পস্তস্য গঞ্জন। জনান্ ব্রজজনান্ রঞ্জয়তীতি হে জনরঞ্জন ! কিমিতি তান্ রঞ্জয়ামীত্যাহ। যদুকুলমেব নলিনং তস্য দিনেশ সূর্য্য ইব। যাদবানাং হিতার্থায় ধৃতো গিরিবরো ময়া ইত্যাদি বচনাদ্‌গোপা এব যাদবা, অতো গোকুলপ্রকাশক ইত্যর্থঃ। কালিয়েতি মাৎসর্য্যবত্ত্বং জন-রঞ্জনেতি যদুকুলেতি চ অহঙ্কারিত্বং অস্মত্তয়া মমতয়া চ জনরঞ্জনাদি-সিদ্ধেঃ ॥ ১৯ ॥

হে ভাস্করমণ্ডলভূষণ ! হে ভবদুঃখহারিন্। তুমি মননশীল মুনিবৃন্দের চিত্তগত পরব্রহ্ম ; তুমি জয়যুক্ত হও ॥ ১৮ ॥

হে কালিয়দর্পহারিন্ ! হে জনমানসরঞ্জন ! তুমি যদুবংশরূপ কমলিনীর ভাস্করস্বরূপ ; তুমি জয়যুক্ত হও ॥ ১৯ ॥

মধুমুরনরকবিনাশন গরুড়াসন (এ)
সুরকুলকেলিনিদান ! জয় জয় দেব হরে ॥ ২০ ॥
অমলকমলদললোচন ভবমোচন (এ)
ত্রিভুবনভবননিধান ! জয় জয় দেব হরে ॥ ২১ ॥
জনকসুতাকৃতভূষণ জিতদূষণ (এ)
সমরশমিতদশকণ্ঠ ! জয় জয় দেব হরে ॥ ২২ ॥

তস্যৈব দ্বারকাতুপাস্যত্বেনাহ। মধুমুরনরকান্ বিনাশয়তীতি হে তথা-বিধ ! জয়। গরুড়ঃ পক্ষিরাজঃ স এব আসনং যস্য হে তাদৃশ ! সুরকুল-কেলীনাং নিদানং আদিকারণং হে তাদৃশ ! এতৈর্মায়াবিত্বাদিচতুষ্টয়ম্ ॥ ২০ ॥

সর্ব্বতাপোপশমনপূর্ব্বকসর্ব্বাভীষ্টপ্রদতয়া দেবসাহায্যকরূপেণ ধীরো-দাত্তত্বমাহ দ্বাভ্যাম্। নির্ম্মলকমলদলে ইব তাপশমকে লোচনে যস্য হে তাদৃশ ! জয় ইতি। তাদৃশলোচনোপলক্ষিতগম্ভীরত্বং কথং তাপশমকং অত আহ।—ভবং সংসারং মোচয়তীতি হে তাদৃশ ! ইতি করুণত্বম্। তদপি কুতঃ ?—ত্রিভুবনানাং ভবনস্য নিধানো নিধিরিব কারণং জনক ইত্যর্থঃ। ইতি বিনয়িত্বম্ ॥ ২১ ॥

জনকসুতয়া কৃতং ভূষণং যস্য হে তাদৃশ ! জয়। ইতি সুদৃঢ়ব্রতত্বম্।

হে মধুসূদন ! হে মুররিপো ! হে নরকাসুরধ্বংসকারিন্ ! হে গরুড়বাহন ! তুমি অমরনিকরের কেলিকলাপের মূলীভূত কারণ ; তুমি জয়যুক্ত হও ॥ ২০ ॥

হে অম্লানকমললোচন ! তোমার কৃপাতেই ভববন্ধন-বিমোচন হয়, তুমিই ত্রিসংসারস্থিতির একমাত্র আধার ; তুমি জয়যুক্ত হও ॥ ২১ ॥

হে হরে ! হে দেব ! হে জানকীবিভূষণ ! হে দূষণনাশিন্ ! তুমি সংগ্রামে দশাননকে পরাভূত করিয়াছ, তুমি জয়যুক্ত হও ॥ ২২ ॥

অভিনবজলধরসুন্দর ধৃতমন্দর (এ)
শ্রীমুখচন্দ্রচকোর জয় জয় দেব হরে ॥ ২৩ ॥
তব চরণে প্রণতা বয়মিতি ভাবয় (এ)
কুরু কুশলং প্রণতেষু, জয় জয় দেব হরে ॥ ২৪

জিতো দূষণস্তন্নামা রাক্ষসো যেন হে তাদৃশ ! ইত্যকথনত্বম্। সংগ্রামে শমিতঃ রাবণো যেন হে তাদৃশ ! ইতি ক্ষত্রস্বগূঢ়গর্ব্বত্বসুসত্ত্বভৃত্ত্বানি ॥ ২২ ॥

অস্মিন্ ধীরললিতমুখ্যত্বপ্রতিপাদনায় অজিতরূপত্বেন সংপুটিতমিব পুনস্তমেবাহ অভিনবেতি। হে নবীন-মেঘবৎ সুন্দর ! জয়। ধৃতো মন্দরস্তন্নামা গিরির্যেন হে তাদৃশ ! ক্ষীরাব্ধিমথন ইত্যধিগন্তব্যম্। আভ্যাং নবতারুণ্যং তদধিগমশ্চ। কুতঃ ?—শ্রিয়ঃ সমুদ্রমথনাবির্ভূতায়া মুখচন্দ্রে চকোর ইব সলালস ইতি প্রেয়সীবশত্বম্। এতেষু কেচিদ্‌গুণা অংশেন শ্রীকৃষ্ণে সর্ব্ব এব পূর্ণতয়া বিরাজন্ত ইতি সর্ব্বোৎকর্ষত্বম্। অতোঽত্রাপি নবপদৈঃ সমাপ্তিঃ ॥ ২৩ ॥

অথ স্বসহিতেষু তৎশ্রোতৃবর্গেষু প্রসাদং প্রার্থয়তে। হে শ্রীকৃষ্ণ ! তব চরণে বয়ং প্রণতা ইতি ভাবয় জানীহি। ইতি জ্ঞাত্বা কিং কর্ত্তব্যম্ ?—প্রণতেষু অস্মাসু কুশলং তল্লীলানুভবসামর্থ্যং কুরু দেহি। তল্লীলানুভবস্য ত্বৎপ্রসাদং বিনানুপপত্তেঃ। পরমানন্দরূপত্বাদিত্যর্থঃ ॥ ২৪ ॥

হে নবীন-নীরদ-শ্যামল-মনোহারিন্ ! হে মন্দরধারিন্ ! তুমি কমলার বিধুবদনের চকোর-স্বরূপ ; হে দেব ! হে হরে ! তুমি জয়যুক্ত হও ॥ ২৩ ॥

হে দেব ! হে হরে ! আমি তোমার চরণকমলে প্রণাম করিতেছি, ইহা বিদিত হইয়া প্রণত ব্যক্তিকে শক্তিপ্রদান ও তাহার কল্যাণ-বিধান কর ; তুমি জয়যুক্ত হও ॥ ২৪ ॥

শ্রীজয়দেবকবেরিদং কুরুতে মুদং (এ)
মঙ্গলমুজ্জ্বলগীতি জয় জয় দেব হরে ॥ ২৫ ॥
পদ্মাপয়োধরতটীপরিরম্ভলগ্ন-কাশ্মীরমুদ্রিতমুরো মধুসূদনস্য ।
ব্যক্তানুরাগমিব খেলদনঙ্গখেদ-স্বেদাম্বুপূরমনুপূরয়তু প্রিয়ং বঃ ॥ ২৬ ॥

অত্র স্বানুভবং প্রমাণয়তি। ইদং জয়দেবকবের্মম মুদং করোতি। ইদমিতি কিম্?—মঙ্গলং মঙ্গলাচরণমাত্রম্। কীদৃশম্?—উজ্জ্বলস্য শৃঙ্গারস্য গীতির্গানং যত্র তৎ। এবঞ্চেৎ কিমুত কেলীনামিত্যর্থঃ ॥ ২৫ ॥

এবং প্রার্থ্য শ্রোতৃন্ প্রতি আশিসমাতনোতি পদ্মেতি। মধুসূদনস্য বক্ষ্যমাণরীত্যা শ্রীকৃষ্ণস্য উরো বো যুষ্মাকং প্রিয়ং বাঞ্ছিতং অনু নিরন্তরং পূরয়তু। কীদৃশম্?—পদ্মা শ্রীরাধা তস্যাঃ পয়োধরপ্রান্তভাগপরিরম্ভ-লগ্নকুঙ্কুমেন মুদ্রিতং অঙ্কিতং মুদ্রাং প্রাপিতমিত্যর্থঃ। অত্রান্যা মা বিশতু ইত্যভিপ্রায়েণৈবেতি ভাবঃ। অতএব খেলতা অনঙ্গেন যঃ খেদস্তেন স্বেদাম্বূনাং পূরঃ প্রবাহো যত্র তৎ। তত্রোৎপ্রেক্ষ্যতে।—ব্যক্তঃ প্রকটী-ভূতোঽনুরাগো যত্র তদিব। অন্তরুচ্ছলিতঃ প্রিয়ানুরাগো বহিঃ কাশ্মীর-রূপেণ উরসি আবির্ভূত ইত্যর্থঃ ॥ ২৬ ॥

জয়দেবকবি এই শৃঙ্গাররসগর্ভ কল্যাণময়ী গীতিকা রচনা করিতে-ছেন; হে দেব! হে হরে! তুমি জয়যুক্ত হও ॥ ২৫ ॥

গাঢ় আলিঙ্গনে শ্রীমতী রাধিকার স্তনপ্রান্তের কুঙ্কুমরসে শ্রীহরির যে বিশাল বক্ষ সমঙ্কিত হইয়া মনোহারিণী শোভা ধারণ করিয়াছিল এবং যে হৃৎ-প্রদেশ হইতে মদনখেদজনিত স্বেদজল সমুদ্ভূত হইয়া অনুরাগ-রূপে প্রকটিত হইয়াছিল, হরির রতিকালীন সেই বক্ষঃস্থল অনুক্ষণ তোমাদের অভীষ্টসাধন করুক্ ॥ ২৬ ॥

(গীতম্)

(বসন্তরাগেণ যতিতালেন চ গীয়তে)

বসন্তে বাসন্তীকুসুমসুকুমারৈরবয়বৈ-
র্ভ্রমন্তীং কান্তারে বহুবিহিতকৃষ্ণানুসরণাম্ ।
অমন্দং কন্দর্পজ্বরজনিতচিন্তাকুলতয়া,
বলদ্বাধাং রাধাং সরসমিদমূচে সহচরী ॥ ২৭

তদেবং মঙ্গলসঙ্গমেনৈব মাধবোৎকর্ষমাবিষ্কৃত্য উপক্রমোক্ত-শ্রীরাধামাধব-রহঃকেলি-বর্ণনোৎকলিকোচ্ছলিত-চিত্তঃ কবির্দক্ষিণ-ধৃষ্ট-শঠ-নায়কগুণসমন্বয়ৈঃ শ্রীরাধিকায়াং শ্রীকৃষ্ণস্যানুকূলনায়কতাপ্রতিপাদনার্থং সূচীকটাহন্যায়েন শ্রীশুকোক্তিবৎ সাধারণ্যেনান্যাভিস্তদ্বিহরণং সমাসেন সমাপয়িতুকামস্তেনৈব শ্রীরাধিকায়াঃ সর্ব্বোৎকর্ষমাবিষ্কর্ত্তুং তত্র তত্র তস্যাঃ অষ্টনায়িকাবস্থাং বর্ণয়ন্ সম্ভোগপোষকবিপ্রলম্ভশৃঙ্গারবর্ণনায় প্রথমং বিরহোৎকণ্ঠিতামাহ বসন্ত ইতি। বসন্তসময়ে তৎসহচারিণী সখী শ্রীরাধিকাং সরসং যথা স্যাত্তথা ইদং বক্ষ্যমাণমূচে। শ্রীকৃষ্ণাভিপ্রায়ং জ্ঞাপয়িতুমিতি জ্ঞেয়ম্। কীদৃশীম্? মাধবীপুষ্পতোঽপি কোমলৈরঙ্গৈ-রুপলক্ষিতাং যুক্তামিত্যর্থঃ। তাদৃশ্যাপি দুর্গমে বর্ত্মনি ভ্রমন্তীম্। ননু কান্তারে কথং ভ্রমতি?—বহু যথা স্যাত্তথা কৃতং কৃষ্ণানুসরণং যয়া তাম্। অমন্দং যথা স্যাত্তথা কন্দর্পেণ কামেন তৎপ্রাপ্ত্যভিলাষেণ যো জ্বরস্তেন জনিতয়া চিন্তয়াকুলতয়া বলবতী পীড়া যস্যাস্তাম্। অত্র তাং বিহায় অন্যাভিস্তদ্বিহরণেনেদং গম্যতে। শারদীয়রাকারাত্রৌ প্রথমরাসমহোৎ-সবে, শ্রীরাধিকায়া অসমানোর্দ্ধরূপগুণবিলাসমনুভূয় তস্যাং সর্ব্ববিজয়ি-

---

একদা বসন্ত ঋতুতে শ্রীমতী রাধা শ্রীহরির অনুসরণ করিয়া পরি-ভ্রমণ করাতে বসন্তপুষ্পবৎ কোমল ত্বদীয় দেহলতিকা পথশ্রান্তিতে ক্লান্ত

ললিতলবঙ্গলতাপরিশীলনকোমলমলয়সমীরে,
মধুকরনিকরকরম্বিতকোকিলকূজিতকুঞ্জকুটীরে।

স্বানুরাগং সফলং মন্যমানস্য শ্রীকৃষ্ণস্য ক্বচিৎ কদাচিৎ কথঞ্চিত্তৎসাদৃশ্যং ভবেন্ন বেতি স্থূণানিখননন্যায়েন তদ্বিবিৎসায়াং চিরমত্যদ্ভুতায়াং দিনকাতিপয়ানন্তরং লীলেয়মিতি। অথবা তদ্বিবিৎসায়ামত্যদ্ভুতায়াং তদিচ্ছানুসারিণ্যা যোগমায়য়া কংসানুজ্ঞাতাক্রূরাগমনে কৃতে তদর্থমেবানেকনারীসংকুলাং শ্রীমথুরামসৌ গতবান্, গত্বা চ তত্র নারীপ্রভৃতিষু ব্রহ্মসুন্দরীণামিব রূপগুণাদিমননুভূয় শ্রীদ্বারাবতীং তদাশয়া জগাম। তত্র নরেন্দ্রকন্যা বিবাহ্যাপি নরকাসুরাহৃতগন্ধর্ব্বযক্ষনাগনরকন্যানাং শতাধিকষোড়শসহস্রাণি বিবাহ্য তাসু তাস্বপি তাসাং সাদৃশ্যং ন লব্ধম্; ততো দন্তবক্রবধানন্তরং পুনর্ব্রজাগমনে জাতে সত্যেব লীলেয়মিতি। কেশিমথনমিতি হরিঃ কুবলয়াপীড়েন সার্দ্ধমিত্যাদি বক্ষ্যমাণত্বাৎ প্রোষিতভর্তৃকাঙ্গীকারাচ্চ ॥ ২৭ ॥

কিমূচে ইত্যপেক্ষায়ামাহ ললিতেত্যাদিনা। হে সখি! ইহ বৃন্দাবনবিপিনে রসঃ শৃঙ্গারস্তৎসহিতে বসন্তসময়ে হরির্বিহরতি। কেন প্রকারেণ?—যুবতিজনেন সমং নৃত্যতি। কীদৃশে?—বিরহিজনস্য দুরন্তে দুঃখেন গময়িতুং শক্যে। ইত্যুভয়োর্বিশেষণম্। হরির্মনোহরণশীলঃ অতোঽস্য বিরহো দুঃসহঃ সরসোঽপি বসন্তোঽয়ং বিরহিণাং দুঃখদত্বাৎ দুরন্ত ইত্যর্থঃ। তদভিপ্রায়জ্ঞানাভাববীর্য্যাদিকনিবারণায় ইদমুক্তং

ও মদনযন্ত্রণাজনিত ভাবনায় কাতর হওয়ায় প্রেমজ্বালা দ্বিগুণতর পরিবর্দ্ধিত হইয়া উঠিল। সেই সময়ে কোন সখী শ্রীমতী রাধাকে সম্বোধনপূর্ব্বক সাদরে (বক্ষ্যমাণ) মধুরবাক্যাবলী বলিতে প্রবৃত্ত হইল ॥ ২৭ ॥

হে প্রিয়সহচরি! দেখ দেখ, পুনঃ পুনঃ মলয়-মারুত-আলিঙ্গনে লবঙ্গ-লতিকারা কেমন মনোহরদৃশ্য হইয়াছে। ভ্রমর-গুঞ্জন-মিশ্রিত

বিহরতি হরিরিহ সরসবসন্তে,
নৃত্যতি যুবতিজনেন সমং সখি বিরহিজনস্য দুরন্তে ॥ ২৮ ॥ (ধ্রুবম্)
উন্মদমদনমনোরথপথিকবধূজনজনিতবিলাপে,
অলিকুলসঙ্কুলকুসুমসমূহনিরাকুলবকুলকলাপে (বিহরতি) ॥ ২৯ ॥

ধ্রুবম্। বসন্তস্যৈব বিশেষণানি বৃন্দাবনস্যাপি সম্ভবন্তি। কীদৃশে ? ললিতায়া লবঙ্গলতায়াঃ পরিশীলনেন আলিঙ্গনেন কোমলো মলয়াচলসম্বন্ধী সমীরো যত্র তস্মিন্ ; লতানারীসংস্পর্শাৎ কোমলত্বেন মান্দ্যম্ ; পুষ্পসম্বন্ধাৎ সৌগন্ধ্যম্, যমুনাজলসম্বন্ধাৎ শৈত্যম্, অচেতনাপি লতা কান্তমন্তরেণ চেৎ স্থাতুং ন শক্নোতি তর্হি চেতনানাং কা কথেত্যর্থঃ। তথা মধুকরাণাং সমূহেন কর্ম্বিতানাং মিশ্রিতানাং কোকিলানাং কূজিতং যত্র স কুঞ্জকুটীরো যত্র তস্মিন্ ॥ ২৮ ॥

বিরহিজনদুরন্ততামাহ। পুনঃ কীদৃশে ?—উদ্গতো মদো যস্য তেন মদনেন মনোরথো যেষাং তেষাং পথিকবধূজনানাং জনিতো বিলাপো যেন তস্মিন্। যতঃ অলিকুলেন সংকুলেন ব্যাপ্তেন কুসুমসমূহেন নিঃশেষেণাকুলঃ বকুলকলাপো যত্র তস্মিন্ ॥ ২৯ ॥

কোকিলের কুহুরবে নিকুঞ্জগৃহ পরিপূরিত হইয়াছে। আহা ! এরূপ মনোহর বসন্তকালে শ্রীহরি যুবতী নারীগণের সহিত কেলি করিতে প্রবৃত্ত হইয়াছেন এবং সানন্দে নৃত্য করিতে আরম্ভ করিতেছেন। হায় ! বিরহিণীগণসকাশে বসন্তঋতু যার-পর-নাই যন্ত্রণাপ্রদ ॥ ২৮ ॥

এই সময়ে প্রেমমদে মত্ত পথিক-রমণীরা উদ্দাম-মদনভরে ব্যাকুলা হইয়া বিলাপ করিতে প্রবৃত্ত হইতেছে। বকুলতরুসমূহ কুসুমে বিভূষিত হইয়াছে এবং ভ্রমরকুল আসিয়া তদুপরি উপবেশনপূর্ব্বক তাহাদিগকে একান্ত আকুল করিয়া তুলিতেছে ॥ ২৯ ॥

মৃগমদসৌরভরভসবশংবদনবদলমালতমালে।
যুবজনহৃদয়বিদারণমনসিজনখরুচিকিংশুকজালে (বিহরতি) ॥ ৩০ ॥
মদনমহীপতিকনকদণ্ডরুচিকেশরকুসুমবিকাশে।
মিলিতশিলীমুখপাটলিপটলকৃতস্মরতূণবিলাসে (বিহরতি) ॥ ৩১ ॥
বিগলিতলজ্জিতজগদবলোকনতরুণকরুণকৃতহাসে।
বিরহিনিকৃন্তনকুন্তমুখাকৃতিকেতকিদন্তুরিতাশে (বিহরতি) ॥ ৩২ ॥

পুনঃ কীদৃশে ?—কস্তূরিকায়াঃ সুগন্ধস্য যো রভসঃ অতিশয়ঃ তস্যাস্বত্তা নবদলানাং শ্রেণী যেষু তে তমালা যত্র তস্মিন্। তথা যুবজনানাং হৃদয়বিদারণায় মনসিজস্য যে নখাস্তদ্বদ্রুচির্যেষাং পলাশকুসুমানাং তেষাং সমূহো যত্র তস্মিন্ যুবস্বতিনির্দ্দয় ইতি ভাবঃ॥ ৩০ ॥

পুনঃ কীদৃশে ?—মদনমহীপতেঃ সুবর্ণচ্ছত্রস্য ইব রুচির্যস্য নাগকেশরকুসুমস্য বিকাশো যত্র তস্মিন্। কিঞ্চ মিলিতাঃ শিলীমুখা ভ্রমরা যস্মিন্ তেন পাটলিপুষ্পসমূহেন কৃতঃ তূণীরস্য বিলাসো যত্র তস্মিন্। পাটলিপুষ্পস্য তূণাকারত্বাৎ শিলীমুখশব্দস্য শ্লিষ্টার্থত্বাৎ সাম্যম্॥ ৩১ ॥

পুনঃ কীদৃশে ?—বিগলিতং লজ্জিতং লজ্জা যস্য তস্য জগতঃ প্রাণি-

তমালতরুনিকর অভিনব পল্লবে সুসজ্জিত হইয়া কস্তূরীগন্ধের ন্যায় সৌরভ বিস্তার করিতেছে; বিকাশোন্মুখ কিংশুকপুষ্প যেন কন্দর্পদেবের নখের আকার ধারণপূর্ব্বক যুবকযুবতীদের হৃদয় বিদীর্ণ করিয়া ফেলিতেছে॥ ৩০ ॥

কন্দর্পদেব বসন্ত-ঋতুতে নরপতিরূপে বিরাজমান; প্রস্ফুটিত নাগকেশর উহার স্বর্ণচ্ছত্র এবং ভৃঙ্গবেষ্টিত পাটলী-কুসুমরাজি উহার বিলাস-তূণীররূপে শোভা পাইতেছে॥ ৩১ ॥

বসন্তঋতুর আগমনে জগতের জীবমাত্রই লজ্জা বিসর্জ্জন দিয়াছে;

মাধবিকাপরিমললিতে নবমালিকয়াতিসুগন্ধৌ।
মুনিমনসামপি মোহনকারিণি তরুণাকারণবন্ধৌ (বিহরতি) ॥ ৩৩ ॥

যত্রস্থাবলোকনেন তরুণৈঃ করুণবৃক্ষৈঃ পুষ্পব্যাজেন কৃতো হাসো যত্র তস্মিন্। যূনামেব কামাভিজ্ঞতয়া হাস্যস্থাপযুক্তত্বে শ্লিষ্টার্থস্য তরুণ-শব্দস্যোপাদানম্। তথা বিরহিণাং নিকৃন্তনায় কুন্তস্য অস্ত্রবিশেষস্য মুখমিব আকৃতির্যাসাং তাভিঃ কেতকীভির্দন্তুরিতা উন্নতদন্তা আশা দিশো যত্র তস্মিন্। অনেন অতিনির্দ্দয়তা সূচিতা ॥ ৩২ ॥

পুনঃ কীদৃশে ?—মাধবিকায়াঃ সৌরভেন ললিতে তথা নবমালি-কাপুষ্পৈরতিসৌরভে। মুনিমনসামপি মোহজনকে কামিনাং কা বার্ত্তে-ত্যর্থঃ। ঈদৃশোঽপি যঃ সমাধিযুক্ত-মুনীনাং মনস্যুদ্বেজকঃ স কথং চিরং তিষ্ঠতি ? তরুণানাং নিরুপাধিকমিত্রে একশেষস্তরুণশব্দঃ তরুণ্যশ্চ তরুণাশ্চ তেষামিতি ॥ ৩৩ ॥

তদ্দর্শনেই যেন তরুণ করুণতরুরাজি * কুসুমচ্ছলে হাস্যবিকাশ করি-তেছে এবং বিরহিণীগণকে সংহার করিবার জন্য প্রাসবদন † কেতকী উচ্চদশনে চতুর্দ্দিক্ দন্তবিকাশ করিয়া শোভা পাইতেছে ॥ ৩২ ॥

আহা! বসন্তঋতু বাসন্তীপুষ্পের সৌরভে ললিত এবং নব-মালিকাপুষ্পের সুগন্ধে নিরতিশয় আমোদিত। এই বসন্তকাল মুনি-গণেরও মনোমোহন করে। আহা! বসন্তঋতু যুবকযুবতীকুলের অকৃত্রিম সখা ॥ ৩৩ ॥

* করুণ—বাতাবিনেবু। † প্রাস—ভল্লাস্ত্র

স্ফুরদতিমুক্তলতাপরিরম্ভণপুলকিতমুকুলিতচূতে।
বৃন্দাবনবিপিনে পরিসরপরিগতযমুনাজলপূতে (বিহরতি)॥ ৩৪॥
শ্রীজয়দেবভণিতমিদমুদয়তি হরিচরণস্মৃতিসারম্।
সরসবসন্তসময়বনবর্ণনমনুগতমদনবিকারম্ (বিহরতি)॥ ৩৫॥

দরবিদলিতমল্লীবল্লিচঞ্চৎপরাগ-
প্রকটিতপটবাসৈর্বাসয়ন্ কাননানি।

পুনঃ কীদৃশে?—স্ফুরন্ত্যা মাধবীলতায়াঃ পরিরম্ভণেন পুলকিত ইব মুকুলিতো চূতো রসালতরুর্যত্র তস্মিন্। যথা কশ্চিদ্বরাঙ্গনালিঙ্গিতঃ পুলকিতো ভবতীত্যভিপ্রায়ঃ। কীদৃশে বৃন্দাবনবিপিনে?—পর্য্যন্তব্যাপ্তযমুনাজলেন পূতে পবিত্রে শোভিত ইত্যর্থঃ॥ ৩৪॥

অথ গীতার্থমুপসংহরন্ স্বভণিতেরুৎকর্ষমাহ। শ্রীজয়দেবস্য ভণিতমিদং উদয়তি বিরাজতে। কুতঃ?—হরিচরণয়োঃ স্মরণেন সারং সর্ব্বতঃ শ্রেষ্ঠং তত্রাপি রসঃ শৃঙ্গারস্তৎপোষকবসন্তসময়সম্বন্ধিনো বনস্য বর্ণনং যত্র তৎ। অতএব সন্নিধানবর্ত্তিন্যাঃ শৃণ্বন্ত্যাস্তস্যা মদনবিকারো যত্র তৎ॥ ৩৫॥

পুনরুদ্দীপনায় অনিলমেব বিশেষতো বর্ণয়তি দরেতি। ইহ বসন্তসময়ে বায়ুশ্চেতো দহতি বিরহিণামিত্যর্থাদধিগন্তব্যম্; ননু কিমপরাদ্ধমেতৈস্তস্য

মাধবীর আলিঙ্গনে সহকারতরু পুলকিত হইয়া মুকুলিত হইতেছে; শ্রীকৃষ্ণ কালিন্দীসলিলে পরিবেষ্টিত পবিত্র বৃন্দাবনে বিহার করিতেছেন সন্দেহ নাই॥ ৩৪॥

রাধাসতীর মদনবিকারজনিত, রসগর্ভ, জয়দেববিরচিত, হরিচরণস্মৃতিসারপূর্ণ এই বাসন্তীবর্ণন প্রকটিত হইল॥ ৩৫॥

মলয়সমীরণ বনভাগের চারিদিকে অর্দ্ধবিকসিত মল্লিকা-লতিকার

ইহ হি দহতি চেতঃ কেতকীগন্ধবন্ধুঃ,
প্রসরদসমবাণপ্রাণবদ্গন্ধবাহঃ ॥ ৩৬ ॥

অদ্যোৎসঙ্গবসদ্ভুজঙ্গকবলক্লেশাদিবেশাচলং,
প্রালেয়প্লবনেচ্ছয়ানুসরতি শ্রীখণ্ডশৈলানিলঃ।
কিঞ্চ স্নিগ্ধরসালমৌলিমুকুলান্যালোক্য হর্ষোদয়া-
দুন্মীলন্তি কুহূঃ কুহূরিতি কলোত্তালাঃ পিকানাং গিরঃ ॥ ৩৭

সখীগণ নিকুঞ্জের বহির্ভাগে প্রস্থিত হইলে শ্রীকৃষ্ণ ঈষৎ লজ্জা-বনতা, কামাবেশে প্রসন্না ও হাস্যমুখী রাধাকে নবপল্লবরচিত বিস্তৃত শয্যার প্রতি পুনঃ পুনঃ নেত্রপাত করিতে দেখিয়া বলিতে আরম্ভ করিলেন ॥ ১ ॥

হে রাধে! এখন আশ্রিত নারায়ণকে কিয়ৎক্ষণের জন্য ভজনা

ক্ষণমধুনা নারায়ণমনুগতমনুভজ রাধিকে ॥ ২ ॥ (ধ্রুবম্)
করকমলেন করোমি চরণমহমাগমিতাসি বিদূরম্।
ক্ষণমুপকুরু শয়নোপরি মামিব নূপুরমনুগতিশূরম্ (ক্ষণমধুনা) ॥ ৩ ॥

নমাশ্রয়ো যস্তং স্ত্রীসমূহাশ্রয়ং ত্বামনুগতং ত্বদেকপরং মামধুনা, ক্ষণমনুভজ বহুবল্লভোহপ্যহং ত্বদেকনিষ্ঠ ইত্যর্থঃ। অনুভজনমেবাহ,—কিশলয়শয়নস্যোপরি চরণকমলয়োর্ব্বিন্যাসং কুরু; পূজায়াঃ প্রথমাঙ্গমাসনম্ অঙ্গীকুর্ব্বিত্যর্থঃ। মৎপূজাকামঃ ত্বস্যাস্তীতি কামিনীশব্দঃ প্রযুক্তঃ। তেন কিং স্যাত্তত্রাহ,—ইদং কিশলয়শয়নং পরাজয়মনুভবতু। কুতোহস্য পরাভবঃ সাধ্যস্তত্রাহ। তব পদপল্লববৈরি অরুণতাদিভিগুণৈঃ সাম্যাকাঙ্ক্ষয়া বৈরিত্বমিতি। কীদৃশমিদং সুবেশং তত্তদ্গুণৈঃ শোভমানমপি হংসকাদ্যলঙ্কৃতমিত্যর্থঃ ॥ ২ ॥

তদারোহণেন কথং তদনুভজনং স্যাদত আহ। অহমাত্মনঃ করকমলেন তব চরণয়োঃ পূজাং করোমি, যতস্ত্বং বিদূরমাগমিতাসি আনীতাসি অর্থান্ময়েতি জ্ঞেয়ম্। দূরাগতস্য পূজা যুক্তৈবেত্যর্থঃ। তদর্থং ক্ষণং শয়নোপরি নূপুরমিব মামঙ্গীকুরু। উভয়ং বিশিনষ্টি। অনুগতৌ নিপুণং অনুগতস্য পদলগ্নস্য উপকারাচরণং যুক্তমেবেত্যর্থঃ ॥ ৩ ॥

কর। হে মানিনি! এই নবপল্লবশয্যার উপর তোমার চরণকমল স্থাপন কর। লোহিতাদিগুণে ইহা তোমার চরণপল্লবকে বিপক্ষ সদৃশ বোধ করিতেছে; তুমি উহাকে পরাভূত কর ॥ ২ ॥

তুমি অনেক দূরে আগমন করিয়াছ, করপদ্ম দ্বারা তোমার পাদপূজা করিতে আজ্ঞা দেও। তোমার পদলগ্ন নূপুরের ন্যায় আমাকে আশ্রিত জ্ঞানে মুহূর্ত্তের জন্য শয়নোপরি আমাকে গ্রহণ কর ॥ ৩ ॥

বদনসুধানিধি গলিতমমৃতমিব রচয় বচনমনুকূলম্।
বিরহমিবাপনয়ামি পয়োধররোধকমুরসি দুকূলম্ (ক্ষণমধুনা) ॥ ৪ ॥
প্রিয়পরিরম্ভণরভসবলিতমিব পুলকিতমতিদুরবাপম্।
মদুরসি কুচকলসং বিনিবেশয় শোষয় মনসিজতাপম্ (ক্ষণমধুনা) ॥ ৫ ॥

পূজানুজ্ঞাং বিনা পূজা ন শুভাবহেত্যনুজ্ঞাং প্রার্থয়তে বদনেতি। অমৃতমিব বচনং রচয় সরসং বদেত্যর্থঃ। কুতোঽমৃতত্বং বচনস্য যতো বদনেন্দোর্গলিতম্। কীদৃশম্?—তদনুকূলমেব অমৃতবদ্ভবতীতি নন্বু কিমেতাবতা তবেপ্সিতং সেৎস্যতীত্যাহ, উরসি দুকূলম্ অপসারয়ামি, উরসীতি পঞ্চম্যর্থে সপ্তমী। কুতঃ?—পয়োধররোধকম্। কমিব?—বিরহমিব, যথা বিরহেণ পয়োধরদর্শনং বিচ্ছিদ্যতে তথানেনাপীতি ভাবঃ ॥ ৪ ॥

ততঃ বক্রমবলোকয়ন্তীং প্রতি ব্যাকুলঃ সন্নাহ প্রিয়েতি। হে প্রিয়ে! মদুরসি কুচকলসং স্থাপয়। উরস্যেবার্পণে হেতুমাহ।—অতিদুর্লভং দুরবাপস্য হৃদ্যেব ধারণযোগ্যত্বাদিত্যর্থঃ। তর্হি কথং তৎপ্রাপ্তিরত আহ। প্রিয়স্য মম পরিরম্ভণায় যো রভসস্তেন উচ্ছলিতমিবোৎপ্রেক্ষে তদপি কুতোঽবগতং পুলকিতং যথার্ত্তবালাবলোকাৎ করুণস্তদার্তিশমনায় পুলকিতো ভবতি তদ্বদয়মপীত্যর্থঃ। কিমর্থং তন্নিবেশনং প্রার্থ্যতে তত্রাহ।—কামতাপং খণ্ডয়, রসায়নার্পণাত্তাপোপশান্তির্ভবতি এবেত্যর্থঃ ॥ ৫ ॥

তোমার বদন অমৃতের আকর; উহা হইতে পীযুষবৎ মধুর সদয়বাণী নির্গত হউক, আমি তোমার কুচযুগলের আচ্ছাদনকারী বিরহ-স্বরূপ বক্ষস্থ বসন অপসারিত করি ॥ ৪॥

হে প্রিয়তমে! আমি কামাগ্নিতে সন্তাপিত। আমার আলিঙ্গনপ্রাপ্তির আবেশে উচ্ছ্বসিত ও পুলকিত সুদুর্লভ তদীয় পয়োধরযুগল আমার বক্ষে স্থাপন কর। আমার সন্তাপ বিগত হউক ॥ ৫ ॥

অধরসুধারসমুপনয় ভামিনি জীবয় মৃতমিব দাসম্।
ত্বয়ি বিনিহিতমনসং বিরহানলদগ্ধবপুষমবিলাসম্ (ক্ষণমধুনা) ॥ ৬ ॥
শশিমুখি মুখরয় মণিরশনাগুণমনুগুণকণ্ঠনিনাদম্।
শ্রুতিপুটযুগলে পিকরুতবিকলে শময় চিরাদবসাদম্ (ক্ষণমধুনা) ॥৭

অন্যথা মম দশমীদশৈব স্যাদিত্যাহ।—হে ভামিনি! বক্রদৃষ্ট্যাবলোকনাৎ ভামিনীত্যুক্তম্। অধরসুধারসং দেহি। কিমর্থম্?—মৃতমিব দাসং জীবয়। মামিত্যর্থাৎ জ্ঞেয়ম্; অমৃতং দত্ত্বা মৃতমিব মাং জীবয়েত্যর্থঃ। অত্রাত্মনোঽনন্যগতিকত্বমাহ।—ত্বয্যেবার্পিতং মনো যেন তম্। ননু তে কাপি পীড়া নোপলভ্যতে তৎ কথং তথাভূতমাত্মানং কথয়সি ইত্যাহ।—বিরহানলেন দগ্ধং বপুর্যস্য তম্। তজ্জ্ঞানং কুতস্তত্রাহ;—অবিলাসং বিলাসাভাবাদিত্যর্থঃ ॥ ৬ ॥

মৌনেন তৎসম্মতিমালক্ষ্য লোভাদন্যদপি প্রার্থয়তে। হে শশিমুখি! মণিরশনাগুণং মুখরীকুরু। কীদৃশম্?—অনুগুণং সদৃশঃ কণ্ঠনিনাদঃ যস্য। তৎপ্রার্থনাবিশেষোঽয়ং তেন কিং স্যাত্তত্রাহ।—মম শ্রুতিপুটযুগলে চিরকালীনমবসাদং শময়। তদবসাদ এব কুতস্তত্রাহ।—পিকরুতৈর্ব্যাকুলে ॥ ৭ ॥

হে মানময়ি! বিলাসাভাবে বিচ্ছেদাগ্নিতে দগ্ধদেহ ত্বন্ময়প্রাণ এই মৃতবৎ কিঙ্করকে অধরামৃতদানে জীবিত কর ॥ ৬ ॥

হে বিধুবদনে! মদীয় শ্রবণদ্বয় পিকরব-শ্রবণে বিকল হইয়া উঠিয়াছে। মেখলা শব্দায়মান করিয়া আমার চির-অবসন্নতা নিবারণ কর ॥ ৭ ॥

মামতিবিফলরুষা বিকলীকৃতমবলোকিতুমধুনেদম্ ।
মীলতি লজ্জিতমিব নয়নং তব বিরম বিসৃজ রতিখেদম্ (ক্ষণমধুনা) ॥ ৮॥
শ্রীজয়দেবভণিতমিদমনুপদনিগদিতমধুরিপুমোদম্ ।
জনয়তু রসিকজনেষু মনোরমরতিরসভাববিনোদম্ (ক্ষণমধুনা) ॥ ৯ ॥

মধ্যাকারণকোপে তব নয়নং প্রমাণমিতি নিগদ্য প্রার্থয়তে। ইদং তব নয়নং অধুনা মামবলোকয়িতুং লজ্জিতমিব মীলতি মুদ্রিতমিব ভবতি। কিমিতি লজ্জিতমত আহ,—মধ্যাকারণকোপেন বিকলীকৃতং অন্যোঽপি যঃ কশ্চিন্নিরপরাধং কুপিত্বা ব্যাকুলীকরোতি সোঽপি তন্মুখাবলোকনেন লজ্জিতো ভবতীত্যভিপ্রায়ঃ। তর্হি অধুনা কিং করণীয়ম্, তদুপদিশত্যাহ। বিরম রোষাদিতি জ্ঞেয়ম্; ততো রতৌ খেদং বাম্যং ত্যজ ॥ ৮ ॥

ইদং প্রার্থনারূপং শ্রীজয়দেবভণিতং কর্তৃ রসিকজনেষু শ্রীকৃষ্ণভক্তজনবিশেষেষু শ্রীকৃষ্ণস্য রতিরসে যো ভাবস্তদাস্বাদরূপত্বেন যো বিনোদঃ সুখং তৎ জনয়তু। যতঃ প্রতিপদং নিগদিতো মধুরিপোর্মোদো যত্র তৎ ॥ ৯ ॥

বিনা কারণে তুমি কুপিতা হওয়াতে আমি বিহ্বল হইয়া পড়িয়াছি। অধুনা আমাকে দেখা দিয়া তোমার নেত্রদ্বয় লজ্জিত হইয়াই যেন মুদিত হইতেছে। ক্ষান্ত হও, ক্রোধ ত্যাগ করিয়া রতিতে অনুকূল হও ॥ ৮ ॥

পদে পদে মধুসূদনের কৌলিহর্ষসূচক জয়দেবরচিত এই গীতি ভক্তবৃন্দের হৃদয়ে রতিরসাস্বাদজন্য আনন্দ উৎপাদন করুক ॥ ৯ ॥

প্রত্যূহঃ পুলকাঙ্কুরেণ নিবিড়াশ্লেষে নিমেষেণ চ,
ক্রীড়াকূতবিলোকনেঽধরসুধাপানে কথানর্ম্মভিঃ।
আনন্দাধিগমেন মন্মথকলাযুদ্ধেঽপি যস্মিন্নভূ-
দুদ্ভূতঃ স তয়োর্বভূব সুরতারম্ভঃ প্রিয়ম্ভাবুকঃ ॥ ১০

এবং কেল্যুপকরণসামগ্রীং নিরূপ্যোপক্রমসূচিতরহঃকেলিপর্য্যবসানমাহ প্রত্যূহেত্যাদিনা। যস্মিন্ সুরতারম্ভে প্রত্যূহো বিঘ্নোঽপি তয়োঃ প্রিয়ম্ভাবুকঃ প্রীতিজনকোঽভূৎ, স সুরতারম্ভ উদ্ভূতো বভূব। অন্যত্রারম্ভে মধ্যে বা প্রত্যূহো দোষজনকো দৃষ্টঃ, ইহ ত্বাদৌ মধ্যেঽপি প্রত্যূহঃ উত্তরোত্তরক্রীড়ারম্ভক এবেত্যারম্ভস্যাদ্ভুতত্বং সূচিতম্। কুত্র কেন প্রত্যূহ ইত্যাহ। নিবিড়াশ্লেষে কর্ত্তব্যে পুলকাঙ্কুরেণ ক্রীড়াকূতবিলোকনে নিমেষেণ অধরসুধাপানে কথানর্ম্মভিঃ মন্মথকলাযুদ্ধে আনন্দাবেশবিশেষেণ, এতেন কেলীনাং পরমপ্রেমবিলাসত্বং দর্শিতম্ ॥ ১০ ॥

গাঢ় আলিঙ্গনকালে লোমাঞ্চ আলিঙ্গনের বিঘ্ন উৎপাদন করিতে লাগিল, রতিক্রীড়াকালে যখন প্রিয়তমার বিধুমুখ দর্শনে ব্যস্ত হইলেন, তখন নেত্রের নিমেষপতন হেতু বাধা উৎপাদন করিল; অন্তরের আবেগে যে সময়ে অধরসুধাপানে লোলুপ হইলেন, তখন রাধার বিদ্রূপবচন দারুণ বাধা উৎপাদন করিতে লাগিল; রতিলীলারূপ সমরসময় উপস্থিত হইলে অনির্ব্বচনীয় আনন্দোদয় হইয়া সংগ্রামের শেষ করিয়া দিল; এই কেলিযুদ্ধসময়ে যত প্রকার বিঘ্ন উপস্থিত হইয়াছিল, পরিণামে তাহারা সকলেই পরমহর্ষ দান করিয়া উভয়কে প্রীত করিল ॥ ১০ ॥

দোর্ভ্যাং সংযমিতঃ পয়োধরভরেণাপীড়িতঃ পাণিজৈ-
রাবিদ্ধো দশনৈঃ ক্ষতাধরপুটঃ শ্রোণীতটেনাহতঃ।
হস্তেনানমিতঃ কচেঽধরসুধাপানেন সম্মোহিতঃ,
কান্তঃ কামপি তৃপ্তিমাপ তদহো কামস্য বামা গতিঃ॥ ১১॥
মারাঙ্কে রতিকেলিসঙ্কুলরণারম্ভে তয়া সাহস-
প্রায়ং কান্তজয়ায় কিঞ্চিদুপরি প্রারম্ভি যৎ সম্ভ্রমাৎ।

ন কেবলং প্রত্যূহ এব বন্ধনাদিকমপি প্রীতিজনকো বভূবেত্যাহ দোর্ভ্যামিতি। কামস্য প্রেম্নো বামাদ্ভুতা গতিরহো আশ্চর্য্যম্। তদ্গতের্ব্বামত্বং কুতঃ তৎ আহ দোর্ভ্যাং সংযমিত ইত্যাদিনা। কান্তায়াঃ সংযমনাদিভিঃ পরিভূতোঽপি যৎ কান্তঃ কামপি অনির্ব্বচনীয়াং তৃপ্তিং প্রাপ্তস্তদদ্ভুতমেবেত্যর্থঃ॥ ১১॥

অথ তৎক্রীড়াবিশেষমেবাহ মারাঙ্কে ইতি। রতিকেলিরেব সংকুলরণঃ পরস্পরাহতসংগ্রামস্তস্যারম্ভে তয়া শ্রীরাধয়া কান্তজয়ায় তস্য কান্তস্য উপরি সাহসপ্রায়ং যৎ কিঞ্চিৎ অনির্ব্বচনীয়ং প্রারম্ভি তৎসংগ্রামাৎ সম্ভ্রমজনিতাৎ আয়াসাৎ ইতি যাবৎ; শ্রীরাধায়া জঘনস্থলী নিস্পন্দা জাতা, দোর্ব্বল্লী শিথিলিতা, বক্ষঃ উচ্চৈঃ কম্পিতং, অক্ষি মীলিতং,

---

আহা! কামের গতি কি বিচিত্র! প্রহার করিলেই মানুষেরা কষ্ট বোধ করে; কিন্তু শ্রীহরি যদিও শ্রীমতীর ভুজলতাতে আবদ্ধ, স্তনভারে নিপীড়িত, নখাঘাতে ক্ষতবিক্ষত, নিতম্বতাড়নে বিষম আহত এবং রাধা কর্ত্তৃক কেশাকর্ষণে সংযমিত ও অধর-সুধাপানে মোহিত হইলেন, তথাপি তিনি অনির্ব্বচনীয় রসাস্বাদপূর্ব্বক হর্ষপ্রাপ্ত হইলেন॥ ১১॥

প্রথমতঃ শ্রীমতী সাহসে ভর করিয়া বল্লভকে পরাভব করিবার জন্য তদীয় বিশাল বক্ষের উপর আরূঢ় হইয়াছিলেন, কিন্তু কি আশ্চর্য্য,

নিস্পন্দা জঘনস্থলী শিথিলিতা দোর্বল্লিরুৎকম্পিতং,

বক্ষো মীলিতমক্ষি পৌরুষরসঃ স্ত্রীণাং কুতঃ সিধ্যতি ॥ ১২ ॥

মীলদ্দৃষ্টি মিলৎকপোলপুলকং * শীৎকারধারাবশা-

দব্যক্তাকুলকেলিকাকুবিকসদ্দন্তাংশুধৌতাধরম্ ।

জাতৌ একত্বম্। তত্রার্থান্তরন্যাসমাহ,—পৌরুষরসঃ স্ত্রীণাং কুতঃ সিধ্যতি। কীদৃশে? রণারম্ভে মারাঙ্কে, কেলিপক্ষে—মারঃ কামঃ, রণপক্ষে—মারণং উভয়ত্র অঙ্কঃ চিহ্নম্ ॥ ১২ ॥

ততঃ তস্যা রসাবেশাবসরে প্রিয়ঃ অধরং পীতবানিত্যাহ মীলদিতি। ধন্যম্ আত্মানং মন্যমানঃ শ্রীকৃষ্ণঃ শ্রীরাধায়া আননং পিবতি। কীদৃশ্যাঃ?—হর্ষোৎকর্ষস্য বিমুক্ত্যা প্রসৃত্যা নিঃসহা ধর্তুমশক্যা তনুর্যস্যাঃ তস্যাঃ। কীদৃশঃ?—শ্বাসেন উন্নদ্ধয়োঃ স্ফাতয়োরুচ্চয়োঃ পয়োধরয়োঃ উপরি পরিষঙ্গো বিদ্যতে যস্য সঃ। অনেন পানে হেতুগর্ভবিশেষণানি আহ। মীল-দৃষ্টি তথা মিলৎকপোলপুলকং তথা চ শীৎকারস্য যা ধারা অনবচ্ছিন্নতা তস্যা বশাৎ অব্যক্তা আকুলা যা কেলিষু কাকুঃ তয়া বিকসদ্ভির্দন্তাংশুভি-

মুহূর্ত্ত পরেই গুরুতর শ্রমে তদীয় নিতম্ব নিস্পন্দ, ভুজলতা শিথিলিত, বক্ষ কম্পিত ও নেত্রদ্বয় মুদিত হইল। রমণীরা পুরুষের ন্যায় পৌরুষরস ধারণে কবে সমর্থ হইয়া থাকে? ॥ ১২ ॥

শ্রীহরি ভাগ্যশীল, তিনিই ধন্য। কেন না, যখন ঘন ঘন শ্বাসযোগে রাধার স্তনযুগল উৎফুল্ল হইয়া উঠিতেছিল, তখন তিনি উহাকে মর্দ্দন করিতেছিলেন; যে সময়ে আনন্দাতিশয্যে শ্রীমতীর দেহ অবশ হইয়া-ছিল, তখন তিনি মুহুর্মুহুঃ চুম্বন করিয়াছিলেন। আহা! সেই শ্রীবদনের

* ঈষন্মীলিতদৃষ্টি মুগ্ধহসিতং—ইতি পাঠান্তরম্।

শ্বাসোন্নদ্ধপয়োধরোপরিপরিষঙ্গী * কুরঙ্গীদৃশো,
হর্ষোৎকর্ষবিমুক্তিনিঃসহতনোর্ধন্ত্যো ধয়ত্যাননম্ ॥ ১৩ ॥
তস্যাঃ পাটলপাণিজাঙ্কিতমুরো নিদ্রাকষায়ে দৃশৌ,
নির্ধৌতোঽধরশোণিমা বিলুলিতাঃ স্রস্তস্রজো মূর্দ্ধজাঃ।
কাঞ্চীদাম দরশ্লথাঞ্চলমিতি প্রাতর্নিখাতৈর্দৃশো-
রেভিঃ কামশরৈস্তদদ্ভুতমভূৎ পত্যুর্মনঃ কীলিতম্ ॥ ১৪ ॥

ধৌতঃ অধরঃ যত্র তৎ। অনেন রসাবেশঃ সূচিতঃ। অথ সুরতান্তে চিহ্নশোভিতবপুর্দর্শনেন প্রিয়স্য প্রেমোৎসবমাহ তস্যা ইতি। তস্যা উরঃ পাটলপুষ্পবৎ পাণিজেন নখেন অঙ্কিতং দৃশৌ নিদ্রয়া লোহিতে অধর-শোণিমা নির্ধৌতশ্চুম্বনাদিনা ক্ষালিতাঃ কেশা বিলুলিতাঃ স্রস্তস্রজঃ বন্ধন-শৈথিল্যাদিতিস্ততো গতা ইত্যর্থঃ। কাঞ্চীদাম ঈষৎশ্লথপ্রান্তভাগম্। প্রাতঃ-সময়ে এভিঃ কামশরৈঃ পত্যুর্দৃশোঃ লগ্নৈর্মনো বিদ্ধং ইত্যেতৎ অদ্ভুতমভূৎ। অন্যত্রার্পিতশরৈঃ অন্যৎ বিদ্ধমিতি আশ্চর্য্যম্ ॥ ১৩-১৪ ॥

মাধুরী কি মনোহারিণী! নেত্র নিমীলিত হইয়া আসিতেছে, গণ্ডযুগল পুলকে পূরিত হইতেছে। দশনদংশনে অধর যে ক্ষত হইয়া-ছিল, যেন তাহাকে শীতল করিবার জন্য পুনঃ পুনঃ ফুৎকার বৃদ্ধি হই-তেছে, রতিজন্য হর্ষে আকুলভাবে অব্যক্ত শব্দ বহির্গত হইতেছিল, তাহাতে অনুমান হয় যেন, দন্তের শ্বেতরশ্মি বিকীর্ণ হইয়া বিম্বাধরকে ধৌত করিয়া দিতেছে। শ্রীমতীর বক্ষঃপ্রদেশ নখরাঘাতে পাটলবর্ণে সমঙ্কিত, নেত্রযুগল নিদ্রাবশে কষায়িত, অধরপুটের রক্তিমাভা ধৌত, কেশপাশ আলুলায়িত, মালা পুষ্পবর্জ্জিত, কাঞ্চী ঈষৎ শিথিলিত, কিন্তু কি আশ্চর্য্য,

* শ্বাসোন্নদ্ধপয়োধরঃ পরপরিষঙ্গং—ইতি পাঠান্তরম্।

ব্যালোলঃ কেশপাশস্তরলিতমলকৈঃ স্বেদলোলৌ কপোলৌ,
স্পষ্টা দষ্টাধরশ্রীঃ কুচকলসরুচা হারিতা হারযষ্টিঃ।
কাঞ্চী কাঞ্চিদ্ গতাশাং স্তনজঘনপদং পাণিনাচ্ছাদ্য সদ্যঃ,
পশ্যন্তী সত্রপং মাং তদপি বিলুলিতস্রগ্ধরেয়ং ধিনোতি ॥ ১৫ ॥

তন্মনঃ কীলিতং তস্যৈব ভাবনয়া দ্যোতয়তি ব্যালোল ইতি। ইয়ং শ্রীরাধা বিমর্দ্দিতমালাধারিণ্যাপি মাং প্রীণয়তি পুনরপি রত্যুৎসুকং করোতি। ন কেবলমীদৃশী অপি চ স্তনজঘনপদং সদ্যঃ পাণিনা আচ্ছাদ্য সত্রপং যথা স্যাৎ তথা মাং পশ্যন্তী বসনাদিব্যতিরেকেণ কেবলাঙ্গশোভাদর্শনাৎ প্রীণনমিতি জ্ঞেয়ম্। কুতঃ সলজ্জং পশ্যন্তী ইত্যাহ। কেশপাশো ব্যালোলো বিকীর্ণ ইত্যর্থঃ। অলকৈস্তরলিতম্। কপোলৌ স্বেদেন লোলৌ ব্যাপ্তৌ ইত্যর্থঃ। দষ্টাধরশ্রীঃ স্পষ্টা, কুচকলসয়ো রুচা স্পর্দ্ধয়েব হারযষ্টির্হারিতা, কাঞ্চী কাঞ্চিৎ আশাং গতা, রসাবেশশৈথিল্যে নিজাঙ্গাবলোকনাৎ আত্মনঃ ক্রীড়াবিশেষাবেশকলনাৎ সত্রপামিত্যভিপ্রায়ঃ ॥ ১৫ ॥

প্রভাতে এই পাঁচটি কামশরের ন্যায় হরির নেত্রে নিখাত হইবামাত্র তদীয় হৃদয় দৃঢ়রূপে বিদ্ধ করিতে সমর্থ হইয়াছিল ॥ ১৩-১৪ ॥

আলুলায়িতকেশা, বিমর্দ্দিতমাল্যধারিণী, বিস্রস্তালকা, স্বেদসিক্ত-কপোলবিশিষ্টা, সম্যক্ প্রকাশিতক্ষতধারা, হারশোভিতা, পীনকুচা, স্খলিতকাঞ্চী, বিবসনা হেতু হস্ত দ্বারা স্তনজঘন আচ্ছাদনপূর্ব্বক সলজ্জ-দৃষ্টিক্ষেপকারিণী শ্রীমতীকে দেখিয়া আমার রতিকেলি-উৎকণ্ঠা বর্দ্ধিত হইতেছে ॥ ১৫ ॥

ইতি মনসা নিগদন্তং * সুরতান্তে সা নিতান্তখিন্নাঙ্গী।
রাধা জগাদ সাদরমিদমানন্দেন গোবিন্দম্ ॥ ১৬ ॥

(গীতম্)

(রামকিরীরাগযতিতালাভ্যাং গীয়তে)

কুরু যদুনন্দন চন্দনশিশিরতরেণ করেণ পয়োধরে।
মৃগমদপত্রকমত্র মনোভবমঙ্গলকলসসহোদরে।

এবং প্রিয়দর্শনানন্দোন্মত্তা প্রিয়ং জগাদেতি। সা শ্রীরাধা গোবিন্দং আনন্দেন ইদং বক্ষ্যমাণং জগাদ। কীদৃশম্?—ইত্যুক্তপ্রকারেণ মনসা নিগদন্তম্ অতএব আদরেণ সহ বর্ত্তমানং অসমানোর্দ্ধপ্রত্যঙ্গদর্শনাৎ ইতি জ্ঞেয়ম্। কীদৃশী?—সুরতান্তে নিতান্তখিন্নাঙ্গী ॥ ১৬ ॥

কুর্ব্বিত্যাহ। যদুনন্দনে ক্রীড়তি সতি সা শ্রীরাধা নিজগাদ; তং প্রতি ইতি প্রকরণাৎ জ্ঞেয়ম্। ক্রীড়তি ইতি সুরতান্তেঽপি চিক্রীড়িষোদয়াৎ অখণ্ডলীলত্বমুক্তম্। ইচ্ছামাত্রেণ কথং ক্রীড়নং সেৎস্যতীতি তত্রাহ। —তস্যা হৃদয়মানন্দয়তি স্বচাপল্যেন ক্রীড়নায় উন্মুখং করোতি, যস্তস্মিন্ ক্রীড়তি জগাদেতি, ক্রীড়নসময়েঽপি প্রিয়প্রেরণাৎ তস্যা নিত্যস্বাধীনভর্ত্তৃকাত্বে প্রাধান্যং দ্যোতিতম্। হে যদুনন্দন! ইত্যুক্তরীত্যা মহাকুলোদ্ভবত্বেন সর্ব্বাতিশায়িনায়কগুণখ্যাপনায় সম্বোধনম্। যদি পুনর্ম্মনোভবমথারম্ভঃ সম্ভবতি, তদা মম পয়োধরে কস্তূরীপত্রভঙ্গং করেণ কুরু।

সুরতাবসানে পরিশ্রান্তা শ্রীমতী ঐ প্রকার চিন্তামগ্ন হরিকে সানন্দে ও সাদরে বলিতে আরম্ভ করিলেন ॥ ১৬ ॥

হে হৃদয়ানন্দ যদুপতে! মদীয় কুচকলস, কামদেবের মঙ্গলকলস

---

* অত্র সহসা সন্তুষ্টং—ইতি পাঠান্তরম্।

নিজগাদ সা যদুনন্দনে ক্রীড়তি হৃদয়ানন্দনে ॥ ১৭ ॥ (ধ্রুবম্)
অলিকুলগঞ্জনমঞ্জনকং রতিনায়কসায়কমোচনে ।
ত্বদধরচুম্বনলম্বিতকজ্জলমুজ্জ্বলয় প্রিয় লোচনে (নিজগাদ সা) ॥ ১৮ ॥
নয়নকুরঙ্গতরঙ্গবিকাশনিরাসকরে শ্রুতিমণ্ডলে ।
মনসিজপাশবিলাসধরে শুভবেশ নিবেশয় কুণ্ডলে (নিজগাদ সা) ॥ ১৯

কথং তত্র তৎ করণীয়ম্ অত আহ ।—কামস্য যো মঙ্গলকলসস্তৎসদৃশে মঙ্গলকলসোঽপি তথা বিধানেন স্থাপ্যতে অতস্ত্বমপি কুরু ইত্যর্থঃ । কীদৃশে ?—চন্দনাদপি অতিশীতলেন শীতলত্বেনাব্যগ্রতয়া করণ-যোগ্যতা সূচিতা ॥ ১৭ ॥

ততশ্চ তদুপকরণানি আপাদয় ইত্যাহ অলীতি । হে প্রিয় ! লোচনে ত্বদধরচুম্বনেন লম্বিতং গলিতং কজ্জলম্ উজ্জ্বলয় অর্পয় ইত্যর্থঃ । কীদৃশম্ ?—অলিকুলগঞ্জনং সঞ্জনয়তি ইতি তাদৃশম্ । কীদৃশে ?—কামবাণান্ কটাক্ষরূপান্ মোচয়তীতি মোচনং তস্মিন্ । কজ্জলাদিকমপি তত্রাপে-ক্ষিতমস্তীতি ভাবঃ ॥ ১৮ ॥

হে শুভবেশ ! মম নয়নমেব কুরঙ্গস্তস্য তরঙ্গকুর্দ্দনং তস্য যঃ বিকাশ-স্তস্য নিরাসকরং যৎ শ্রুতিমণ্ডলং তস্মিন্, কুণ্ডলে অর্পয় । কুতস্তন্নিরা-করণং শ্রুতেরত আহ । মনসিজস্য পাশস্য বিলাসধরে পাশো মৃগবন্ধন-

সদৃশ ; তুমি স্বদীয় চন্দনস্নিগ্ধ কর দ্বারা ইহাতে কস্তূরীপত্র রচনা করিয়া দেও ॥ ১৭ ॥

হে সুদর্শন ! কন্দর্পক্ষিপ্ত শরের তুল্য মদীয় লোচনযুগল হইতে ভ্রমরপংক্তি অপেক্ষাও অধিক নীলবর্ণ যে কজ্জল তোমার মুখচুম্বনে লুপ্ত হইয়াছে, তাহা পুনর্ব্বার উজ্জ্বল করিয়া দেও ॥ ১৮ ॥

হে মনোহরবেশধারিন্ ! আমার যে শ্রবণদ্বয়ের আকার

ভ্রমরচয়ং রচয়ন্তমুপরি রুচিরং সুচিরং মম সম্মুখে।
জিতকমলে বিমলে পরিকর্ম্ময় নর্ম্মজনকমলকং মুখে (নিজগাদ সা)॥ ২০ ॥
মৃগমদরসবলিতং ললিতং কুরু তিলকমলিকরজনীকরে।
বিহিতকলঙ্ককলং কমলানন বিশ্রমিতশ্রমশীকরে (নিজগাদ সা)॥ ২১ ॥

রজ্জুস্তদ্বিলাসং ধরতীত্যর্থঃ। শুভকর্ম্মণি কৃতবেশস্ত তব প্রিয়ত্বাৎ মমাপি তথা বেশকরণং যুক্তমিত্যভিপ্রায়ঃ॥ ১৯ ॥

তথা মম মুখে অলকং সংস্কুরু। তত্র হেতুঃ,—সখীপরিহাসজনকং যতঃ সম্মুখে সুচিরং কালং ব্যাপ্য মুখকমলস্তোপরি ভ্রমরচয়ং রচয়ন্তম্ অতএব রুচিরম্। কীদৃশে ?—জিতকমলে অতো বিমলে। মুখস্ত কমলত্বেন অলকস্ত ভ্রমরত্বেন নিরূপিতম্॥ ২০ ॥

হে কমলানন! মম ললাটচন্দ্রে মৃগমদরসেন বলিতং তিলকং ললিতং যথা স্তাৎ তথা কুরু। কীদৃশম্ ?—কৃতা কলঙ্কস্ত কলা অংশো যেন তৎ। ললাটস্ত বালচন্দ্রত্বেন মৃগমদতিলকস্ত কলঙ্ককলাত্বেন নিরূপিতম্। কীদৃশে ?—বিশ্রমিতা অপগতা অম্বুকণা যতঃ তস্মিন্। তান্ অপনীয় তিলকং কুরু ইত্যর্থঃ॥ ২১ ॥

মদনপাশের তুল্য এবং যাহাতে নেত্ররূপ হরিণের তরঙ্গবিকাশ বিন্যস্ত আছে, তুমি সেই শ্রুতিপুটে কুণ্ডলযুগল পরাইয়া দেও॥ ১৯ ॥

আমার বদনমণ্ডল পদ্ম হইতেও সুদৃশ্য ও বিমল; দেখ, উহার পুরোভাগে অলকাবলী পতিত হইয়া মনোরম ভ্রমরপংক্তিবৎ শোভা ধারণ করাতে সখীগণ পরিহাস করিতেছে; অতএব মদীয় বদনপ্রসাধন করিয়া দেও॥ ২০ ॥

হে বিমলবদন! মদীয় চন্দ্রসদৃশ ললাটতট হইতে স্বেদবিন্দু মুছিয়া দিয়া শশাঙ্কে কলঙ্করেখার ন্যায় কস্তুরীরস দ্বারা মনোরম তিলক রচনা কর॥ ২১ ॥

মম রুচিরে চিকুরে কুরু মানদ মানসজধ্বজচামরে।
রতিগলিতে ললিতে কুসুমানি শিখণ্ডিশিখণ্ডকডামরে (নিজগাদ সা)॥ ২২ ॥
সরসঘনে জঘনে মম শম্বরদারণবারণকন্দরে।
মণিরশনাবসনাভরণানি শুভাশয় বাসয় সুন্দরে (নিজগাদ সা)॥ ২৩ ॥
শ্রীজয়দেববচসি জয়দে হৃদয়ং সদয়ং কুরু মণ্ডনে।
হরিচরণস্মরণামৃতকৃতকলিকলুষজ্বরখণ্ডনে (নিজগাদ সা)॥ ২৪ ॥

হে মানদ! মম কেশে কুসুমানি কুরু। কীদৃশে?—রতিগলিতে সম্ভোগাবেগেন বিকীর্ণে তথা ললিতে যতঃ স্বরূপতঃ সুন্দরে তথা মানসজস্য যো ধ্বজস্তস্য চামরে কিঞ্চ ময়ূরপুচ্ছস্যেব ডামর আটোপো যস্য তস্মিন্ মানসজধ্বজাদাটোপনাদিকমপি তদুপযোগ্যমেবেত্যর্থঃ॥ ২২ ॥

তথা হে শুভাশয়! শুদ্ধান্তঃকরণস্যৈব ক্রিয়াসিদ্ধেস্তথাশব্দঃ প্রযুক্তঃ। মম জঘনে মণিরশনাবসনাভরণানি পরিধাপয়। যতঃ সুন্দরে অধুনা এতৎকরণং যুক্তমিত্যর্থঃ। তথা সরসঘনে সরসঞ্চ তৎ ঘনঞ্চেতি তস্মিন্; অপিচ কাম এব হস্তী তস্য কন্দররূপে॥ ২৩ ॥

শ্রীজয়দেববচসি সদয়ং যথা স্যাৎ তথা হৃদয়ং কুরু। স্নিগ্ধান্তঃকরণস্যৈব

হে মানদ! মদনের রথধ্বজস্থ চামরের তুল্য আমার চিকুর রতি-সময়ে স্খলিত হইয়া মনোহরভাব ধারণ করিয়াছে। উহা ময়ূরবর্হের ন্যায় সুন্দর, তুমি ঐ কুন্তলে কুসুমরচনা করিয়া দেও॥ ২২ ॥

হে উদারহৃদয়! আমার নিতম্বদেশ বিপুল ও সরস, উহা মদন-হস্তীর কন্দরবৎ সুন্দর। তুমি উহাতে মণিময় কাঞ্চীদাম, বসন ও বিভূষণ অর্পণ কর॥ ২৩ ॥

জয়দেবরচিত এই শুভকর বাক্যশ্রেণী কৃষ্ণপদস্মরণরূপ সুধা

রচয় কুচয়োঃ পত্রং চিত্রং কুরুষ্ব কপোলয়ো-
র্ঘটয় জঘনে কাঞ্চীমঞ্চ স্রজা কবরীভরম্।
কলয় বলয়শ্রেণীং পাণৌ পদে কুরু নূপুরা-
বিতি নিগদিতঃ প্রীতঃ পীতাম্বরোঽপি তথাকরোৎ ॥ ২৫ ॥
পর্য্যঙ্কীকৃতনাগনায়কফণাশ্রেণীমণীনাং গণে,
সংক্রান্তপ্রতিবিম্বসংবলনয়া বিভ্রৎবিভুপ্রক্রিয়াম্।

এতৎশ্রবণযোগ্যত্বাদিত্যর্থঃ। যতো জয়ং শ্রীকৃষ্ণং দদাতীতি জয়দস্তস্মিন্। তত্র হেতুঃ—হরিচরণস্মরণমেব অমৃতং তেন কৃতং কলিকলুষজ্বরেণ যঃ সন্তাপস্তস্য খণ্ডনং যেন তস্মিন্ অতএব মণ্ডনে ভূষণরূপ ॥ ২৪ ॥

অত্যাবেশেন তয়া পুনরুক্তঃ সন্ তথা অকরোৎ ইত্যাহ রচয়েতি। রচয় কুচয়োঃ পত্রমিত্যাদিকম্ ইত্যনেন প্রকারেণ তয়া আজ্ঞপ্তঃ পীতাম্বরোঽপি প্রীতস্তথৈব অকরোৎ। অপিশব্দেন রতান্তর্ব্যসনব্যত্যয়াভাবেঽপি তদাজ্ঞাকরণাৎ তস্য খণ্ডিততদধীনত্বং দৃঢ়ীকৃতম্ ॥ ২৫ ॥

অথ শ্রীরাধিকায়াঃ পূর্ব্বোক্তদর্শনাৎ তৃপ্ত্যুৎকণ্ঠাবগুণ্ঠিতঃ শ্রীকৃষ্ণো

দ্বারা কলিপাতকরূপ জ্বরের তাপ বিনাশ করে,, এই মনোরম রচনা তোমার বিভূষণস্বরূপ হউক ॥ ২৪ ॥

রাধিকা কহিলেন, "পয়োধরদ্বয় কস্তুরিকাপত্রে ও, গণ্ডদেশ চন্দনে অনুলিপ্ত কর। জঘনদেশে কাঞ্চীদাম, কবরীতে পুষ্পমালা, হস্তে বলয় ও পদে নূপুর প্রদান কর।" রাধা পীতাম্বরকে এইরূপ বলিলে শ্রীকৃষ্ণ তাহাই সম্পাদন করিলেন ॥ ২৫ ॥

যিনি অনন্তমস্তকে শয়ান ও তৎফণামণ্ডলস্থ মণিতে প্রতিবিম্বিত

পাদাম্ভোরুহধারিবারিধিসুতামক্ষ্ণাং দিদৃক্ষুঃ শতৈঃ,
কায়ব্যূহমিবাচরন্নুপচিতীভূতো হরিঃ পাতু বঃ ॥ ২৬ ॥
ত্বামপ্রাপ্য ময়ি স্বয়ংবরপরাং ক্ষীরোদনীরোদরে,
শঙ্কে সুন্দরি কালকূটমপিবন্মূঢ়ো মৃড়ানীপতিঃ।

নেত্রবাহুল্যমিচ্ছন্ শ্রীনারায়ণস্য লক্ষ্মীদর্শনং শ্লাঘিতবান ইতি স্মরন্ কবিঃ আশিষং প্রযুঙ্‌ক্তে পর্য্যঙ্কীকৃতেতি। হরির্নারায়ণো বো যুষ্মান্ পাতু। কীদৃশঃ ?—কায়ব্যূহমাচরন্নিব উপচিতীভূতো বৃদ্ধিং প্রাপ্ত ইতি উৎপ্রেক্ষে। তত্র হেতুঃ,—পাদাম্ভোরুহধারিবারিধিসুতাং লক্ষ্মীং অক্ষ্ণাং শতৈর্দ্রষ্টুমিচ্ছুঃ। তৎপ্রকারমাহ, তল্পীকৃতস্য শেষস্য ফণাশ্রেণ্যাং যে মণয়স্তেষাং গণে মিলিতানাং প্রতিবিম্বানাং প্রসরণেন বিভুপ্রক্রিয়াং সর্ব্বব্যাপিভাবং বিভ্রৎ ॥ ২৬ ॥

এবং চিন্তয়ন্ অত্যুচ্ছলিতোৎকণ্ঠয়া তদবলোকনায় তস্য বৈচিত্র্যাপত্তেঃ পুনঃ শ্রীনারায়ণচরিতবর্ণনকৌতুকমাতনোদিতি স্মরন্ পুনরাশিষমাহ ত্বামিতি। হরিঃ শ্রীকৃষ্ণো বো যুষ্মান্ পাতু। কীদৃশঃ ?—শ্রীরাধায়া বক্ষোঽঞ্চলম্ অপসার্য্য স্তনকোরকোপরি মিলন্নেত্রঃ। কীদৃশ্যাঃ ?—হে

হইয়া সর্ব্বব্যাপী রূপ ধারণ পূর্ব্বক চরণকমলধারিণী কমলাকে শত শত নেত্রে দেখিবার জন্যই যেন বহুদেহ ধারণ করিয়াছিলেন, সেই কৃষ্ণ তোমাদিগের রক্ষাবিধান করুন ॥ ২৬ ॥

"হে সুন্দরি ! ক্ষীরোদধিগর্ভে তুমি স্বয়ংবরা হইয়া আমাকে বরণ করিলে, তোমাকে প্রাপ্ত না হওয়াতে ভবানীবল্লভ অচেতন হইয়া গরলসেবন

ইত্থং পূর্ব্বকথাভিরন্যমনসো নিক্ষিপ্য বক্ষোঽঞ্চলং,
রাধায়াস্তনকোরকোপরি মিলন্নেত্রো হরিঃ পাতু বঃ ॥ ২৭ ॥
যদ্গান্ধর্ব্বকলাসু কৌশলমনুধ্যানঞ্চ যদ্বৈষ্ণবং,
যচ্ছৃঙ্গারবিবেকতত্ত্বমপি যৎ কাব্যেষু লীলায়িতম্ ।

সুন্দরি ! ক্ষীরসমুদ্রস্য নীরমধ্যে ত্বাম্ অপ্রাপ্য শিবো মূঢ়ঃ সন্ কালকূটং বিষম্ অপিবৎ ইতি অহং শঙ্কে, ইত্যনেন প্রকারেণ পূর্ব্বকথাভিস্তদশ্রুত-পূর্ব্বাভিবিস্মিতচিত্তায়াঃ । কীদৃশীং ত্বাম্ ?—ময়ি স্বয়ংবরপরাম্ ॥ ২৭ ॥

অথোপসংহারেঽপি স্বাভীষ্টোপাসনায়াং সর্ব্বোত্তমতানিশ্চয়াবেশেন কারুণ্যোদয়াৎ তত্র সন্দিহানান্ ভক্তরসিকজনান্ প্রত্যাহ যদ্গান্ধর্ব্বেতি । ভোঃ সুধিয়ঃ ! শ্রীজয়দেবপণ্ডিতকবেঃ শ্রীগীতগোবিন্দতঃ তৎসর্ব্বমানন্দেন সহিতাঃ পরি সর্ব্বতোভাবেন শোধয়ন্তু, আশঙ্কাপঙ্কমুদ্ধারয়ন্তু নিশ্চিন্বন্তু ইত্যর্থঃ । তৎ কিমিত্যাহ । যৎ গান্ধর্ব্বকলাসু সঙ্গীতশাস্ত্রোক্তগীত-রাগতালাদিষু যন্নৈপুণ্যং তদেব নির্ব্বন্ধনানুসারেণ জানন্তু ইত্যর্থঃ । ন কেবলমেতৎ অপি তু যদ্বৈষ্ণবং সর্ব্বব্যাপনশীলস্য বিষ্ণোঃ সর্ব্বাবতারিণোঽচিন্ত্যানন্তশক্তেঃ স্বয়ং ভগবতঃ শ্রীকৃষ্ণস্য ভজনবিষয়ং যদনুধ্যানং স্বাভীষ্টচিত্তলীলাবিচারাসমাধানাদনুক্ষণচিন্তনং তদপ্যেতৎ দৃষ্ট্বৈব নিশ্চিন্বন্তু

করিয়াছিলেন,” এইরূপ পূর্ব্বকথা রাধাকে স্মরণ করাইয়া দিলে রাধিকা বিমনা হইলে যিনি তদীয় বক্ষের অঞ্চল অপসারণপূর্ব্বক অনিমেষ-নেত্রে কুচকোরকযুগল দর্শন করিয়াছিলেন, সেই শ্রীহরি তোমাদিগের রক্ষা-বিধান্ করুন ॥ ২৭ ॥

হে ভক্তবৃন্দ! হে সজ্জনবৃন্দ! যদি সঙ্গীতাদি শাস্ত্রে, জগদ্ব্যাপী ভগবান্ হরির উপাসনাদিবিষয়ক অনুষ্ঠানে, শৃঙ্গারতত্ত্বে ও কাব্যে

তৎ সর্ব্বং জয়দেবপণ্ডিতকবেঃ কৃষ্ণৈকতানাত্মনঃ,
সানন্দাঃ পরিশোধয়ন্তু সুধিয়ঃ শ্রীগীতগোবিন্দতঃ ॥ ২৮ ॥
সাধ্বী মাধ্বীক ! চিন্তা ন ভবতি ভবতঃ শর্করে ! কর্কশাসি,
দ্রাক্ষে ! দ্রক্ষ্যন্তি কে ত্বামমৃত ! মৃতমসি ক্ষীর ! নীরং রসস্তে ।

নিত্যত্বসর্ব্বোত্তমত্বনিশ্চয়াৎ দৃঢ়ীকুর্ব্বন্তু ইত্যর্থঃ। তত্রাপি দুরূহগতেঃ শৃঙ্গারস্য মহাপ্রেমরসস্য বিচারে যৎ তত্ত্বং দুরূহব্রজলীলাগতং তদপ্যেতদনুসারেণ নিশ্চিন্বন্তু। কাব্যেষু যৎ লীলায়িতং রাসলীলাদিব্যঞ্জকবিশেষগ্রথনং তদপ্যেতদনুসারেণ নিশ্চিন্বন্তু। সর্ব্বত্র হেতুঃ, শ্রীকৃষ্ণে একতানঃ একাগ্রোঽনন্যবৃত্তিরাত্মা মনো যস্য তস্য শ্রীকৃষ্ণৈকান্তভক্তস্যৈব সর্ব্বগুণাশ্রয়ত্বাদিত্যর্থঃ। যস্যাস্তি ভক্তির্ভগবত্যকিঞ্চনে ইত্যুক্তেঃ ॥ ২৮ ॥

অথ হৃদ্রোগমাশ্বপহিনোতি ইতি শুকোক্তিবৎ এতৎশ্রবণকীর্ত্তনস্মরণানুমোদনপ্রভাবমাহ সাধ্বীতি। হে মাধ্বীক! ইহলোকে যাবৎ জয়দেবস্য বচাংসি বিষক্ সর্ব্বতঃ শৃঙ্গারসারস্বতং ভাবং দদতি, তাবদ্ভবতঃ চিন্তা সাধ্বী ভবতি মধুরত্বেঽপি মাদকত্বাদিত্যর্থঃ। হে শর্করে! ত্বং কর্কশাসি মাদকত্বাভাবেঽপি কঠিনত্বাদিত্যর্থঃ। হে দ্রাক্ষে! কে ত্বাং

রাস-লীলাদিকীর্ত্তনে দক্ষতা পাইবার বাসনা কর, তবে সানন্দে কৃষ্ণগতৈকপ্রাণ, হরিপ্রেমিক, পণ্ডিতবর জয়দেববিরচিত এই গীতগোবিন্দ পাঠপূর্ব্বক উপদেশ লাভ কর ॥ ২৮ ॥

যদবধি জয়দেবকৃত বচনাবলী ধরাধামে শৃঙ্গারসারস্বতভাব দান

মাকন্দ! ক্রন্দ কান্তাধর! ধরণিতলং গচ্ছ যচ্ছন্তি যাব-
দ্ভাবং শৃঙ্গারসারস্বতমিহ জয়দেবস্য বিষ্বগ্বচাংসি ॥ ২৯ ॥

শ্রীভোজদেবপ্রভবস্য বামা-
দেবীসুতশ্রীজয়দেবকস্য,

দ্রক্ষ্যন্তি কোমলত্বেঽপি নিন্দ্যদেশোদ্ভবত্বাদিত্যর্থঃ। হে অমৃত! ত্বং মৃতমসি মরণান্তরপ্রাপ্যত্বাদিত্যর্থঃ। হে ক্ষীর! তে রসো নীরং নীরবৎ আবর্ত্তনাদ্যপেক্ষত্বাৎ। হে মাকন্দ! আম্র! ত্বং ক্রন্দ ত্বগস্থ্যাদিহেয়াংশ-সাহিত্যাৎ। হে কান্তাধর! ত্বং পাতালম্ অসুরালয়ং যাহি অধোগতলক্ষমত্বাৎ তবাত্র স্থিতিরপি ন যুক্তেত্যর্থ। শ্রীজয়দেববর্ণিত-মধুরাখ্যভক্তিরসাস্বাদনির্ভজনাস্তে ঘৃণামেব করিষ্যন্তীতি ভাবঃ ॥ ২৯ ॥

অথ স্বপিতৃমাতৃস্মরণপূর্ব্বকং পরাশরাদিমতজ্ঞাতার এব অধিকারিণ ইতি তান্ প্রতি আশিষয়তি শ্রীভোজেতি। ভোজদেবনামা অস্য পিতা বামাদেবীনাম্নী জননী তস্যাঃ সুতস্য শ্রীজয়দেবকস্য পরাশরাদীনাং

—০—

করিতেছে, হে মধু! তদবধি ত্বদীয় চিন্তায় আর মাধুর্য্য নাই। হে দ্রাক্ষে! তোমার দিকে আর কে দৃষ্টিপাত করিবে? হে অমৃত! তুমি মৃতবৎ হইয়াছ; হে সহকার! তুমি রোদন কর; হে কান্তাধর! তুমি দানবগৃহে প্রস্থান কর ॥ ২৯ ॥

ভোজদেবের ঔরসে বামাদেবীর গর্ভে যাঁহার উদ্ভব, সেই জয়দেব-

পরাশরাদিপ্রিয়বন্ধুকণ্ঠে

শ্রীগীতগোবিন্দকবিত্বমস্তু ॥ ৩০ ॥

ইতি শ্রীজয়দেবকৃতৌ গীতগোবিন্দে মহাকাব্যে সুপ্রীতপীতাম্বরো নাম দ্বাদশঃ সর্গঃ ॥ ১২ ॥

যে প্রিয়াস্তন্মতজ্ঞাতারস্তেষ্বপি যে বান্ধবাস্তন্মতানুসারেণ শ্রীরাধামাধব-কেলিজ্ঞানেন বন্ধুত্বং প্রাপ্তাস্তেষামেব কণ্ঠে ভূষণবৎ সদা, শ্রীগীত-গোবিন্দাখ্যং কবিত্বমস্তু, অনেনাস্য প্রবন্ধস্য সর্ব্ববেদেতিহাসপুরাণাদি-বক্তৄণাং সম্মত্যা সর্ব্বসারত্বং দুরূহত্বঞ্চ বোধিতম্। অতঃ সর্গোঽয়ং সমৃদ্ধি-মদাখ্যসম্ভোগরসানন্দিতঃ পীতাম্বরঃ যত্র সঃ।

যদ্বৎ স্ববালমুগ্ধোক্তৌ পিত্রা প্রীতিরবাপ্যতে।

তদ্বৎ শ্রীকৃষ্ণচৈতন্যং প্রীয়তামত্র জল্পিতে ॥

ইতি শ্রীগীতগোবিন্দটীকায়াং বালবোধিন্যাং দ্বাদশঃ সর্গঃ ॥ ১২ ॥

কবিবিরচিত এই গীতগোবিন্দকাব্য পরাশরাদি পুরাতন আচার্য্য হৃদয়বন্ধুবৃন্দের কণ্ঠদেশ অলঙ্কৃত করুক ॥ ২৯ ॥

সম্পূর্ণম্।

শ্রীশ্রীগীতগোবিন্দ

(৺রসময় দাস-কৃত পদাবলী)

প্রথম সর্গ

কুঞ্জবনমধ্যে প্রবেশিতে সখীগণ।
কহিছে রাধায় কিছু প্রণয়-বচন॥
কুঞ্জেতে প্রবেশ কর রাধা ঠাকুরাণি।
প্রিয়সখীর বচন অল্প করি মানি॥
কৃষ্ণ-সজ্জায় কুঞ্জে তুমি কর প্রবেশ।
শ্রবণ করহ প্রিয়সখীর আদেশ॥
পূর্ব্বরাত্রে রাস হৈতে এলে মান করি।
তদবধি কৃষ্ণ তোমা অতি ভয় করি॥
কেবল আছেন মাত্র তোমার গোচরে।
কুঞ্জেতে আছেন তাহে বচন না স্ফুরে॥
যদি বল কুঞ্জে প্রবেশিব কোন্ মতে।
তাহার উপায় সব দেখহ সাক্ষাতে॥
মেঘ আসি আচ্ছাদিল গগনমণ্ডলে।
মেঘাবৃত চন্দ্রমা হইল এই কালে॥
বনভূমি তমালের বর্ণ সেই স্থানে।
শ্যামবর্ণ হইয়াছে কেহ নাহি জানে॥
যদি বল মনুষ্যের গমনাগমন।
কেমনে চলিব, তার শুন বিবরণ॥
অন্ধকারে অভিসার-বেশ-ভূষা করি।
চলহ নিকুঞ্জে সব ভয় পরিহরি॥

আনন্দে নিদেশ পেয়ে চলে দুই জন।
প্রতি কুঞ্জে কুঞ্জে লীলা করি অনুক্ষণ॥
অধঃকুঞ্জ লক্ষ্য করি নানা লীলা করি।
চলিলেন বৃন্দাবনে স্বচ্ছন্দে বিহরি।
প্রিয়-মিলনের ইচ্ছা জানি সেই কালে।
মেঘ আসি আচ্ছাদিল গগনমণ্ডলে॥
মেঘাবৃত চন্দ্র পুনঃ রহে সেইখানে।
টীকাকার এই মত করিয়া বাখানে॥
নন্দের আদেশ হৈল কৃষ্ণ লয়ে যেতে।
চলিলেন অধঃকুঞ্জ-ক্রমে অলক্ষিতে॥
সঙ্কেতে করিয়া ইহা করিল লিখন।
পূর্ব্ব-অর্থ করিয়াছি মূল প্রয়োজন॥
বৃন্দাবনে যমুনার কূলে নিত্য লীলা।
জয়দেব নিজ গ্রন্থে সব প্রকাশিলা॥
রাধিকা-মাধব-কেলি যমুনার কূলে
জয়যুক্ত বর্তমান কাল শাস্ত্রে বলে॥
অতএব জয়দেব-বাক্যের দেবতা।
শ্রীনন্দনন্দন কৃষ্ণ জানিবে সর্ব্বথা॥
বক্তা কর্ত্তা হয় গ্রন্থকরণের উক্তি।
কৃষ্ণ ব্যাখ্যা হয় সব জয়দেব-উক্তি॥

তাঁহার চরিত্র যত ব্রজলীলাগণ।
তাহাতে বিচিত্র জয়দেববাক্য মন॥
সেই চিত্র চিত্তপদ্ম হৈতে প্রকাশিয়া।
প্রবন্ধ করিলা সর্ব্বলোকে বুঝাইয়া॥
সরস্বতী শব্দ যদি করয়ে ঘটনা।
তবে পূর্ব্বাপর গ্রন্থ না হয় যোটনা॥
অহর্নিশি লীলা-পদ্ম থাকে যার হাতে।
পদ্মাবতী নামে রাধা জানিহ নিশ্চিতে॥
তাহার চারণবর্গ আছে বৃন্দাবনে।
তারা চক্রবর্ত্তী করি আপনাকে মানে॥
সেই নিত্য সদা সুখে বাড়য়ে দোঁহারে।
বৃন্দাবনে লক্ষ্মী শব্দ না করি বিচারে॥
শ্রীশব্দে শ্রী রাধিকা লিখিল গ্রন্থকার।
বসু-অংশ বসুদেব নন্দ নাম তার॥
তার পুত্র বাসুদেব শ্রীনন্দনন্দন।
তার রতি-কেলি-কথা করিলা রচন॥
এইরূপে প্রবন্ধ করিল মহাশয়।
রাধাকৃষ্ণ-লীলা-গীত জানিহ নিশ্চয়॥
আপনার উপাসনা সাধ্য জানাইল।
রাধাকৃষ্ণ-বিলাস-বর্ণন গ্রন্থ কৈল॥
এইরূপে জয়দেব আত্মার যোগ্যতা।
রাধাকৃষ্ণ-লীলা গীত করিলা সর্ব্বথা॥
মন্দ জন গ্রন্থে না হইবে অধিকারী।
শ্রবণ-অধিকারী ইথে লিখিব বিচারি॥
শ্রীকৃষ্ণপদারবিন্দে একান্ত শরণ।
অন্য অভিলাষ জ্ঞান কর্ম্ম বিসর্জ্জন॥
ব্রজলীলা উপাসনা অনুরাগধারী।
সেই জন গ্রন্থের হইবে অধিকারী॥
শুন ভক্তগণ সব শ্রীগুরুচরণে।
রাসকেলি-কৌতুক করিয়া বৃন্দাবনে॥
সেই রস আস্বাদন অথবা চিন্তন।
ইহাতে সুস্নিগ্ধ যদি আছে যার মন।
বৈদগ্ধ্য চেষ্টাতে যদি আছে কুতূহলী
রাস-কুঞ্জে লীলা কৃষ্ণ করে গোপী মেলি।
বিলাসকলাতে যদি সরস তোমার
তবে জয়দেববাক্যে কর অঙ্গীকার॥
মধুর কোমল কান্ত জয়দেববাণী।
ইহার শ্রবণে রাধাকৃষ্ণ-লীলা জানি॥
রাধাকৃষ্ণ-লীলা-তত্ত্ব লিখন করিয়া।
ভক্তে বুঝাইল আত্মা প্রকাশ করিয়া॥
জয়দেব-সরস্বতী করহ শ্রবণ।
পদশ্রেণী হয় কৃষ্ণ-লীলার বর্ণন॥
শৃঙ্গার-প্রাধান্য হেতু মধুর লক্ষণ।
গান হেতু কমনীয় পদশ্রেণীগণ॥
এই পদ্যে সম্বন্ধ অভিধেয় প্রয়োজন।
টীকাকার তিন বস্তু করিলা সূচন॥
উমাপতি নামে এক মহা কবিরাজ।
পল্লবের প্রায় বাক্য এই তাঁর কাজ॥
নব পল্লবের প্রায় শ্লোক মাত্র করে।
বাক্য গুণযুক্ত কিছু বর্ণিতে না পারে॥
শরণ নামেতে কবি দুরূহ-বর্ণনে।
দুর্ব্বোধক পদ শীঘ্র করি উচ্চারণে॥
অতি শ্লাঘ্য করি তারে কহে কবিগণ
এমন সুশ্রেণী পদ্য না শুনি কখন॥
গোবর্দ্ধন আচার্য্যের স্পর্দ্ধী কেহ নাই।
মহাকবি বলি তাঁরে কবিগণ গাই॥
বসন্তের বর্ণনাতে নাহি অধিকার।
গোবর্দ্ধনাচার্য্য বলি মহাখ্যাতি যাঁর॥
ধোয়ী নামে কবিরাজ অতি শ্রুতিধর।
শ্রবণমাত্রেতে শ্লোক করয়ে বিস্তর॥
শুনিলে সকল গ্রন্থ করিবারে পারে।
আপনি বর্ণিতে মাত্র নাহি অধিকারে॥
বাক্যের সন্দর্ভ-শুদ্ধি জয়দেব জানে।
রাধাকৃষ্ণ-লীলা সেই করয়ে বর্ণনে॥
উমাপতি ধোয়ি গোবর্দ্ধন কবিরাজ।
সামান্য বর্ণন মাত্র এ সবার কাজ॥
জয়দেব কৃষ্ণলীলা-বর্ণনাধিকারী।
অতএব মহাকবি মহাকাব্যকারী॥

প্রলয়কালেতে যত সমুদ্রের গণ।
একীভূত জলে যবে হইল মিলন ॥
তাহাতে নিমগ্ন বেদ তাহা উদ্ধারিতে।
মীনরূপ ধরি তাহা করিলা সাক্ষাতে ॥
জয় জয় জগদীশ মীনরূপধারী।
কেশব হইল নাম কেশি দৈত্যে মারি ॥
বিহিত করিলা তাঁর চরিত্র তাহাতে।
সত্যব্রত রাজার কৈবল্যলাভ যাতে ॥
জয় জয় মীনরূপধারী তোমার।
সত্যব্রত রাজাবে করিলা অঙ্গীকার ॥
রম্যক বর্ষেতে মীনরূপে অধিকারী।
অধিষ্ঠাতৃদেব তুয়া পদে নমস্কারি।
এইরূপ দশ অবতারের বর্ণন।
যাহা হৈতে জানি অবতার-প্রয়োজন ॥
পঞ্চাশৎ কোটি যোজন পৃথিবী-গণন।
অবহেলে পৃষ্ঠে তাহা করিলা ধারণ ॥
কিণচক্রে পৃথ্বীভার একদিকে রয়।
জয় জয় জগদীশ কূর্ম্মদেব জয় ॥
ধরিলে কচ্ছপরূপ জগৎ-ঈশ্বর।
বরাহ-শরীর অতি দেখিতে সুন্দর ॥
দশনে ধরিয়া ক্ষিতি তুলিলা আপনি।
চন্দ্রে যেন চন্দ্রকলা শোভিছে মেদিনী ॥
বরাহ-শরীরে কৈলা পৃথিবী উদ্ধার।
জয় জয় জগদীশ জগতের সার ॥
নিজ কর-পদ-নখ অদ্ভুত ধারিলে।
হিরণ্যকশিপু-তনু-ভৃঙ্গ বিদারিলে ॥
জয় জয় জগদীশ নৃসিংহরূপধারী।
প্রহ্লাদে করিলা রক্ষা দৈত্যগণে মারি ॥
বলি-রাজে ছলিয়া রাখিলে ইন্দ্ররাজ।
চরণেতে করিলা তিন লোকের কাজ ॥
ধরিলা বামনরূপ জগতের পতি।
তোমার চরণে মোর একান্ত ভকতি ॥
ভৃগুপতিরূপে কৈলা ক্ষত্রিয় নিধন।
তাহার রুধিরজলে করিলা তর্পণ ॥

জয় জয় ভৃগুপতিরূপ অবতার।
জয় জয় জগদীশ করুণা অপার ॥
দশমুখে নাশ করি দেবকার্য্য কৈলা।
দিক্‌পালগণে তবে বলিদান দিলা ॥
রামরূপধারী জগদীশ জয় জয়।
যুদ্ধ করি দুষ্টে মারি রিপু কৈলা ক্ষয় ॥
বিশদ শরীরে নীলবস্ত্র শোভা করে।
হলভয়ে যমুনা মিলনে যেন তীরে ॥
জয় জয় হলধররূপ ভগবান্।
বুদ্ধরূপে নিন্দা কৈলে যজ্ঞের বিধান ॥
যেখানে পশুর হত্যা সেই দেবগণে।
নিন্দা করি দয়া প্রকাশিলে সর্ব্বজনে ॥
জয় জগদীশ বুদ্ধশরীর তোমার।
কল্‌কিরূপ ধরি কৈলে ম্লেচ্ছের সংহার
ধূমকেতু-প্রায় বামহাতে খড়্গ ধরি।
কাটিলা ম্লেচ্ছের গণ মহাযুদ্ধ করি ॥
যাবতীয় ম্লেচ্ছগণে করিলা নিধন।
কল্‌কি-অবতার হয় জগৎকারণ ॥
শ্রীজয়দেবের এই মুখোদিত বাণী।
সুখদ সতত সংসারের সার মানি ॥
শুনহ ভকতগণ জয়দেব-কথা।
দশবিধ রূপ কৃষ্ণ ধরিলা সর্ব্বথা ॥
বেদ উদ্ধারিলা কৃষ্ণ মীনরূপ ধরি।
কূর্ম্মরূপ ধরিলা ধরণী পৃষ্ঠে করি ॥
বরাহ-শরীরে কৈল পৃথিবী উদ্ধার।
নৃসিংহরূপে হিরণ্যকশিপু বিদার ॥
বলি ছলি রাজ্য লৈলা হইয়া বামন।
ভৃগুপতিরূপে ক্ষত্রবর্গের নিধন ॥
রঘুনাথরূপে কৈলা রাবণে সংহার।
বলরামরূপে হল-গ্রহণ তোমার ॥
বুদ্ধরূপে আপন কারুণ্য বিস্তারিলা।
কল্কিরূপে ম্লেচ্ছগণে বিনাশ করিলা ॥
এইরূপে প্রতি কল্পে ধরি অবতার।
দশাকৃতি কৃষ্ণপদে করি নমস্কার ॥

শ্রীকৃষ্ণায় নমঃ তিঁহো দশ অবতরী।
তাঁর যত অবতার কহিতে না পারি॥
লক্ষ্মীর বক্ষসি সদা তোমার আশ্রয়।
মুনিগণ-মনোহংস কৃষ্ণ জয় জয়॥
ধরিল কুণ্ডল শ্রুতিমূলে মনোহর।
বনমালা শোভে ব্রজলোক-চিত্তহর॥
দিনমণিমণ্ডল যত তাহার মণ্ডন।
তুয়া নামগুণে ভবসংসার খণ্ডন॥
বিষধর কালিয়েরে করিলে গঞ্জন।
জয় জয় দেব কৃষ্ণ জগৎ-জীবন॥
যদুকুল-নলিনীর তুমি দিবাকর।
রমণীর রঞ্জন ত্রিবিধপাপহর॥
মধু-মুরনরকাদির বিনাশস্বরূপ।
জয় জয় গরুড়-আসন কৃষ্ণরূপ॥
সুরকুল-কেলি যত তাহার নিদান।
অমল কমলদল লোচন সুঠাম॥
স্মরণ করিলে মাত্র সংসার-মোচন।
ত্রিভুবন-ভবন-নিধান গুণগণ॥
ধরিলা মন্দর তুমি নিজানন্দসুখে।
চকোরস্বরূপ তুমি পদ্ম-শ্রীমুখে॥
প্রণত হৈনু আমি তোমার চরণে।
জানিয়া মঙ্গল কর প্রণতের গণে॥
শ্রীজয়দেবকৃত উজ্জ্বল গীতগাথা।
সবার মঙ্গল সদা করুক্ সর্ব্বথা॥
শ্রীকৃষ্ণ অধিক রক্ষা করুন্ সবারে।
অনঙ্গ খেলায় দেহে স্বেদাম্বপূর ধরে॥
পদ্মাপয়োধর-পরিরম্ভণ করিতে।
কাশ্মীর লাগিল বক্ষে ব্যক্ত রাগমতে॥
প্রিয়াতে অধিক রাগ কুঙ্কুমের ছলে।
বাহিরে প্রকাশ হয় কবিগণে বলে॥
অতঃপর বসন্ত-উৎকণ্ঠা কহিবারে।
জয়দেব-শ্রীচরণে করি নমস্কারে॥
রাধিকার সহচরী সরস-বচনে।
রাধা আগে কহে কিছু বসন্ত-লক্ষণে।
বাসন্তী কুসুম নিন্দি সুন্দর শরীর।
ভ্রমণ করিছে কুঞ্জে চিত্ত নহে স্থির॥
অমন্দ কন্দর্পজ্বর চিন্তাতে আকুলা।
কৃষ্ণের লাগিয়া ফিরে করি কত ছলা॥
বাড়িছে দ্বিগুণ বাধা নিবারণ নহে।
তার আগে গিয়া কিছু প্রিয়সখী কহে॥
শুন শুন প্রাণসখি বসন্ত-সময়।
বৃন্দাবন-সুখ-শোভা বর্ণন না হয়॥
তাহাতে রসিক কৃষ্ণ যুবতীর সঙ্গে।
বিহার করয়ে আর নৃত্য করে রঙ্গে॥
ছয় রস শৃঙ্গার হয়েছে মূর্ত্তিমান্।
তাহাতে সম্মিলন বসন্ত অগুয়ান॥
বসন্ত-সমীপে কৃষ্ণ করিছে বিহার।
মূর্ত্তিমান্ হইয়াছে সাক্ষাৎ শৃঙ্গার॥
ললিতা লবঙ্গলতা তাহার মিলনে।
কোমল মলয়বায়ু বহে অনুক্ষণে॥
মধুকর-নিকর-বেষ্টিত সব ঠাঞি।
কোকিল-কূজিত কুঞ্জ কুটীরে সদাই॥
বিরহিণীজনে বহু দুরন্ত বিশেষ।
বসন্ত-সময় তাহে বৃন্দাবনদেশ॥
উন্মত্ত মদন মনোরথ সব স্থানে।
প্রকাশিত বধূচিত্ত করয়ে ভেদনে॥
কান্তের বিচ্ছেদে তায় জন্ময়ে বিলাপ।
বাড়াইছে বসন্ত-সময় মহাতাপ॥
অলিকুল-বেষ্টিত হয়েছে ফুলবনে।
তাহার সৌরভ গন্ধ দল-শ্রেণীগণে॥
নবদল তমালের গন্ধ মিশাইল।
তার গন্ধে বৃন্দাবন আমোদ করিল॥
যুবজন-হৃদয়বিকার করিবারে।
মনসিজ নখপ্রায় কিংশুকের জালে॥
মদন হইয়াছে রাজা এই বৃন্দাবনে।
কেশের কুসুমরাজ ছত্রের সমানে॥
স্বর্ণদণ্ড যেন শোভা রাজার উপরে।
ঐছে বকুলের শ্রেণী রাজদণ্ড ধরে॥

শিলীমুখ পাটলি-পটলে প্রবেশিতে।
মদনের তূণ প্রায় জানিহ নিশ্চিতে ॥
বিগলিত লজ্জা সব তরুণীর গণে।
কেবল হাসিছে সব জগত লক্ষণে ॥
বিরহিণী কুন্ত করে কুন্তমুখাকৃতি।
কেতকী উন্নতদন্তা তাহার প্রকৃতি ॥
মাধবিকার পবিমল নবমল্লিকাতে।
তার গন্ধে সুগন্ধিত দেখহ সাক্ষাতে ॥
মুনিমনোমোহন করিতে শক্তি ধরে।
তরুণজনার বন্ধু আছে কামচরে ॥
বৃন্দাবন-বিপিনেতে পরিসর হৈয়া।
পারগত যমুনার জলে মিশাইয়া ॥
বসন্ত ভ্রমিছে সদা বৃন্দাবনমাঝে।
বিরহিণী-জনে দুঃখ দিবে কোন্ কাজে ॥
শ্রীজয়দেব-ভণিত শুনহ ভক্তগণ।
শ্রীকৃষ্ণ স্মরণ এই পরম কারণ ॥
পুনর্ব্বার কহে সখী শুন মোর বাণী।
দুর্জ্জয় বসন্তকাল অতি ভয় মানি ॥
অল্প বিদলিত যত মল্লিকার গণ।
তার বল্লী চঞ্চৎ পরাগ প্রকটন ॥
প্রকটিত পটবাস বাসিত কানন।
তার গন্ধে সবাকার দহিছে জীবন ॥
কেতকীর গন্ধ তার বন্ধু তুল্য হয়ে।
প্রসরদ হয়ে বহে বায়ু মিশাইয়ে ॥
মদনরাজার সহ এক মেলি করি।
গন্ধবহ গমন করিছে ফিরি ফিরি ॥
শ্রীখণ্ড-শৈলের যত গন্ধবহগণ।
ঈশাচল প্রতি সবে করিলা গমন ॥
মলয়পর্ব্বতে আছে ভুজঙ্গ সকল।
তাহার কবলে বায়ু হইলা বিকল ॥
ঈশাচলে স্নিগ্ধজলে স্নান করিবারে।
গন্ধবহ চলিয়াছে করহ বিচারে ॥
স্নিগ্ধসব রসালের মুকুল নেহারি।
অতিহর্ষে পিক ডাকে কুহু কুহু করি ॥

কত কলস্বর পিক কহিছে উদয়।
বুঝিয়া করহ কাজ যে উচিত হয় ॥
উন্মীলন হইয়াছে মধুগন্ধ বনে।
তাতে লুব্ধ ব্যাবৃত মধুপ অনুক্ষণে ॥
সহকারে অঙ্কুরিত ক্রীড়তি কোকিলী।
কোকিলের কল-কল সবে এক মেলি ॥
শুনিতে কর্ণের জ্বর বাড়ে অনুক্ষণ।
তাহাতে দিবস নয় রাখহ জীবন ॥
বসন্ত-বাসর সব আছে এইরূপে।
প্রিয়-দর্শনেতে পড়ে অমৃতের কূপে ॥
অনেক যুবতীমধ্যে দেখিয়া কৃষ্ণেরে।
দর্শন করিয়া পুনঃ কহে মন্দস্বরে ॥
নিকটে দেখহ কৃষ্ণ বিহরিছে বনে।
পুনরপি কহে সখী মধুর-বচনে ॥
সুখবিলাসিনী যত গোপিকা-নিকরে।
কৃষ্ণ তাহে বিলাসই পরম সুন্দরে ॥
খেলে পরস্পর গোপী কৃষ্ণসঙ্গ পায়্যা।
বিলাস করিছে সবে উন্মত্ত হইয়া ॥
চন্দনচর্চ্চিত সব নীল-কলেবর।
পীতবস্ত্র বনমালা অতি মনোহর ॥
কেলি পরে গলে দোলে মণির কুণ্ডল।
মণ্ডিত হইল পুনঃ হাসির হিল্লোল ॥
পীনপয়োধরভার-ভরে গোপনারী।
রহিল পরিরম্ভণে অনুরাগ করি ॥
কোন্ গোপী মধুকর যন্ত্র একতান।
উঠায়ে পঞ্চম রাগ কেহ করে গান ॥
কেহ রাসবিলাস বিলোল লোচন।
জন্মিয়াছে অনঙ্গজ খেলার বর্ণন ॥
কোন মুগ্ধা বধূ কৃষ্ণবদনারবিন্দ।
ধ্যান করি পায় সবে বড় সুখবৃন্দ ॥
কেহ কেহ কপোলতলেতে হাত দিয়া।
শ্রুতিমূখে মুখ দিল চুম্বন করিয়া ॥
কিম্পি করিব বলি চারু চুম্ব দিল।
সেই নিতম্বিনী পুনঃ পুলকে ভরিল ॥

কোন গোপী কেলিকলা-কৌতুকিনী হয়ে।
যমুনার জলে যায় কৃষ্ণে আকর্ষিয়ে ॥
মঞ্জুল লতার মধ্যে কৃষ্ণচন্দ্রে আনি।
পীতাম্বর ধরিয়া কথয়ে নিতম্বিনী ॥
কিছু বাক্য আছে তাহা কহিব নিভৃতে।
কৃষ্ণ সহ নিজ সুখে বিহার করিতে ॥
করতল-তালি-সংবলিত কোন নারী।
তরল বলয়-শ্রেণী সুখে নৃত্য করি ॥
কলিত বংশীর সহ কলস্বর গীত।
রাস-রসে সহ নৃত্য কৃষ্ণ প্রশংসিত ॥
কোন গোপিকারে কৃষ্ণ করি আলিঙ্গন।
কোন গোপী ধরি কৃষ্ণ করয়ে চুম্বন ॥
কাহারে রমণী করি মুখ নিরীক্ষণ।
হাস্যমুখে গোপিকার পশ্চাৎ গমন ॥
কেহ বস্ত্র ধরে কেহ বাহু করতলে।
কেহ দিব্য মালা গাঁথি দেয় কৃষ্ণগলে ॥
শ্রীজয়দেব-কথা বর্ণিত সকল।
অদ্ভুত কৃষ্ণের কেলি রহস্য নির্ম্মল ॥
বিপিন-বিনোদ-কথা করহ শ্রবণ।
বর্ণিতে আছয়ে রাধা-কৃষ্ণের মিলন ॥
বিস্তর হরষে শুভ শ্রবণ বর্ণিতে।
আছে অতিশয় যশ ব্যক্ত শাস্ত্রমতে ॥
স্বচ্ছন্দে সকল ব্রজসুন্দরীর সঙ্গে।
সর্ব্ব-অঙ্গ আলিঙ্গন করে প্রেমরঙ্গে ॥
মূর্ত্তিমান্ শৃঙ্গার হইয়া রাসস্থলে।
ঐছে কৃষ্ণ বিহার করয়ে কুতুহলে ॥
মধু মাস মুগ্ধ হরি করিছে বিহার।
পরম স্বচ্ছন্দে তার সকল আচার ॥
ইন্দীবরশ্রেণীশ্যাম কেবল শরীরে।
অনঙ্গোৎসব-রস অতি বৃদ্ধি করে ॥
বিশ্বের ঈশ্বর সব অনুরক্তকারী।
আনন্দ জন্মায় তার বিহার আচরি ॥
তবে রাধা ঠাকুরাণী শুনিয়া বচন।
আপনার মনস্কাম করি উদ্‌ঘাটন ॥
রাসের উল্লাসে চিত্তবিভ্রান্ত হইয়া।
আভীর-নাগরী সব আছে কৃষ্ণ লয়্যা ॥
তার মধ্যে আসি রাধা কৃষ্ণে আলিঙ্গিল।
উদ্ভট চুম্বন বহু বদনে করিল ॥
প্রেমান্ধ হইয়া কহে বচন সুন্দর।
সাধু তব অসাধ্য সুধাময় সুধাধর ॥
এই কথা কহি রাধা স্তুতিগীতচ্ছলে।
উদ্ভট চুম্বেন কৃষ্ণ-বদনকমলে ॥
দেখি কৃষ্ণ স্মিতমুখ সর্ব্বমনোহারী।
করুন্ জগতে কৃপা দয়াময় হরি ॥

ইতি শ্রীগীতগোবিন্দ মহাকাব্যে সামোদদামোদর নামক প্রথম সর্গ ॥ ১ ॥

দ্বিতীয় সর্গ

কৃষ্ণ যবে বিহার করয়ে বৃন্দাবনে।
শ্রীরাধিকাসহ আর সব গোপী সনে ॥
শতকোটি গোপী সঙ্গে করেন বিহার।
সবাকার সঙ্গে করে সম ব্যবহার ॥
সাধারণ প্রেম কৃষ্ণ করে সব স্থানে।
দেখিয়া রাধার ঈর্ষ্যা বাড়ে ক্ষণে ক্ষণে।
বিগলিত নিজোৎকর্ষা শ্রীরাধিকা হৈল
মানময়ী সর্ব্ব-বৃন্দাবন নেহারিল ॥
সমান উন্মাদ রস সম কেহ নয়।
কৃষ্ণ পুনঃ সম প্রেম সর্ব্বত্র করয় ॥
দেখিয়া বাড়িল ঈর্ষ্যা অতীব প্রবল।
ঈর্ষ্যাবশ হয়ে রাধা হইল নিশ্চল ॥

ক্রোধ করি রাস ছাড়ি এক কুঞ্জে গিয়া।
নির্ব্বাক্ হইয়া কুঞ্জে রহিলা বসিয়া॥
উপরে গুঞ্জরে সব ভ্রমরমণ্ডলী।
কুঞ্জের শিখরে বসি মধুপানকেলি॥
সে রহঃ-কুঞ্জেতে রহে বিলীনা হইয়া।
সখীরে কহয়ে কিছু চিত্ত উঘাড়িয়া॥
অতি দীন হৈয়া বসি নিকুঞ্জ-ভিতরে।
কহিতে লাগিলা কিছু মন্দ মন্দ স্বরে॥
শুন প্রাণসখি কৃষ্ণ পড়িছে অন্তরে।
আপনার মনঃকথা কহিনু তোমারে॥
শারদীয় রাসে কৃষ্ণ যে প্রেম করিলা।
পূর্ব্ব অনুপূর্ব্ব কথা মনে পড়ি গেলা॥
মোর মন কৃষ্ণরূপ করিছে স্মরণ।
কৃষ্ণসহ বিহিত বিলাস-পরায়ণ॥
সঞ্চার হইল অধরের সুধা যাতে।
এমন মধুর ধ্বনি মুখরিত গীতে॥
এমন মোহন বংশী তার সুধাগান।
শুনি কর্ণ নেত্র অঙ্গ জুড়ায় পরাণ॥
বলিত হয়েছে তিথি দৃগ্ পক্ষপাতি।
শিরোভূষা অবতংস কপোল সুভাতি॥
ময়ূরচন্দ্রিকা চারু চন্দ্রিকা উজ্জ্বল।
চিকুরে বেষ্টিত হয়ে করে ঝলমল॥
ইন্দ্রধনু অপরূপ প্রচুর সাজনি।
অতিশয় মেঘের মধুর রূপখানি॥
বিপুল পুলক ভুজপল্লবের শোভা।
তাহাতে বলিত গোপ-যুবতীর লোভা॥
গোলাপ কদম্ব তার সব নিতম্বিনী।
কৃষ্ণমুখচুম্বনে লোভিত হেন মানি॥
বন্ধুজীব জিনি সেই অধরপল্লব।
উল্লাসিত স্মিত তাতে আনন্দ-উৎসব॥
কর আর চরণ আর উরসি মণিগণ।
কিরণে বিহীনতমঃ হৈল বৃন্দাবন॥
জলদপটলমাঝে চন্দনের বিন্দু।
চন্দন-তিলক শোভে যেন পূর্ণ-ইন্দু॥
গোপিকার পয়োধর তাহার মর্দ্দনে।
হৃদয় নির্দ্দয় যেন কবাট সমানে॥
মণিময় মকরকুণ্ডল শোভা করে।
অতি মনোহর গণ্ড ঝলমল করে॥
পীতাম্বরধারী কৃষ্ণ পরম উদার।
অনুগত নর-সুরাসুর-পরিবার॥
প্রফুল্লিত কদম্বের তলে গোপী মেলি।
করিল কলুষ-নাশ লীলা করি কেলি॥
প্রেমরূপ-কলহে যে উপজয়ে ভয়।
চাটুবাক্যে তাহা সব নির্ব্বাণ করয়॥
আবার এ অঙ্গ দৃষ্টে করয়ে রমণ।
নিজ মাধুর্য্যেতে আকর্ষয়ে মোর মন॥
জয়দেব-ভণিত অপূর্ব্ব প্রেমলীলা।
শুনহ সকল লোক সংসারের ভেলা॥
শুন সখি মোর মন বিপর্য্যয় হৈল।
কৃষ্ণ-গুণগ্রাম জপিতে লাগিল॥
সখী কহে শুন রাধা আমার বচন।
তোমা ছাড়ি অন্য সহ করয়ে রমণ॥
তবে কেন তব মন স্মরিছে তাহারে।
বুঝিতে না পারি কথা কহ দেখি মোরে॥
রাধা কহে শুন সখি আমার আকৃতি।
কৃষ্ণ বিনা মোর মন না চলয়ে কতি॥
ভ্রমিতে না চাহে পদ কৃষ্ণগুণ বিনে।
কৃষ্ণ-পরিতোষ সদা কহিছে ধেয়ানে॥
দোষ দূরে ত্যাগ কৈল চাহে দেখিবারে।
আপন মরম সখি কহিনু তোমারে॥
যুবতীর মধ্যে কৃষ্ণ করিছে বিহার।
আমা বিনা নানা সুখ বাড়িল তাহার॥
পুনরপি মনোরমা করিছে কামনা।
কি করিব কহ সখি বাক্যের যোজনা॥
আরে সখি কেশি-মথনের সঙ্গ মোরে।
করাও নিকুঞ্জে এই নিবেদন তোরে॥
মনোভববাণে মোর তাপিত অন্তর।
আনিয়া মিলাও কৃষ্ণ ত্রিভঙ্গ-সুন্দর॥

নিভৃত নিকুঞ্জমাঝে যবে আমি যাব ।
নিশিতে রহসি কৃষ্ণ-নিলয়ে থাকিব ॥
চকিত হইয়া আমি দিক নেহারিতে ।
রতি-রভসেতে কৃষ্ণ লাগিবে হাসিতে ॥
প্রথমেতে সমাগমে লজ্জিত অন্তর ।
কৃষ্ণ পটু চাটু বাক্যে হইব সত্বর ॥
স্মিত অনুকূল বাক্য প্রার্থনা করিব ।
আমি মৃদু মুগ্ধবাক্য স্মিতমুখ হব ॥
শিথিল করিবে মোর জঘন-দুকূল ।
কিসলয়-শয়ন হইবে অনুকূল ॥
চিরকাল ধরি মোর উরাস শয়ন ।
কত পরিরম্ভণে চুম্বন পুনপুন ॥
পরিরম্ভ করিবেন কৃতাধরপান ।
কৃষ্ণ-সুখ দেখি আমি বহু করি মান ॥
আলস্যে অলস হবে লোচন আমার ।
পুলক-আবলিযুক্ত কপোল তাহার ॥
শ্রমজলে সিক্ত হবে সর্ব্ব-কলেবর ।
মদন-রসেতে লুব্ধ নন্দের কোঙর ॥
কোকিলের কলরবে কূজিত আমার ।
জিত-মনসিজ-তন্ত্র কৃষ্ণের বিহার ॥
শ্লথ হবে কুসুম আকুল কুচভার ।
কুচগ্রহি চুম্বন করিবে বারে বার ॥
রতিসুখসময়ে অলস হবে অঙ্গ ।
দর-মুকুলিত কৃষ্ণ-নয়ন-তরঙ্গ ॥
শ্রীজয়দেব-ভণিত মধুর অতিশয় ।
মধুরিপু নিধুবন-কথা সুধাময় ॥
সুখ-উৎকণ্ঠিত গোপবধূর বিলাপ ।
বিস্তার হউক কুঞ্জে রাধার বিলাপ ॥

শুন সখি কৃষ্ণ মোরে বিলোকন করি ।
বিলক্ষণ স্মিত-সুধা মুখেতে বিস্তারি ॥
ব্রজসুন্দরীগণ যাবৎ দেখিবে ।
সুখেতে আবৃত হয়ে হাস্যমুখ হবে ॥
হস্তস্রস্ত বিলাস-মুরলী অনুক্ষণ ।
ভ্রূবল্লী-কটাক্ষে বিন্ধে বল্লবীর গণ ॥
উৎসারিত দৃগন্ত স্বেদার্দ্র গণ্ডস্থল ।
দেখিয়া বাড়িবে মোর তরঙ্গ সকল ॥
সরোবর উপবন পবনমণ্ডলী ।
অতি ব্যথা দেয় মোরে বিনা বনমালী ॥
হের দেখ অশোকের লতিকা বিকাশ ।
দুরালোক শোক মোর করিছে প্রকাশ ॥
ভৃঙ্গী সব ভ্রমিয়া ভ্রমিয়া ধ্বনি করে ।
রতি রমণীয়া দেখি দুঃখ সে আচরে ॥
হের দেখ মুকুলিত রসালের গণে ।
আমার হৃদয়ে দুঃখ দেয় অনুক্ষণে ॥
এইরূপে উৎকণ্ঠার করয়ে লক্ষণ ।
তবে সর্ব্বজগতের আশিস্ সূচন ॥
আকুতি সহিত স্মিত আকুল অন্তরে ।
খসিছে কবরী উল্লাসিত করি তারে ॥
ছলেতে দর্শিত ভুজমূল দৃষ্ট স্তন ।
কৃষ্ণমুখ দেখি করুক্ ভ্রূবল্লী নর্ত্তন ॥
দেখিয়া নিভৃতে কৃষ্ণ আনন্দ অন্তরে ।
সেই মনোহর কৃষ্ণ রক্ষুন তোমারে ॥
শুনহ অপূর্ব্ব কথা জয়দেব-বাণী ।
সংসার মোচন হবে যেই কথা শুনি ॥
দ্বিতীয় সর্গের কথা করিল রচন ।
জয়দেব-পাদপদ্ম করিয়া বন্দন ॥

ইতি শ্রীগীতগোবিন্দ-মহাকাব্যে অক্লেশকেশব নামক দ্বিতীয় সর্গ ॥ ২ ॥

তৃতীয় সর্গ

রাধিকার উৎকণ্ঠার কহিনু লক্ষণ।
এবে কৃষ্ণ-উৎকণ্ঠার করিব সূচন॥
কংসারি রাধিকা ধরি হৃদয়মণ্ডলে।
ছাড়িলা সকল গোপী মহারাসস্থলে॥
সংসার-বাসনা তার বন্ধন-শৃঙ্খলা।
কেবল রাধিকা মাত্র হয়েন একলা॥
রাসস্থলে কৃষ্ণ রাধা না দেখি যখনে।
শতকোটি গোপীরে ছাড়িলা সেই ক্ষণে॥
ইতস্ততঃ ভ্রমণ করিয়া বনে বনে।
রাধা-অন্বেষণ করে বিষাদ-বদনে॥
অনঙ্গের বাণে ব্রণ-খিন্ন কলেবর।
অনুতাপ করি আর প্রলাপ বিস্তর॥
খিন্ন-মানস হয়ে কুঞ্জে কুঞ্জে ফিরি।
যমুনার তটান্ত কুঞ্জে বহু তাপ করি॥
শতকোটি গোপীগণ ছাড়ি এককালে।
বিষাদ করেন কৃষ্ণ বসিয়া বিরলে॥
অনেক গোপীর মধ্যে দেখিয়া আমারে।
ক্রোধ করি গেলা কিছু না কহিলা কারে॥
ভয়ে আমি তারে না কৈনু নিবারণ।
তাহার সাক্ষাতে অন্য সহিত রমণ॥
অন্যে অন্যে দৃষ্টি যদি হৈল সেইক্ষণে।
অপরাধ-ভয়ে না করিনু নিবারণে॥
হরি হরি খেদ-বাক্য কহে বার বার।
নিষেধ করিতে ঝুরে নয়নের ধার॥
হতাদর হেতু রাধে অতি-কোপ হৈয়া।
কোন্ কুঞ্জে আছ তুমি আমারে ছাড়িয়া॥
কি করিছ বলিছ ব্যাপ্ত বিরহব্যথা।
ধনে কিবা কাজ মোর আর সব বৃথা॥
সুখে বা কি কাজ মোর গৃহে কিবা করে।
বিকল হইল প্রাণ না দেখি তোমারে॥
তোমার মুখারবিন্দ সদা চিন্তা করি।
কুটিলভ্রূ কোপভরে তাহাতে সঞ্চারি॥
শোণপদ্ম প্রায় যেন উপরি ভ্রমর।
আকুল হইয়া যেন ভ্রমে নিরন্তর॥
সেইরূপ হৃদয় সঙ্কেতে সদা আছে।
তাহাতে রমিছে চিত্ত আছে তব কাছে॥
অতিশয় রূপ রাত্রিদিনে ধ্যান করি।
কোন্ কুঞ্জে তোমারে দেখিব আঁখি ভরি॥
কিংবা বৃথা করি আমি বিলাপ আচার।
অসূয়া-অন্বিত তনু হয়েছে তোমার॥
হৃদয়ে জানিনু আমি তোমার খিন্নতা।
তাহা নাহি জানি মাত্র তুমি আছ কোথা॥
তোমার নিকটে যাই অনুনয় করি।
শুন তন্বি আমি তোমা না দেখিলে মরি॥
রাধাপ্রতি আবেশ বাড়িল অতিশয়।
যাহা তাহা রাধা-রূপ কৃষ্ণের স্ফুরয়॥
কৃষ্ণ কহে সাক্ষাতে কর গতাগতি।
বাক্য কেন নাহি কহ না বুঝি কি রীতি॥
পূর্ব্বে যৈছে সংভ্রমে করিতে আলিঙ্গন।
এবে তাহা না কর না বুঝি এ কারণ॥
বুঝি মোর আপনার আছে তব স্থানে।
নহিলে সাক্ষাতে তুমি বিমনস্ক কেনে॥
ক্ষম অপরাধ মোর আর পুনঃ নয়ে।
অতঃপর কদাচিৎ নারিহ নিশ্চয়ে॥
দেহ মোরে দরশন শুনহ সুন্দরি।
মন্মথের বাণে মোরে দুঃখ দেয় ভারি॥
আবেশে হইলা যেন শ্রীরাধা সাক্ষাতে।
সেইরূপ শুণ যেন পরস্পর তাতে॥
রাধা-অঙ্গগন্ধে নাসা করে আকর্ষণ।
আপনে করিছে রাধা অঙ্গের বর্ণন॥
জয়দেব কবি ইহা বর্ণন করিল।
নত হঞা কৃষ্ণলীলা স্তবন করিল॥
সেই জয়দেব-চন্দ্র সর্ব্বকাল জয়।
কেন্দুবিল্ব-সমুদ্র-সম্ভব মহাশয়॥

কেন্দুবিল্ব নামে তার সমুদ্র উপম।
তাহাতে উদয় চন্দ্র জয়দেব নাম॥
পুনর্ব্বার অনঙ্গদেবের স্তব করি।
আপনার বেশ-ভূষা তাহার গোচরি॥
শুনহ অনঙ্গ আমি না হই শঙ্কর।
ক্রোধ করি দুঃখ মোরে না দিহ বিস্তর॥
কুবলয়দল-শ্রেণী কণ্ঠেতে আমার।
গরল-ভ্রমেতে কেন করহ প্রহার॥
হৃদয়ে পঙ্কজহার না হয় ভুজঙ্গ।
প্রিয়ার সহিত শিব হয় অর্দ্ধ অঙ্গ॥
মলয়জ-রজ অঙ্গে নহি ভস্মধারী।
প্রিয়ার সহিত আমি নাম গিরিধারী॥
শিব ভ্রমে তুমি মোরে না কর প্রহার।
শিব-বেশ-ভূষা অঙ্গে না হয় আমার॥
রসাল সায়ক হস্তে না কর গ্রহণ।
অনঙ্গের বাণ আম্রমুকুলের গণ॥
চাপ আরোপণ তুমি না করিহ হাতে।
ক্রীড়াতে নির্জ্জিত বিশ্ব হইল তোমাতে॥
মূর্চ্ছিত জনাকে ঘাতি কিবা সে পৌরুষ।
মনসিজ নাম ধর সব তোমার বশ॥
রাধিকার প্রেক্ষৎ কটাক্ষবাণ হৈতে।
জর্জ্জর হইয়াছে চিত্ত নারি সামলিতে॥
বাণশ্রেণী-ঘাতে চিত্ত সুস্থ নাহি হয়।
মনসিজ শুন চিত্রে দৃষ্টি না করয়॥
কটাক্ষ-বিশিখ তোমার ভ্রূচাপের সঙ্গী।
মর্ম্মব্যথা নির্ব্বাণ করিতে বড় রঙ্গী॥
শ্যামাত্মা কুটিল তোমার কবরীর ভার।
মারোদ্যম করিতে নির্দ্দয় হৃদয় তার॥
বিম্বাধর মোহন সদা করিছে অন্তরে।
রাগবান্ জন যৈছে করে নিরন্তরে॥
অতিশয় বৃত্ত স্তনমণ্ডল তোমার।
প্রাণের সহিত ক্রীড়া করে বার বার॥
স্পর্শ-সুখ সেই যদি আছয়ে তোমার।
কি হেতু বিরহ-ব্যাধি বাড়য়ে অপার॥
তরল ভ্রমণ স্নিগ্ধ নয়ন-বিভ্রম।
বক্ত্রাম্বুজের সৌরভ অতি মনোরম॥
সুধাস্যন্দী বাক্যের মাধুরী শুনি কানে।
তবে কেন বিরহ-ব্যাধি বাড়ে অনুক্ষণে॥
বিম্বাধর-মাধুরী বিষয়াসঙ্গ মন,।
রাধার সমাধি মোর আছে সর্ব্বক্ষণ॥
রাধিকার ভ্রূপল্লব ধনুক প্রমাণ।
অপাঙ্গ-তরঙ্গ সব মদনের বাণ॥
শ্রবণের পাঁতি তার ধনুকের গুণ।
অনঙ্গ জিনিতে এই বাণের পত্তন॥
হারিয়া অনঙ্গ সব অস্ত্র সমর্পিল।
অনঙ্গ জয় জঙ্গম দেবতা নাম হৈল॥
তাহাতে জিনিলে

তুমি সকল সংসার।

সাক্ষাৎ করিয়া তারে

কহে বার বার॥

কৃষ্ণের কটাক্ষ উর্ম্মি জগতের জনে।
কন্দলিত হয়ে রক্ষা করুন্ স্থানে স্থানে॥
মুগ্ধ মধুসূদন-মুখারবিন্দ শোভা।
রাধিকা-মুখারবিন্দ পঙ্কজের আভা॥
তির্য্যক্ বলিতে মৌলি তরল উত্তংস।
উচ্ছ্বসিত গীত স্থান সুবলিত বংশ॥
ললনা সকল বিদ্ধ কটাক্ষ-ভঙ্গীতে।
হেন কৃষ্ণ সবে রক্ষা করুন্ সর্ব্বমতে॥
তৃতীয় সর্গের এই কহিল বিবরণ।
জয়দেব-পাদপদ্ম করিয়া বন্দন॥

ইতি শ্রীগীতগোবিন্দ-মহাকাব্যে মুগ্ধমধুসূদন নামক তৃতীয় সর্গ॥ ৩॥

চতুর্থ সর্গ

কৃষ্ণ ঐছে তাপ করি আছেন বিরলে।
রাধিকার প্রিয়সখী আসে হেনকালে॥
যমুনা-তীরেতে বেতসীর কুঞ্জে বসি।
দেখি কহে রাধা-সখী কিছু মন্দ হাসি॥
শুনহ মাধব রাধা তোমার বিরহে।
মহাদুঃখে পড়িয়াছে কিছু নাহি কহে॥
চন্দন চন্দ্রমা সব করিছে নিন্দন।
অনুদিন খেদভাব অধীর বচন॥
ব্যালগৃহে মিলনে গরল প্রায় মানি।
মলয়সমীর তাহে অগ্নি হেন জানি॥
তোমার বিচ্ছেদে রাধা অতিশয় ম্লান।
মনসিজ-বাণ-ভয়ে তব পদে লীন॥
মদনের বাণে অবিরত পোড়ে অঙ্গে।
তাহার অন্তরে তুমি আছ তার সঙ্গে॥
স্বহৃদয় মর্ম্মস্থানে তোমা রাখিবারে।
সজল নলিনীদলে অঙ্গে বর্ম্ম করে॥
কুসুম বিশিখ শর-শয্যাতে শয়ন।
অনঙ্গ বিলাস ফল ব্রত-পরায়ণ॥
তব পরিরম্ভণসুখেতে অভিলাষ।
কুসুম শয়ন-ব্রতে করিলেন বাস॥
বলিতে লোচনে ঝরঝর জলধার।
কমনীয় মুখপদ্ম ভিজে বার বার॥
বিধুন্তুদ দন্তে করি চন্দ্রকে দংশিল।
দশনে গলিতামৃত করিতে লাগিল॥
রহসি কুরঙ্গ মদে তব রূপ দেখি।
অনঙ্গের শর হাতে তব রূপ লিখি॥
মকরবাহন তার তলে সাজাইয়া।
নবচূত শর করি তার হাতে দিয়া॥
প্রণাম করয়ে পুনঃ করয়ে স্তবন।
এই ব্রত করি নিজ রাখয়ে জীবন॥
মধুমুখা হে মাধব করিছে প্রণাম।
প্রতিক্ষণ এই বাক্য কহে অবিরাম॥

যদি কহ মোর পদে কেন নমস্কার।
তাহাতে কহি যে শুন মরম রাধার॥
তোমার বিহনে চন্দ্র অমৃতের নিধি।
আত্মার দহন মোর করে নিরবধি॥
পুনর্ব্বার শ্রীরাধিকা অতি ব্যগ্র হৈয়া।
ধ্যানালয়ে তব মূর্ত্তি সাক্ষাৎ করিয়া॥
বিলাপ করিছে ক্ষণে শীর্ণ কলেবর।
ক্ষণে ক্ষণে পুনঃ পুনঃ রোদন বিস্তর॥
অত্যন্ত দুরাপ তুমি পাইয়া তোমারে।
আলিঙ্গন করি সব তাপ দূর করে॥
অগ্রে স্ফূর্ত্তি জানিয়া ধাইছে বার বার।
নিতান্ত বিষাদে মগ্ন কখন হুঙ্কার॥
ধ্যান করি কুঞ্জে কভু আছেন বসিয়া।
ঝরিছে নয়নজল মুখ বুক বয়্যা॥
শুন ভক্তগণ যদি মন নৃত্য করে।
শ্রীজয়দেবের বাক্য শুনিবার তরে॥
শ্রীকৃষ্ণ-বিরহ ব্যাপ্ত শ্রীরাধা-চরণ।
সখীবাক্য কৃষ্ণ অগ্রে করিল প্রার্থন॥
শ্রীজয়দেব-ভণিত বাক্য পাঠ করি।
পরম আনন্দে যাব ভবসিন্ধু তরি॥
তবে সখী পুনর্ব্বার কহে কৃষ্ণ-স্থানে।
তোমায় না দেখিলে রাধা অতি দুঃখ মনে॥
আবাস বিপিন প্রায় হইল তাহার।
প্রিয়সখীগণ সব জালের আকার॥
অতিতাপে অতিশ্বাস বহে নিরন্তর।
দহনের সম জ্বালা-কলাপ বিস্তর॥
কন্দর্প যমের প্রায় করিছে আচার।
শার্দ্দূল-বিক্রম তেঁহো করে বার বার॥
হরিণী সমান তার নয়ন চঞ্চল।
চারিদিকে নেহারিতে ঝরে আঁখিজল॥
বিরহেতে পাণ্ডুবর্ণ সকল শরীর।
তোমার বিরহে কোন স্থানে নহে স্থির॥

তবে পুনঃ সখী কহে নিকটে বসিয়া।
তার দশা চেষ্টা সব কৃষ্ণে শুনাইয়া॥
স্তনে বিনিহিত হার মানি গুরুভার।
অতি কৃশ তনু রাধা ফেলাইল হার॥
অতি মনোহর হার ধরিতে না পারি।
তোমার বিহনে তনু অতি কৃশ পরি॥
শুন প্রিয় কেশব রাধার হেন দশা।
দেখিয়া সকল সখী ছাড়িল ভরসা॥
সরস মানস মলয়জ পঙ্ক দেখি।
বিষ প্রায় মানি রহে মুদি দুই আঁখি॥
শ্বসিত পবন বহে দহন সহিতে।
মদন আগুন যেন বহে চারি ভিতে॥
নয়ন-নলিনী দিকে দিকে ক্ষেপ করি।
নয়নের জলকণা নয়ন উপরি॥
অশ্রুমুখে সেই দিকে করে নিরীক্ষণে।
কমল প্রকাশ হয় তার বিলোকনে॥
কিশলয়-শয্যা যেন নয়নের বাণ।
অনল-স্বরূপ তারে করি অনুমান॥
সশঙ্ক হইয়া রহে মহাভয় করি।
কি বলে কি করে কিছু বুঝিতে না পারি॥
পাণিতল কপোলে আছে যে অনুক্ষণ।
রক্তপদ্মে যেন বালচন্দ্রের শয়ন॥
হরিরিতি হরিরিতি সদা জপ করে।
বিরহে বিহিত মরণের দশা ধরে॥
মরণে যে গতি হৈছে দশা অনুক্ষণ।
অন্তর্দ্দাহ সহ স্থিতি প্রলাপ-বচন॥
জয়দেব-ভণিত শ্রীব্রজলীলা-গীত।
শ্রীকৃষ্ণভজনপদ সর্ব্বজনহিত॥
শ্রীচরণে সমর্পিত হয় মন যার।
সেই শ্রোতাগণে সুখ বাড়ুক অপার॥
তবে সখী কহে শুন নন্দের নন্দন।
তোমারে কহি যে তার চেষ্টার লক্ষণ॥
রোমাঞ্চ শীৎকার কম্প বিলাপ ভ্রমতা।
ধ্যান ভয় মূর্চ্ছা আর গতি যথা তথা॥

অশ্বিনীকুমার তুল্য চিকিৎসক তুমি।
শুনহ দৈবত বৈদ্য কহিলাম আমি॥
রোমাঞ্চ হইয়া রাধা রহে অনিমিখে।
শীৎকার করিয়া পুনঃ উঠে মহাদুখে॥
বিলাপ করয়ে বহু কম্প সর্ব্ব-গায়।
ক্ষণে সাম্য করে ক্ষণে ধ্যানদৃষ্টে চায়॥
কখন ভ্রমণ করে এই কুঞ্জবনে।
চলিতে পড়য়ে ভূমে উঠে বহুক্ষণে॥
পুনঃ উঠি যাইতে মূর্চ্ছিত হয়ে পড়ে।
তবে মহাকম্প ঘটে সর্ব্ব-অঙ্গ নড়ে॥
তবে হয় বৈবর্ণ্য দেখিতে লাগে ভয়।
মূর্চ্ছা ভাঙ্গিলে সখী লো বলিয়া কান্দয়॥
বিরহেতে শ্বেতবর্ণ হৈল কলেবর।
কহিতে না পারে কিছু বচন ঘর্ঘর॥
এই মহাজ্বরে রাধা ব্যাকুল অন্তরে।
তোমার চিকিৎসা তাতে শীঘ্র সুস্থ করে॥
সখীবর্গ তার মহা চিকিৎসা করিয়া।
ছাড়ি দিল সবে মাত্র কান্দে মুখ চায়া॥
তব রসায়ন মাত্র তাঁহার জীবন।
নহিলে অন্যথা আমি কৈনু নিবেদন॥
শুনহ দৈবত বৈদ্য বচন আমার।
তব সঙ্গামৃত মাত্র চিকিৎসা তাহার॥
স্মরভাব বড় তার হয়েছে অন্তরে।
তব সঙ্গ সাধ্য মাত্র কহিনু তোমারে॥
ব্রজজন-হৃদ্য তুমি হস্ত পরশিলে।
ব্যাধি হৈতে মুক্ত রাধা হয় সেই কালে॥
যদি তারে সুস্থ নাহি কর হস্ত ধরি।
ইন্দ্রবজ্র হৈতে তুমি কঠিন বিচারি॥
কন্দর্পের জ্বরে অতি জ্বরাতুর তনু।
রাধিকার চিত্তের আশ্চর্য্য কথা শুন॥
চন্দন চন্দ্রমা কমলিনী নাম শুনি।
অন্তরে উঠয়ে শত আগুনের খনি॥
অতিশ্রান্ত হয়ে তাহা করয়ে চিন্তন।
তুমি মাত্র শীতল লাগয়ে অনুক্ষণ॥

ক্ষান্তির রসেতে তুমি পরম শীতল।
তুমি সর্ব্বপ্রিয় তোমা লাগিয়া বিকল॥
কষ্টে সৃষ্টে ক্ষণমাত্র নারে গোঙাইতে।
অতি ক্ষীণ তনু কুঞ্জে রহে এক ভিতে॥
প্রাণ মাত্র আছে তোমা দেখিবার তরে।
বিরহ-সমুদ্রে ডুবি তোমা ধ্যান করে॥
পূর্ব্বে কতক্ষণ মাত্র বিরহ না জানে।
খিন্ন হয় পুনঃ পুনঃ নয়ন মিলনে॥
নিমিষ বিরহ যেবা সহিতে না পারে।
চিরকাল বিরহেতে কিসে প্রাণ ধরে॥
রসালের শাখা তার অগ্রে পুষ্প দেখি।
কেমনে জীবন রহে তুমি তার সাক্ষী॥
নিমিষ নিন্দয়ে যেবা ব্যবহৃত লাগি।
সে জন তোমার লাগি রহে কুঞ্জে জাগি॥
সর্ব্ব-লোক আশীর্ব্বাদ এক শ্লোকে করি।
চতুর্থ সর্গের কথা সমাপ্ত আচরি॥
কংসশত্রু সদা রক্ষা করুন সবারে।
শ্রেয়ঃ বিস্তার করুন জগতের তরে॥
চিরকাল ধরি গোপাঙ্গনাতে চুম্বিত।
সেই বাহু কৈল সর্ব্ব-গোকুলের হিত॥
ব্রজজনে রাখিলা ধরিয়া গোবর্দ্ধন।
বৃষ্টিতে ব্যাকুল তার রক্ষার কারণ॥
উর্দ্ধৃত করিয়া গিরি ধরি বাম হাতে।
বল্লব বল্লবী সব তাহার সহিতে॥
চুম্বন করিতে তার ললাটে সিন্দূর।
লাগিল বাহুতে দেখি অতি সুমধুর॥
অধিক আনন্দ হৈল চিরকাল ধরি।
নন্দরাজ-তনুজ সবারে রক্ষা করি॥
প্রেমেতে বিবশ চুম্ব দিতে কৃষ্ণ বহু।
চাঁদের মণ্ডলী যেন বেড়িলেক রাহু॥
গোকুল-রক্ষণে বীর-রস মূর্ত্তিমান্।
সেই কৃষ্ণ সদা করুক্ সবার কল্যাণ॥

ইতি শ্রীগীতগোবিন্দ-মহাকাব্যে স্নিগ্ধমধুসূদন নামক চতুর্থ সর্গ॥ ৪

পঞ্চম সর্গ

সখীর বচন শুনি ব্যাকুল হৈলা।
আপনি চলিতে কৃষ্ণ উৎকণ্ঠিত হৈলা॥
সাপরাধ চিন্তি পুন হইয়া স্তম্ভিত।
সহসা গমনে মান হবে উপস্থিত॥
কোপ শান্ত করিয়া রাধা অনুনয় করি।
আপনার মুখে কথা কহিবে বিস্তারি॥
আনহ রাধারে বহু করি অনুনয়।
সহসা গমনে মান হবে অতিশয়॥
এই যুক্তি মধুরিপু সখীসঙ্গে করি।
পাঠাইল রাধার পাশ আনিতে আহীরী॥
সেই সখী গিয়া রাধা দেখে কুঞ্জবনে।
মৌন করি আছে কথা নাহি কার সনে॥
গণ্ডমূলে হস্ত দিয়া ভূমিতে লিখন।
অধোমুখে মনোদুঃখে ঝরিছে নয়ন॥
দেখি কৃষ্ণসখী বড় দুঃখ পায় মনে।
চারিদিকে সখীবর্গ আছে অচেতনে॥
সরস সম্ভাষ করি মন ফিরাইতে।
ক্রমে সব কৃষ্ণ-চেষ্টা লাগিল কহিতে॥
শুন সখি তোমার বিরহে বনমালী।
অবশ হয়েছে দেখি কান্দে সখী মেলি।
তোমার করের সেই মালা সুনির্ম্মাণ।
তাহা অবলম্বি মাত্র রাখয়ে পরাণ॥
অতএব বনমালী তোমার হতেতে।
তোমাগত চিত্ত তার জানিবে ইহাতে।

মদন করিয়া আগে মলয়-সমীর।
পুষ্প-গন্ধ লয়ে ফিরে অতি শৈত্য ধীর॥
আগে সন্নিহিত হয়ে মদন রাজার।
মলয়-পবন বহে পরম দুর্ব্বার॥
চারিদিকে ফুটিয়াছে কুসুম-নিকরে।
বিরহী জনের চিত্ত বিদারণ করে॥
শিশির ময়ূখ মর্ম্ম করিছে দাহন।
কুসুম-বিশিখ পড়ে অঙ্গ বিদারণ॥
মরণের অনুরূপ চন্দ্রের কিরণ।
কুসুম পড়িছে চিত্ত বিহ্বল কারণ॥
মনেতে বলিত যবে বিরহ-বেদনা।
নিশি ব্যাপি অতি পীড়া অধিক ভাবনা॥
অনুভব করি পীড়া রাত্রি নাহি যায়।
কৃষ্ণ মহা দুঃখী সখি কি করি উপায়॥
ছাড়িয়া রুচির গৃহ বনে বাস করি।
লুঠতি ধরণীতলে তব নাম ধরি॥
জয়দেব নাম কবি ভণিত তাহার।
বিরহেতে বিলাসিত কবিত্ব যাহার॥
রভস বিভবচিত্ত কৃষ্ণের উদয়।
করিয়া করুক সব দুষ্কৃতের ক্ষয়॥
পূর্ব্বে হবে রাসলীলা সিদ্ধ যেই স্থানে।
রতিপতি চরিত্র করিলা তোমা সনে॥
সেই মহা নিকুঞ্জ মন্মথ-তীর্থ-মাঝে।
ধ্যান করিছেন তোমা হৃদয়সরোজে॥
তোমার আলাপ মন্ত্রাক্ষর জপ করে।
তুহুঁ কুচকুম্ভ পরিরম্ভ আশা ধরে॥
সেই পরিরম্ভামৃত সদাই বাঞ্ছয়।
বুঝিয়া করহ কার্য্য যে হয় নিশ্চয়॥
শুনিতে শ্রবণে কিছু জন্মিল উল্লাস।
পুনঃ প্রিয়সখী কহে করি প্রেম-হাস॥
পথ নিরীক্ষণ করি শ্রীনন্দকুমার।
আছেন্ রজনী-দিন না যায় যাহার॥
অতএব সখী শীঘ্র কর অভিসারে।
পুনর্ব্বার প্রাণসখী প্রার্থনা আচরে॥

যমুনার তীর ধীর সমীরে বসিয়া।
বনমালী আছে সখী তব মুখ চায়া॥
রতি-সুখ-অভিসারে কৃষ্ণ হৈলা গত।
মদন-মোহন বেশ করি অভিমত॥
নামের সহিত কৃষ্ণ সঙ্কেত সুতান।
বেণুর বাজনাসহ করিছেন গান॥
গমনেতে বিলম্ব না কর নিতম্বিনি।
অনুসর হৃদয়ের নাথ বাক্য মানি॥
পবন চলিছে তব স্পর্শ করি তনু।
তাহার সহিত উড়ে মলয়ার রেণু॥
তব অঙ্গ বায়ু-সঙ্গ হৈতে ধন্য হৈল।
সেই রেণু বহু মানি বহু প্রশংসিল॥
বায়ু সম স্পর্শ-সুখ না হয় আমার।
সেই হেতু রেণু বহু মান অর্থ তার॥
অতএব বসিলা ভূমে বৃক্ষ-ডাল হৈতে।
তাহে বিচলিত পত্র চলে চারিভিতে॥
তোমার সঙ্কেত উপস্তবন জানিয়া।
শয়ন রচনা করে সত্বর হইয়া॥
সচকিত নয়ন হইয়া পথ হেরি।
তোমার গমন বুঝি উঠে বেরি বেরি॥
ত্যজহ মঞ্জীর কর নিকুঞ্জে গমন।
মুখর অধিক লোল এত দোষগণ॥
আশু ত্যাগ কর সখি চরণমঞ্জীর।
চল সখি কুঞ্জমাঝে হইয়া সুধীর॥
সতিমির কুঞ্জ-পুঞ্জে করহ গমন।
নীল নিচোল ভূষা করহ শীলন।
শুনহ গৌরাঙ্গী রাধা বচন আমার।
কৃষ্ণের বক্ষসি তুমি তড়িৎ আকার॥
অতি শোভা পাবে তাতে বিপরীত রতি।
উপস্থিত হার যেন বলাকার পাঁতি॥
সঙ্কেতের ফল পাবে শ্রীকৃষ্ণসঙ্গমে।
কহিল তোমারে সখি বসিয়া নিগমে॥
নবঘনে বলাকার তড়িৎ শোভা করে।
হার সহ অতি শোভা করিবে তোমারে॥

শুন সখি শীঘ্র গিয়া কিশলয়মাঝে।
জঘনঘটন কর কৃষ্ণ-সুখ-কাজে॥
কৃষ্ণ বিগলিত করে বসন যাহার।
কৃষ্ণ হেতু দূরে কৃত রশনার ভার॥
পঙ্কজ-নয়না শুন মোর হিত-বাণী।
অতিহর্ষ পাবে কৃষ্ণ নিধি প্রায় মানি॥
আভরণ-রহিত দেখিয়া তব অঙ্গে।
মাতিবে কৃষ্ণের রতি মদন-তরঙ্গে॥
হরি অভিমানী আর বিরাম রজনী।
অভিসার কর সখি মোর বাক্য মানি॥
কি জানি অন্যের হয় পাছে অভিসার।
কৃষ্ণ অভিমানী শুন মর্ম্ম অর্থ তার॥
শুনহ সাধক প্রমুদিতচিত্ত হৈয়া।
কৃষ্ণপদে নমস্কার বিধান করিয়া॥
জয়দেব-ভণিত শুনহ একমনে।
ইহাতে পাইবে বহু প্রেমভক্তি-ধনে॥
সুকৃতী জনের বাঞ্ছনীয় বস্তু হয়।
হরিপদ ভজনের পরম আশ্রয়॥
প্রমোদিতহৃদয় হইয়া শুন কথা।
ইহার শ্রবণে কৃষ্ণ মিলিবে সর্ব্বথা॥
মদনের পীড়া পায়ে অতিকান্ত হৈয়া।
তব প্রিয় কুঞ্জমাঝে আছেন বসিয়া॥
পর্য্যাকুল হয়ে মুহু করিছে ঈক্ষণ।
বারংবার শয্যা সব করিছে রচন॥
অতি শীঘ্র অভিসার করহ সুন্দরি।
তোমার বিচ্ছেদে কৃষ্ণ দুঃখ পায় ভারি॥
প্রিয়া না আইলা বলি বহু শ্বাস ছাড়ি।
বহু পরিতাপ করি আছে ভূমে পড়ি॥
এখনি আসিবে বলি অগ্রে নিরীক্ষণ।
দিক নিরখিতে অশ্রু ঝরিছে নয়ন॥
কদাচিৎ অন্য পথ দিয়া কিবা আইলা।
ইহা বলি পুনঃ পুনঃ কুঞ্জে প্রবেশিলা॥
প্রবেশ করিয়া কুঞ্জে না দেখি তোমারে।
ম্লান হয়ে অত্যন্ত কাতর শব্দ করে॥

অবশ্য আসিবে প্রিয়া করিয়া নির্দ্ধার।
মুহুর্মুহুঃ করে মনে প্রিয়ার সঞ্চার॥
তোমার বাম্যের সহ সূর্য্য অস্তগত।
অন্ধকার নিবিড় পাইল অভিমত॥
গোবিন্দের মনোরথ সহিত বাড়িয়া।
কুঞ্জবন আচ্ছাদিল নিবিড় হইয়া॥
চক্রবাক্ করুণায় মম অভ্যর্থনা।
দৈন্যরূপে কহি তুমি শুনহ করুণা॥
শুন মুগ্ধে বিফল বিলম্ব কেন হয়।
রম্য অভিসারে ক্ষণ জানিবে নিশ্চয়॥
এত কহি তাহার উৎকণ্ঠা বাড়াইতে।
এক শ্লোক কহিলেন ঈষৎ হাসিতে॥
এক দিন কুঞ্জে দোঁহে
ভ্রমেতে মিলন।
কোন কোন রস তাহে
নহে উপার্জ্জন॥
অন্যার্থ গমন তোমা দোঁহার মিলনে।
লজ্জাতে মিশ্রিত রস হৈল সেই ক্ষণে॥
আশ্লেষ চুম্বন নখ-উল্লেখ হৈতে।
জানিলেন দোঁহে দোঁহা সন্তোষ করিতে॥
অনুরতি আরম্ভ সংভ্রম হইতে জানি।
আপনার প্রিয় বলি মনে অনুমানি॥
অন্ধকারে চিনিতে না পারিল দুই জন।
স্পর্শসুখে জানি দোঁহে দোঁহার লক্ষণ॥
এ কথা শ্রবণে তার ব্যগ্রচিত্ত দেখি।
পুনর্ব্বার কহিতে লাগিলা প্রিয়সখী॥
সুমুখি সুভগ কৃষ্ণ দেখিয়া তোমারে।
পরম কৃতার্থ হবে কর অভিসারে॥
সভয় চকিত হয়ে নেত্র বিস্তারিয়া।
কি জানি আছয়ে কেহ বলি ভয় পায়্যা॥
তিমির-ব্যাপিত পথ পদ সঞ্চারিতে।
মন্দ মন্দ গতি তরুতলেতে যাইতে॥
চরণ বিলাস-গতি করহ বিস্তার।
কিছু ভয় নাহি সুখে কর অভিসার॥

বিরহ-ব্যাকুল করি বিকল অন্তর।
মিলন স্মরণে হর্ষ বাড়য়ে বিস্তর ॥
এই শ্লোকে জগতেরে করি আশীর্ব্বাদ।
মিলন করাইতে খণ্ডাইল অবসাদ ॥
ব্রজসুন্দরীর হয় রজনীর মুখ।
আনন্দজনকে দেখি দূরে যায় দুখ ॥
কংসধ্বংসে ধূমকেতু উদয় গগনে।
সেই কৃষ্ণ তোমা রক্ষা করুন্ সর্ব্বক্ষণে ॥

ইতি শ্রীগীতগোবিন্দ-মহাকাব্যে সাকাঙ্ক্ষপুণ্ডরীকাক্ষ নামক পঞ্চম সর্গ।

ষষ্ঠ সর্গ

অভিসার নায়িকার কৈল বিবরণ।
ভক্তি করি শিরে ধরি তা সবা চরণ ॥
অতঃপর বাসকসজ্জিকা বর্ণিবারে।
বিচার করিব নানা গ্রন্থ অনুসারে ॥
প্রিয়তম বৈবর্ণ্য শুনিয়া রাইরাণী।
আসিয়া দশমী দশা জন্মিল আপনি ॥
যাইতে হইল ইচ্ছা চলিতে না পারে।
চিরকাল অনুরক্ত দেখিল তাহারে ॥
সেই কুঞ্জে গোবিন্দ আছেন বসিয়া।
মনসিজ-ব্যথাতে ব্যাকুলচিত্ত হৈয়া ॥
ব্যগ্র হয়ে সেই সখী আইল কৃষ্ণস্থানে ॥
তাহার যতেক চেষ্টা কহিল বিধানে ॥
শুন হে নাথ ভরে বাসকসজ্জা-গৃহে।
সম্প্রতি রাধা তোমার বড় দুঃখ সহে ॥
দিশি দিশি তোমারে নিরখে অনুক্ষণে।
তন্ময় জগৎ হৈয়া আর নাহি জানে ॥
তুমি তারে কদাচিৎ না কর স্মরণ।
অতএব সন্তাপ বাড়য়ে অনুক্ষণ ॥
তোমার অধর-সুধা করিবারে পান।
তব গুণ-রূপ-লীলা সদা করে ধ্যান ॥
লোমহর্ষ-উৎপাদক তোমার অধর।
জিহ্বা আকর্ষয়ে আর সর্ব্বচিত্তহর ॥
তব অভিসারসুখে বলিত হৃদয়।
কিছু পদ চলিয়া না চলিতে পারয় ॥
উৎসাহ উঠিল মাত্র পদ চারি চলে।
গমনের শক্তি নাই পড়িলে ভূতলে ॥
তব সহ রতিক্রীড়া করিবার আশে।
কেবল জীবন মাত্র রহত হুতাশে ॥
বিচিত্র বিশদ পদ্ম বলয় করিতে।
মৃণাল সহিত সেই একত্র ধরিতে ॥
আপনার অঙ্গে সব বহু চিহ্ন দেখি।
নিরীক্ষণ করে হয়ে অনিমিষ আঁখি ॥
তোমার ভূষণ আর লীলানুকরণ।
আমি মধুবিন্দ ইষ্ট কহয়ে কখন ॥
তোমার বিচ্ছেদে ধনী সামামনা হৈয়া।
আপনাকে কৃষ্ণ মানে ধ্যাননিষ্ঠা রয়া ॥
পুনঃ স্ফূর্ত্তি অপগমে আত্মস্ফূর্ত্তি হৈলা।
আত্মাকে পৃথক্ জানি কহিতে লাগিলা ॥
কৃষ্ণ কেন ত্বরিত না করে অভিসার।
সখী প্রতি এই বাক্য কহে বার বার ॥
পুনঃ কহে কৃষ্ণ আইল তব কুঞ্জে দেখি।
জলধর সম অতি মুগ্ধা নিতি লিখি ॥
আলিঙ্গন করি তারে করয়ে চুম্বন।
এইরূপ দশা তার কৈনু নিবেদন ॥
তোমার বিলম্বে লজ্জা বিগলিত হৈলা।
কুঞ্জেতে বসিয়া বহু রোদন করিলা ॥
বাসকসজ্জিকাবস্থা হইয়া তাহার।
বিলাপ করিতে আঁখি বহে জলধার ॥

শ্রীজয়দেব কবি-মুখের বচন।
রসিক ভকত ইহা করে আস্বাদন॥
শৃঙ্গার-রসেতে যার ভাসিত হৃদয়।
তার সুখ বিস্তার করুন অতিশয়॥
স্বসখীর পীড়া যত স্মরণ হইলা।
পুনর্ব্বার ঈর্ষ্যা করি কহিতে লাগিলা॥
বিপুল হইয়া অঙ্গেহয় রোমাঞ্চন।
অতিশয় শীৎকার উঠে ঘন ঘন॥
অন্তরে জনিত জাড্য ব্যাকুল হইলা।
কুঞ্জে আসি কণ্ঠাগত প্রাণ মাত্র কৈলা॥
শুনহ কিতব তুমি নিশ্চিন্ত রহিলে।
সরল স্বভাব তারে বহু দুঃখ দিলে॥
অতিশয় কন্দর্প বাড়িছে ক্ষণে ক্ষণে।
চিন্তায় ব্যাকুল রাধা কিছু নাহি জানে॥
তব রসে জলনিধি তাহার অন্তরে।
অতিশয়া ধ্যানমগ্না আছে নিরন্তরে॥
তবে ধনী বাহ্য-দৃষ্টে সহ সখীগণে।
অবশ্য আসিবে কৃষ্ণ বিচারিল মনে॥
এত বলি কুঞ্জমধ্যে বসি পুনর্ব্বার।
কেলিতল্প সাজাইল বিবিধ প্রকার॥
কুঞ্জের উপরে পুষ্প চামর রাখিল।
পুষ্পের তোরণ করি আবরণ কৈল॥
পদ্মমালা তল্পে সাজাইল মনোহারী।
নানা বর্ণে পুষ্প তার দুই পাশে ধরি॥
নবপল্লবে শয্যা তার মধ্যে দিয়া।
কেলিতল্প সাজাইল সযত্ন হইয়া॥
অপূর্ব্ব মাধুকীর পত্র ধরি দুই পাশে।
কর্পূর-বাসিত বীড়া ধরিল হরিষে॥
তবে রাধা সখীবর্গে কহি বার বার।
কুঞ্জ সাজাইল তবে বিবিধ প্রকার॥
আজি মোর আনন্দ বাড়ে ক্ষণে ক্ষণে।
কত সুখ হবে মোর রজনী-বঞ্চনে॥
ঋতুপতি রজনী তাহাতে কৃষ্ণসঙ্গ।
কহিতে কহিতে ধনী পুলকিত অঙ্গ॥
কর্পূর-বাসিত সুবাসিত জল ভরি।
রাখহ শয্যার কাছে বহু যত্ন করি॥
অঙ্গের ভূষণ সখি কর পুনর্ব্বার।
কহিতে ঝুরিয়া পড়ে অমৃতের ধার॥
শীতল বীজন পুনঃ সুস্নিগ্ধ করিলা।
এমত প্রকারে কত কহিতে লাগিলা॥
কৃষ্ণের লাগিয়া সখি করহ চন্দন।
পরাইব অঙ্গে পুনঃ করহ উত্তম॥
উত্তম করিয়া গাঁথি নব পদ্মমালা।
অগুরু গন্ধেতে পুনঃ পূরিত করিলা॥
এইমত কুঞ্জসজ্জা আপনি রচিল।
পানপাত্র মধুপাত্র সকাল করিল॥
কুসুমের চূড়া সাজাইল ভালমতে।
মুক্তাহার গাঁথিলেন তোমা পরাইতে॥
ক্ষণে চমকিত হয় ক্ষণে মৌন রয়।
তোমার বিচ্ছেদে ধনী বড় দুঃখ পায়॥
এইরূপে কতক্ষণ ভাবিতে ভাবিতে।
প্রলয় উৎকণ্ঠা আসি হৈল উপস্থিতে॥
ক্ষণে ঘর বাহির করেন বেরি বেরি।
কিছু নাহি শুনে রহে আপনা পাসরি॥
উঠিল হৃদয়ে তবে বিরহের জ্বালা।
শুষ্কপ্রায় ক্ষণে ক্ষণে পরম চঞ্চলা॥
অমন্দ কন্দর্প-জ্বালা বাড়িতে লাগিল।
রস জলনিধিমগ্না ধ্যানমগ্না হৈল॥
রাধিকা তোমার প্রেম-সমুদ্রে পড়িয়া।
অবলম্ব নাহি রহে তব মুখ চায়্যা॥
পুনঃ অতি শীঘ্র তথা যাইবার তরে।
বাসকসজ্জিকা চেষ্টা কহিল কৃষ্ণেরে॥
অঙ্গে আভরণ সব বহু মত পরি।
সাজাইল কেলি-শয্যা নানা পুষ্প ধরি॥
আমারে দেখিয়া কৃষ্ণ পাইবে বিমন।
এ হেতু বহু মত পরিল আভরণ॥
পুনঃ ত্যাগ করি পুনঃ অঙ্গে ভূষা করে।
আকল্প বিকল্প সঙ্কল্পাদি শত ধরে॥

কহিছে অন্তরে মহা বিপ্রলব্ধবান্ ।
অতি বিপরীত চেষ্টা সেই সে প্রমাণ ॥
পক্ষ্যাদি সঞ্চরে পথে বুঝি আগমন ।
আশঙ্কা করিয়া পুনঃ করেন চিন্তন ॥
কেলিশয্যা বিস্তার করিল বার বার ।
কভু বসি ধ্যান করে বহু দুঃখ তার ॥
এইরূপে লীলা শত-ব্যাসক্ত হইয়া ।
তোমা লাগি বরতনু আছেন জাগিয়া ॥
অত্যন্ত উৎকণ্ঠা রাত্রি গোঙাইতে নারে
একদৃষ্টে তব পথ নিরীক্ষণ করে ॥
পথিকের বেশ দেখি থাকে নন্দ-ঘরে ।
পাঠাইল কৃষ্ণ অভি র করিবারে ॥

শুনহ পথিক এই ভাণ্ডীর-কাননে ।
কৃষ্ণরূপ কালসর্প করেন শয়নে ॥
দৃষ্টিগোচর হয় ঐ নন্দের মন্দির ।
তথা যায়ে বাস কর পথিক সুধীর ॥
কৃষ্ণ-ভোগীর ভবনে
বিশ্রাম যুক্ত নহে ।
পথিক যাইয়া নন্দ
আগে সব কহে ॥
রাধার বচন শুনি অধ্বগের মুখে ।
নন্দ আগে গোপন করিল প্রেমসুখে ॥
সায়ংকালে পথিকের বচন শুনিয়া ।
জানিলেন কুঞ্জে অভিসরণ লাগিয়া ॥

ইতি শ্রীগীতগোবিন্দ-মহাকাব্যে ধৃষ্টবৈকুণ্ঠ নামক ষষ্ঠ সর্গ ।

সপ্তম সর্গ

বিপ্রলব্ধ নায়িকার করিতে বর্ণন ।
যেমতে হৈল তার লক্ষণ ঘটন ॥
জয়দেব গোসাঞি তাহা গ্রন্থে লিখিলা ।
মধুর ভজন-তত্ত্ব প্রকাশ করিলা ॥
বাসকসজ্জার শেষে উৎকণ্ঠা-লক্ষণ ।
তার পর বিপ্রলব্ধা রসের পোষণ ॥
আপ্তদূতী কৃষ্ণ লাগি করিল গমন ।
সময়ে কান্তের সঙ্গে না হৈল মিলন ॥
শ্রীকৃষ্ণের লাগি মহাদুঃখ শোক করে ।
বিপ্রলব্ধা নায়িকা-লক্ষণ কহি তারে ॥
রাধিকার প্রেম -চেষ্টা করিয়া স্মরণ ।
জয়দেব কবি কৈলা গ্রন্থ প্রকটন ॥
সেই কথা আস্বাদ করহ ভক্তি করি ।
জয়দেব-পাদপদ্মে বহু নমস্করি ॥
এই অবসরে ইন্দু অতিদীপ্ত হৈয়া ।
কিরণমণ্ডলী সব প্রকাশ করিয়া ॥
বৃন্দাবন-মধ্যে পূর্ণচন্দ্রের উদয় ।
দেখিয়া উৎকণ্ঠা চিত্তে বাড়ে অতিশয় ॥

দিকসুন্দরী-মুখে যেন চন্দনের বিন্দু ।
বৃন্দাবনে পূর্ণোদয় হৈলা পূর্ণ ইন্দু ॥
কথিত সময়ে চন্দ্র অনুদয়কালে ।
বৃন্দাবনে গমন না হৈল সেই কালে ॥
হরিয়া আমার মন না আইল হেথা ।
সেই হেতু আমি মনে পাই বহু ব্যথা ॥
বিফল ভ্রমল রূপ যৌবন আমার ।
কি কহিব কহ সখি ইথে প্রতীকার ॥
যাহার নিমিত্তে আগমন এ কাননে ।
হৃদয়ে অসম শর করিছে যাতনে ॥
কৃষ্ণ-সঙ্গ নিমিত্তে আসিয়া অন্ধকারে ।
সুখ রহু পড়িলাম দুঃখের সাগরে ॥
মরণ আমার সর্ব্ব হৈতে শ্রেষ্ঠ লাগে ।
ব্যর্থ মোর দেহ সখি কহি তব আগে ॥
অচেতন আমি কৃষ্ণ-বিরহ-অনলে ।
কেমনে রহিব চিত্ত হইল বিকলে ॥
ইহ প্রাণসখী এই মধুর যামিনী ।
বিধুরিত কৈল মোরে হেন অনুমানি ॥

কোন গোপী কৃষ্ণ-রস করিছে আস্বাদ।
সুকৃতি কামিনী পাইল শ্রীকৃষ্ণপ্রসাদ॥
মণিবলয়াদি যত ভূষণের গণ।
কৃষ্ণের বিরহে সব মানিয়ে দূষণ॥
হা হা প্রাণপ্রিয়সখি বিরহ-দহনে।
দহিছে আমার মন দেখ সর্ব্বক্ষণে॥
কুসুম হইতে সুকুমার কলেবর।
লীলা করি মদন দহিছে নিরন্তর॥
গলেতে মাণিক্য করে হৃদয় মোহন।
বিষম-স্বভাব কাম না হয় বারণ॥
বসিয়া আছি যে আমি বেতসী-কাননে।
কৃষ্ণ মোরে বঞ্চনা করেন বাক্যবাণে॥
অস্থির সৌহৃদ্য তার মধুসূদন নাম।
চিত্তে কভু নাহি করে করি অনুমান॥
হরিপাদপদ্ম শরণ যাহার হৃদয়।
জয়দেব নাম কবিরাজ মহাশয়॥
তাঁহার ভারতী সর্ব্বজনের হৃদয়।
প্রবেশ করুক ভক্তগণে অতিশয়॥
যুবাপুরুষের হেন যুবতীর প্রায়।
কোমল কবিত্বযুক্ত আছয়ে সদায়॥
বানীরলতাকুঞ্জের সঙ্কেত করিয়া।
কেন না আইল কৃষ্ণ নিষ্ঠুর হইয়া॥
কিংবা কোন ভাবিনী অর্থিত সর্ব্বভাবে।
কিংবা কলা-কেলি-বদ্ধ আপন স্বভাবে॥
অন্ধকার বনে কিংবা করিছে ভ্রমণ।
বনভ্রমণেতে কিংবা ক্লান্ত হৈল মন॥
প্রস্থান করিতে মাত্র সামর্থ্য নহিল।
বঞ্জুললতার কুঞ্জে এ হেতু না আইল॥
চন্দ্রিমা উদয় করি প্রতিবন্ধ হৈল।
সঙ্কেত করিয়া পুনঃ আসিতে নারিল॥
আমার বিশ্লেষ-দুঃখে কান্ত ক্লান্ত হৈয়া।
কিংবা কোন কুঞ্জমধ্যে রহিল পড়িয়া॥
এই অবসরে শ্রীরাধিকা-প্রিয়সখী।
নিকটে আইলা মাত্র ঝুরে দুই আঁখি॥

দেখিয়া তাহারে অতি বিষাদিত মন।
সঙ্গে না দেখিল তার শ্রীনন্দনন্দন॥
বিষাদিত মুখ কিছু কহিতে না পারে।
তারে দেখি মহা দুঃখ বাড়িল অন্তরে॥
নিঃশঙ্ক হৃদয় দেখি কহিতে লাগিলা।
বুঝি কার সঙ্গে কৃষ্ণ ক্রীড়া আরম্ভিলা॥
দৃষ্ট যত সেই কথা কহে সখী-আগে।
হৃদয়ে বাড়িল তাপ অতি অনুরাগে॥
আরে সখী না কহিতে জানিল বিচারি।
মধুরিপু সহ কেলি করে অন্য নারী॥
আমা হৈতে সেই সে অধিক গুণবতী।
মধুরিপু সঙ্গে করে একত্র বসতি॥
স্মর-সমরেতে তাহে বাহুযুদ্ধ করি।
সময় উচিত বিরচিত বেশ ধরি॥
রণবেশে বিগলিত কুসুমের মালা।
সব বিলোলিত কেশ-বন্ধন হইলা॥
ইহাতে জানিনু তিঁহো বিশেষ তাঁহার।
হরিপরিরম্ভণেতে রোমাঞ্চ অপার॥
বলিত বিকার তার হইয়াছে অঙ্গ।
কুচকলসেতে তরলিত হার-রঙ্গ॥
মুখচন্দ্রে বিচলিত অলকার পাঁতি।
তদধরপান হৈতে চন্দ্রাকৃতি ভাতি॥
পানরসে বাড়ে কত আনন্দ-বিকার।
নিমীলন দৃষ্টি তার হয় বার বার॥
চঞ্চল কুণ্ডলে হৈল লম্বিত কপোল।
মুখরিত রশনে জঘন অতিলোল॥
দয়িতে চাতুরী হয় কটাক্ষদর্শনে।
লজ্জিত হইয়া বহু হাসে মনে মনে॥
দাত্যূহ কপোত পরাভূত শব্দ করি।
আনন্দ বাড়িছে তার কৃষ্ণমুখ হেরি॥
বিপুল পুলক পৃথু বেপথুর রঙ্গ।
পুনঃ পুনঃ বাড়ে তার মদন-তরঙ্গ॥
নিমীলিত নিশ্বসিত হইতে মদন।
আবির্ভাব হইয়া বাড়য়ে অনুক্ষণ॥

শ্রমজল-কণভরে সুন্দর শরীর।
রমণ-সংগ্রাম অতি পণ্ডিত সুধীর॥
কৃষ্ণ-বক্ষঃস্থলে অতিসুখেতে শয়ন।
আরে সখী সদা বিচারিছে মোর মন॥
জয়দেব-ভণিত হরিচরিত্র সকল।
কলুষ করিয়া নাশ করুক মঙ্গল॥
কলিযুগ-কলুষ করিয়া সব নাশ।
শ্রবণাদি করি চিত্তে হউক প্রকাশ॥
কৃষ্ণমুখ উপমা করিয়া দ্বিজরাজে।
কহিতে লাগিল রাধা সখীর সমাজে॥
আরে সখি চন্দ্র মোর বাড়ায় সন্তাপ।
দেখিয়া দ্বিগুণ চিত্তে উঠিছে বিলাপ॥
মদনের জ্বালা ব্যথা বিচার করিয়া।
ব্যথা দেয় চন্দ্র মোরে তাপ উঠাইয়া॥
অন্য নায়িকার সহ কৃষ্ণের বিহার।
আমার বিরহে পাণ্ডু বদন তাহার॥
ঐছে কৃষ্ণমুখাম্বুজ কৃষ্ণ তদাকার।
সেই পাণ্ডু মুখ দেখি বহু দুঃখভার॥
মলয়-সুহৃদ চন্দ্র মদনের ব্যথা।
অতিশয় বাড়াইতে জানিবে সর্ব্বথা॥
কৃষ্ণমুখ স্মরণ করয়ে বার বার।
ইহাতে মদনজ্বালা ব্যথায় আমার॥
তবে সেই নায়িকাকে স্বাধীনভর্ত্তৃকা।
সখী আগে বিচারিয়া কহেন রাধিকা॥
যমুনা-পুলিন-বনে বিজয়ী মুরারি।
বিহার করিছে সেই গোপী সঙ্গে করি॥
দিব্য ভূষণাদি সব অঙ্গে সাজাইয়া।
অধুনা বিহরে কৃষ্ণ গোপী সব লৈয়া॥
সমুদিত মদনে মলিন-মুখ চান্দে।
চুম্বন-বলিত তার অধরসুছান্দে॥
মৃগমদ তিলক-সুকপোলে লিখন।
কহিতে পুলক রোঁহে বাড়ে অনুক্ষণ॥
সুধাকর মৃগলাঞ্ছ ঐছে শোভা করে।
ঐছে পুনঃ কবরী বান্ধিল নিজ করে॥

ঘনচয় রুচির চিকুর সাজাইল।
রক্তঝিণ্টী পুষ্প তাহে রচনা করিল॥
চপলা গগনে যেন মেঘের সহিতে।
মেঘে বেড়ি শোভা অতি করে চারিভিতে॥
তরলিত তরুণ আনন সে ইহার।
কৃষ্ণ তার প্রশংসার করিলা বিস্তার॥
রতিপতি-গৃহ তার চিকুর কানন।
সতত আশ্রিত সেই বনে অনুক্ষণ॥
মুক্তাহার তার কপোলে পয়োধরে।
ঘটনা করিল তায় অতি শোভা করে॥
সুবলিত কুচযুগ গলে মুক্তাহার।
অতি সুনির্ম্মল তাহা পটল আকার॥
মৃগমদ রুচি তাতে মৃগলক্ষ হৈলা।
কস্তূরিকা লিপ্ত যেন গগনে করিলা॥
মৃদু ভুজযুগলেতে বলয়ার পাঁতি।
মরকত-নির্ম্মিত করিল বহু ভাতি॥
মধুকর-নিচয় যেমন শোভা করে।
করতল সুললিত দলের উপরে॥
জিত মৃণালের খণ্ড ঐছে ভুজশোভা।
তাহাতে বলয়ের পাঁতি পঙ্কজের আভা॥
হিম সম শীতল পরশসুখ ধরে।
সাজাইল বলয়ের পাঁতি দুই করে॥
রতিগৃহ জঘনেতে মণি সারসনা।
সাজাইয়া পুনঃ পুনঃ করিছে রচনা॥
মনসিজ কনকের সুন্দর আসন।
তোরণের উপহার করিল জঘন॥
বিপুল নিতম্বে দিল মণিসার শোভা।
বাড়াইতে অনুক্ষণ কৃষ্ণসুখলোভা॥
অনুরাগে তাহার চরণ-কিশলয়।
যাবক-রঞ্জিত সুখে করে অতিশয়॥
কমলার নিলয় সে চরণ সুন্দর।
নখমণিগণেতে সেবিত নিরন্তর॥
বক্ষেতে ধরিতে পদপল্লব তাহার।
আবরণ করিয়াছে বাহিরে অপার॥

কাহার সহিত হৈল রভস তাহার।
রমণ করিছে সুখ পাইয়া বিস্তার॥
মোরে অভিসার করি অন্যের সহিতে।
বিহার করয়ে ইহা কে পারে সহিতে॥
অবসর হইয়া বসিয়া বৃক্ষ-ডালে।
কৃষ্ণ সুখে বিহার করিছে কুতুহলে॥
কবির নৃপতি জয়দেব মহাশয়।
তাহার বর্ণনে কৃষ্ণভক্তি উপজয়॥
কলিযুগ-চরিত্র কেবল দুরাশার।
মধুরিপু-পাদপদ্মে গাঢ় প্রেম যার॥
হরিগুণ বর্ণন চিন্তন কাব্য করি।
তার মধ্যে মাধুর্য্য-রসের অধিকারী॥
হৃদয়ের শোক নাশ যাহার শ্রবণে।
কৃষ্ণে রতি জন্মে পাঠ করয়ে যে জনে॥
কৃষ্ণ অনাগমনে বিষণ্ণমুখী সখী।
কহিতে লাগিলা রাধা তার দুঃখ দেখি॥
শুন সখি দূতীকার্য্য অনেক করিলা।
শঠ পরবঞ্চকেরে আনিতে নারিলা॥
দৌত্যক্রিয়া অনেক করিলে বারে বার।
হারিয়া রহিলে দোষ সকল তোমার॥
বহু মত শঠরাজ বল্লভ সেই জন।
তার কার্য্যে না করি যে তোমার দূষণ॥
যবে মোর দশা আসি দশমী হইবে।
তারে দেখিবারে চিত্ত আপনি যাইবে॥
স্বচ্ছন্দ বিহার কৃষ্ণ করুন পর সনে।
কিবা তার দোষ তারে না করি দূষণে॥
উৎকণ্ঠার আধিক্য বাড়িবে যেই ক্ষণে।
প্রিয়-সঙ্গমেতে চিত্ত যাবে সেইক্ষণে॥
দেখ সখি প্রিয়-গুণে আকৃষ্ট হইয়া।
উৎকণ্ঠার আর্ত্তিভয়ে চলিল ধাইয়া॥
আকর্ষণ মহাগুণ আছয়ে কাহার।
অতএব আমারে টানিছে বার বার॥
আরে সখী কি কহিব দুঃখ আপনার।
তুমি দেখি মহাদুঃখ পাবে বারে বার॥

আনিল তরল কুবলয়-আঁখি হৈতে।
দুঃখ নাহি পাবে নবপল্লবশয্যাতে॥
কৃষ্ণের সহিত সদা বিহার যাহার।
মনসিজ-বাণে মুগ্ধ চিত্ত নহে তার॥
বিকসিত সরসিজ তার শোভা দেখি।
মোর সম দুঃখ নাহি পায় তার আঁখি॥
অমন মধুর মৃদু বচন হইতে।
জ্বালা নাহি পায় সঙ্গে বিহার করিতে॥
স্থলে জলরুহরুচি কর-পদ দেখি।
দুঃখ নাহি পায় সেই কৃষ্ণগত আঁখি॥
হিমকর-কিরণেতে দহিতে না পারে।
সজল সকল দুঃখ কভু না আচরে॥
মেঘ সমুদয় দেখি ব্যাকুল না হয়।
কৃষ্ণসহ রমণেতে সতত আছয়॥
কনক-নিকর তুল্য বসন নেহারি।
নিশ্বাস না ছাড়ে পরিজন-হাস হেরি॥
সকল ভুবন জন বয়-রূপ দেখি।
না পায় সমান পীড়া কৃষ্ণসঙ্গ সখী॥
জয়দেব গোসাঞি ভণিত্য কাব্য হৈতে।
সাদর করিয়া কথা শ্রবণ করিতে॥
হৃদয়ে প্রবেশ কৃষ্ণ করুন সবার।
জয়দেব-রসবাক্য সর্ব্বতত্ত্বসার॥
জগতের প্রাণ তুমি চন্দন পবন।
মদনের মনে কর আনন্দ যোজন॥
দক্ষিণ পথেতে আসি দক্ষিণ যে নাম।
আমার নিকটে তুমি না হইও বাম॥
একবার মাধবেরে করি দরশন।
পশ্চাৎ আমার প্রাণ করিবে হরণ॥
রিপু সম সখীগণ সম্ভাষ হইল।
হিমানিল অনল সমান দাহ দিল॥
নিশাকর বিষাকর সমান হইল।
সুধাকর নাম তার কোথায় রহিল॥
যে নির্দয় লাগি সব হইল এমনি।
তাহার নিকটে মন করিছে গমন॥

আপনার হয়ে মন আপনার নয়।
ধিক্ ধিক্ নারীমন নিরঙ্কুশ হয় ॥
শ্রীহরি-বিরহে বহু যাতনা পাইয়া।
মরণ বরঞ্চ ভাল মনেতে জানিয়া ॥
রাধিকা কহেন শুন শুন হে মদন।
সহকারী আছে তব মলয়-পবন ॥
দোঁহে মেলি কর মোর প্রাণের নিধন।
আর নাহি গৃহে পুনঃ করিব গমন ॥
শমন-ভগিনি শুন করি নিবেদন।
কি হেতু করহ ক্ষমা নাহি ত কারণ ॥
শ্রীহরি-বিরহে দেহ দহিছে আমার।
ভাসায়ে লউক আসি তরঙ্গ তোমার ॥
বিরহ-দুঃখের বহু বর্ণন করিয়া।
কবি জয়দেব তাহা সংক্ষেপে সারিয়া ॥
সম্ভোগ-রজনী-সুখ করিয়া স্মরণ।
করিছেন প্রভাতের কৌতুক-বর্ণন ॥
প্রভাতে নিকুঞ্জ-গৃহে আসি সখীগণ।
কৃষ্ণ-কলেবরে দেখি রাধার বসন ॥
কৃষ্ণের বসন দেখি রাধিকার অঙ্গে।
সকলে মিলিয়া হাসে কৌতুক-তরঙ্গে ॥
সখীগণ-উপহাসে লজ্জিত শ্রীহরি।
আনন্দে করয়ে হাস্য রাধা-মুখ হেরি ॥
তাঁহার চরণে মন রাখ ভক্তগণ।
করুন জগদানন্দ ব্রজেন্দ্রনন্দন ॥

ইতি শ্রীগীতগোবিন্দ-মহাকাব্যে বিপ্রলব্ধবর্ণনে নাগরনারায়ণ-নামক সপ্তম সর্গ।

অষ্টম সর্গ

এবে কহি নায়িকার খণ্ডিত লক্ষণ।
জয়দেব-পাদপদ্ম করিয়া বন্দন ॥
অতিকষ্টে সে রাত্রি করিয়া বঞ্চন।
সখীর সহিত রাত্রি কৈল জাগরণ ॥
কন্দর্পের শরে অতি জর্জ্জর হইয়া।
আছেন প্রভাতে কুঞ্জদ্বারেতে বসিয়া ॥
হেনই সময়ে কৃষ্ণ আসে সেই স্থানে।
দেখিল অঙ্গেতে সব রতির লক্ষণে ॥
কৃষ্ণ আসি প্রণত হইয়া কথা কয়ে।
দেখিয়া অসূয়া বহু বাড়িল হৃদয়ে ॥
অনুনয়-বিনয় করিতে তাঁর আগে।
মহাঈর্ষ্যা দৃষ্টি করি কহে অনুরাগে ॥
কণ্ঠাগত প্রাণ যদি হইয়াছে তার।
দেখিতেই ঈর্ষ্যা ক্রোধ বাড়িল অপার ॥
বাহিরে ভূষণ যথা মলিন আকার।
মন হৈতে মলীমস হয়েছে তোমার ॥
অনুগত জনেরে বঞ্চনা কেন কর।
অনঙ্গশরেতে মোর আসিয়াছে জ্বর ॥
অবলা কবল করি করহ ভ্রমণ।
চিত্র নহে তোমার এ সব বিবরণ ॥
পূতনার স্তন্যপানে করিলা সংহার।
বাল্য হৈতে নির্দ্দয়তা শরীরে তোমার ॥
জয়দেবভণিত এ যুবতী-বিলাপ।
খণ্ডিতা সহিত এই বচন-কলাপ ॥
বিবুধ সকল শুন মধুর বচন।
রিপুর আলয় হৈতে দুরাপ লক্ষণ ॥
অরুণের প্রায় দ্যুতি হৃদয়ে তোমার।
প্রিয়াপাদালক্তযুক্ত দেখি বার বার ॥
প্রকট করিয়া প্রসরিত অনুরাগ।
বাহিরে ধরিছ তুমি হাবকের রাগ ॥
সেই অনুরাগ তার প্রতি বৃদ্ধি হয়্যা।
হৃদয় ভেদিয়া বহির্গত প্রকাশিয়া ॥

শুন হে কিতব তোমা করি আলোকন।
অতিশয় লজ্জা মোর বাড়ে অনুক্ষণ ॥
তাহার প্রণয়ভর প্রখ্যাত করিতে।
অতিশয় করি আমা সব জ্বালাইতে ॥
অন্য জন-কথা কহ হৃদয়েতে আন।
কিতব জনার বাক্য কে করে প্রমাণ ॥
ঈর্ষা শোক নির্ব্বেদ হইলে ব্যভিচারী।
স্তবধভাব উপজিল রহে মৌন ধরি ॥
লীলাপদ্ম তাতে ছিল ভূমে ফেলাইল।
বিমুখ হইয়া পুনঃ মৌনেতে রহিল ॥
অতি গাঢ় মান দেখি শিথিল করিতে।
কৃষ্ণও মুরলীধ্বনি লাগিলা বর্ণিতে ॥
বংশীধ্বনি তোমাদের বিঘ্ন নাশ করি।
বিস্তার করুন শুভ স্বগুণ বিস্তারি ॥
বিশ্রংসস্তম্ভনে আকর্ষণে মহামন্ত্র।
মধুরিপু মুরলী জপয়ে সর্ব্বতন্ত্র ॥
দৃপ্ত দৈত্যকুল হৈতে ব্যাকুল যে জন।
তাহার বিপত্তি সব করয়ে ধ্বংসন ॥
যাহার শ্রবণ হৈতে যত দেবগণ।
দৈত্যভয় হৈতে মুক্ত হয় সর্ব্বক্ষণ ॥
কুরঙ্গ-নয়নীদের অনন্ত মোহনে।
চন্দন নন্দীর পুষ্পমাল্য-বিশ্রংসনে ॥
মৌলি কর্ণ নেত্র দৃষ্টি হ্রষণ-জননে।
মহা মন্ত্ররাজ কৃষ্ণ মুরলীর গানে ॥
এইরূপে সর্ব্বলোকে আশীর্ব্বাদ করি।
মধুরিপু মুরলীর মহিমা বিস্তারি ॥
জানাইল আকর্ষণে মহামন্ত্রে তায়।
শুন ভক্তগণ ইথে পাবে অর্থসার ॥

ইতি শ্রীগীতগোবিন্দ-মহাকাব্যে খণ্ডিতা-লক্ষণ-বর্ণনে
বিলক্ষলক্ষ্মীপতি নামক অষ্টম সর্গ।

নবম সর্গ

কামেতে বিধুরা রতিসুখেতে বঞ্চিতা।
চিন্তামগ্না বিষাদিতা কলহান্তরিতা ॥
এরূপে রাধারে হেরি সখী এক জন।
কহিতে লাগিলা তবে সান্ত্বনা-বচন ॥
"মানময়ি কৃষ্ণ প্রতি নাহি কর মান।
মৃদুমন্দ গন্ধবহ হয় বহমান ॥
আসিতেছে কৃষ্ণধন তব অভিসারে।
ইহা হ'তে কিবা সুখ আছে গো আগারে
রসপূর্ণ কুচকুম্ভ ওগো বরাননি।
বিফল করিছ কেন বল দেখি শুনি ॥
ভুবনমোহন কৃষ্ণ খ্যাত সর্ব্বস্থান।
সে প্রাণবল্লভে নাহি কর প্রত্যাখ্যান ॥
ব্যাকুল হইয়া কেন করহ রোদন।
তোমারে হেরিয়া দেখ হাসে নারীগণ ॥
সজল-নলিনীদলরচিত শয্যায়।
হরিকে দর্শন কর কহিনু তোমায় ॥
সার্থক হইবে তব নয়নযুগল।
কেন গো বিষাদ রাখ অন্তরভিতর ॥
মম বাক্য ওগো ধনি করহ পালন।
বিরহ-যাতনা তব ঘুচিবে এখন ॥
কেন ব্যাকুলতা রাখ হৃদয়-মন্দিরে।
প্রিয়-সম্ভাষণ কর লইয়া হরিরে ॥"
অতীব মধুর এই শ্রীহরিচরিত।
জয়দেব কবি দ্বারা হয় বিরচিত ॥
রসিকজনের হৃদে আনন্দবর্দ্ধন।
সতত করুক ইহা এই আকিঞ্চন ॥
"নিষ্ঠুর হতেছ তুমি স্নেহবান্ প্রতি।
বিনম্রেতে উদাসীন ওগো মানবতি ॥

দ্বেষ করিতেছ তুমি অনুরাগী 'পরে।
বিমুখতা দেখাতেছ প্রণয়-অর্থীরে ॥
গরল সমান বোধ হইবে চন্দন।
তব পক্ষে কি বিচিত্র বুঝিনু এখন ॥
শিশিরে না হবে কেন দগ্ধ কলেবর।
রতিজন্য হয় নাহি হবে ক্লেশকর ॥
যেমন হয়েছ তুমি উন্মার্গগামিনী।
তার উপযুক্ত ফল ভুঞ্জ গো মানিনি ॥"

সানন্দে সম্ভ্রমে যত দেবতা-নিকর।
প্রণাম করিল যাঁর
চরণ উপর ॥
শিরস্থিত ইন্দ্রনীল মণিসমুদয়।
বিরাজ করয়ে হেন ভ্রমরনিচয় ॥
অমঙ্গল নাশ হেতু সেই হরিপদে।
পুনঃ পুনঃ নতি করি
ঐকান্তিকচিতে ॥

ইতি শ্রীগীতগোবিন্দ-মহাকাব্যে কলহান্তরিতাবর্ণনে
মুগ্ধমুকুন্দ-নামক নবম সর্গ।

দশম সর্গ

এখন কহিব কৃষ্ণ-প্রার্থনার কথা।
অমৃতের শত ধার বহি যায় যথা ॥
পূর্ব্বোক্ত প্রকারে সে দিবস গোঙাইলা।
প্রদোষসময় আসি উপসন্ন হৈলা ॥
অতি গাঢ় মান কেহ ভাঙ্গিতে নারিল।
কি করি উপায় কৃষ্ণ মনে বিচারিল ॥
সখীবর্গ হৈতে মানভঙ্গ নাহি হয়।
আপনি ভাঙ্গিতে মান করিয়া নিশ্চয় ॥
কোপ উপশম মনে হয়েছে তাহার।
প্রসন্ন বদন কিছু দেখিলা রাধার ॥
সমীপে আসিয়া পুনঃ তারে দেখা দিল।
কৃষ্ণ-দর্শনে রাধার অভিমান হৈল ॥
আনন্দ-গদ্গদ পদ গলিত অক্ষরে।
কহিতে লাগিল অতি মন্দ মন্দ স্বরে ॥
দেখিল শ্রীমুখপদ্ম বিরহের দাহে।
নিশ্বাসের সহ মুখকান্তি ম্লান রহে ॥
অতিগাঢ় রোষরস আছে অনুক্ষণ।
আনন্দ-রাধার মুখ করি নিরীক্ষণ ॥
লজ্জা সহ গলিত অক্ষরে আগে গিয়া।
কহিতে লাগিল কৃষ্ণ বিনয় করিয়া ॥

"শুন প্রিয়ে চারুশীলে অকারণ মান।
ক্ষমহ সকল তুমি কেন অভিমান ॥
চারুশীলে তুমি অকারণ মান লয়্যা।
কিবা সুখ পাও বল মোরে দুঃখ দিয়া ॥
তোমার বিচ্ছেদ আর সহিতে না পারি
কাম-অগ্নি আমার মানস দাহ করি ॥
তৎক্ষণে সকল তনু দাহিল আমার।
তুয়া মুখ কমল-মধু পান করিবার ॥
চাহে মোর মন রাধে কর অবধান।
মধুপান হৈতে মোর জুড়াক্ পরাণ ॥
শুন প্রিয়ে তুমি যদি কিঞ্চিৎ বচন।
কহিলে আমার দুঃখ হইবে মোচন ॥
তব দন্তরুচি-রূপ কৌমুদী সকল।
নাশে ঘোরতর তম করয়ে উজ্জ্বল ॥
তোমার বদনচন্দ্রে অমৃতের ধার।
ঝরি পড়ে দেখি লুব্ধ নয়ন আমার ॥
চকোর সদৃশ মোর নয়ন-যুগল।
স্ফুরিত অধর-সুধা দেখিয়া বিকল ॥
তব মুখচন্দ্র উছলিত সুধারাশি।
নয়ন-চকোর মোর অতি অভিলাষী ॥

নয়ন-চকোর হয় ত্বদেকজীবন।
শুন চন্দ্রমুখি মোরে না কর বঞ্চন ॥
ত্বদেকজীবন আমি রোষযুক্ত নয়।
যদি দোষ দেখ দণ্ড কর অতিশয় ॥
হে রাধিকে প্রসন্ন বদনে সত্য যদি।
আমাতে কোপিনী তুমি আছ নিরবধি ॥
তবে খর নয়নের তীক্ষ্ণ শর করি।
প্রহার করহ মোরে মনোরথ ভরি ॥
ইহাতেও তুষ্ট যদি নহে তব মন।
ভুজপাশে বন্ধনের করহ ঘটন ॥
শুন বৃকভানুসুতা বল্লভ তোমার।
ক্ষমহ আমার রোষ চাহ একবার ॥
মুরলী ধরিনু তব নামের কারণে।
অহর্নিশি গান করি ভ্রমি বৃন্দাবনে ॥
যদি দুঃখ আছে চিত্তে করিবে তাড়ন।
ভুজযুগে মোর অঙ্গ করহ বন্ধন ॥
স্ফুরিত অধর-সুধা পান করিবারে।
নয়ন-চকোর মোর উৎকণ্ঠা আচরে ॥
শ্রীমুখকমলমধু দেহ করি পান।
মদন-দাহন হইতে রাখহ পরাণ ॥
সত্য যদি আমারে আছহ কোপবতী।
নয়ন-সন্ধান বাণ কর মোর প্রতি ॥
যে দণ্ড করিলে সুখ উপজে তোমার।
সেই দণ্ড করি মোরে কর অঙ্গীকার ॥
ভুজদণ্ডে বান্ধি যদি না হয় সন্তোষ।
দশনে দংশন কর যাতে পরিতোষ ॥
কতেক কহিব প্রিয়ে যাতে তব সুখ।
সেই দণ্ড করি ত্যাগ কর নিজ দুখ ॥
নিজ প্রিয়জন যদি অপরাধ করে।
ত্যাগ নাহি করে কিন্তু দণ্ড করে তারে।
ভৎসন তাড়ন দণ্ড আর যত আছে।
সকল করহ প্রিয়ে আছি তব কাছে ॥
নিভৃতে বান্ধিয়া মোরে রাখ কুঞ্জঘরে।
দণ্ড করি ভয়মুক্ত করহ আমারে ॥

কি আর বিস্তর কথা কহিব সুন্দরি।
যাহাতে তোমার সুখ হয় অতি ভারী ॥
তোমার চিত্তের যাতে প্রসন্নতা হয়।
যাহাতে চিত্তের সব ঘুচয়ে সংশয় ॥
মানময়ী তুমি মোর ভূষণ জীবন।
অঙ্গনার রূপে কর গমনাগমন ॥
মোর প্রাণরূপা তুমি বনের ঈশ্বরী।
তোমা বিনে বৃন্দাবন শূন্যময় হেরি ॥
যদি মোর অতি দোষ হয় তব স্থানে।
ক্ষমহ সকল কিছু না করিহ মনে ॥
কি জানি কিরূপ ক্রোধ জন্মিল তোমার।
সব ক্ষমা করি মোরে কর অঙ্গীকার ॥
মোর কাম্য তুমি সে করিবে বার বার।
তুমি মোর ধন প্রাণ তুমি মোর সার ॥
তুমি মোর জীবন ভূষণ রত্নখনি।
ভব-সমুদ্রের মাঝে রত্ন করি মানি ॥
তোমা বিনা প্রাণাধিক কেহ নাহি আর।
সেই দণ্ড কর মোরে যা ইচ্ছা তোমার ॥
তুমি মোর রত্নরূপা সবার প্রধান।
তুমি অনুকূলা হৈলে জুড়ায় পরাণ ॥
লোচন রঞ্জিত সেই করি সেই গুণে।
প্রেমদৃষ্টে চাহ কহ মধুর বচনে ॥
তবে সেই রাগ মোর জন্মিবে অন্তরে।
তবানুরঞ্জনী বিদ্যা স্ফুরুক আমারে ॥
তুমি অঙ্গীকার কৈলে তাপ-নাশ হয়।
আপনার বশ করি রাখহ আমায় ॥
আমি তবে সর্ব্বত্র বিজয়ী নাম ধরি।
পুনর্ব্বার কহিতে লাগিলা দৈন্য করি ॥
কোনরূপে তুমি মোরে কর অঙ্গীকার।
হৃদয়ের দুঃখ মোর ঘুচাও অপার ॥
আমার মস্তকে তব চরণ-পল্লব।
স্থাপন করহ সেবা আমার দুর্লভ ॥
আমার বাঞ্ছিত সেই মহৎ চরণ।
যার স্পর্শে হয় স্মরগরলখণ্ডন ॥

মন্ত্ররূপ পাদদ্বয় স্পর্শিলে তোমার।
স্বরূপ গরল সব হয় ছারখার॥
লোকে বলে কন্দর্প গরল নাশ করে।
শিরসি ভূষণ কৈলে অতি শোভা করে॥
যদি বল এমন প্রার্থনা কেন কর।
তার অর্থ কহি ইথে করহ বিচার॥
ক্লেশ দেয় কামরূপ দারুণ অরুণ।
কামসূর্য্য-প্রতাপে জ্বলিছে মোর মন॥
সে মহাপ্রতাপ ক্রমে ক্রমে বৃদ্ধি হয়্যা।
জ্বালিছে হৃদয় মোর ব্যাকুল করিয়া॥
চরণ ধারণ কৈলে তাপ-নাশ হবে।
মদন-কদন-ক্লান্তি সকলি ঘুচিবে॥
কন্দর্প-গরল খণ্ডে যার স্পর্শ হৈতে।
শিরসি নিধান কর সুখ মোর ইথে॥
রাতুল চরণ শ্যাম-চিকুর-উপরি।
অতি শোভা হবে কৃষ্ণচিত্তমনোহারী॥
মদন-কদনশর জ্বলিছে অন্তরে।
পুনর্ব্বার কহিতে লাগিলা দামোদরে॥
কুচকুম্ভ উপরে শোভিছে মুক্তামালা।
নবঘনে শোভে যেন বলাকার মালা॥
তোমার হৃদয়দেশে করিছে শোভন।
জঘন-মণ্ডলে কাঞ্চী মধুর বাজন॥
মণিময় মালা কুচকুম্ভের উপরি।
হৃদয়দেশের মাঝে অতি শোভা করি॥
জঘনমণ্ডলে দোলে রশনা তোমার।
ঘোষণা করিছে মন্মথের অধিকার॥
তব কাঞ্চী মন্মথের করিছে ঘোষণ।
ভঙ্গি করি কহে কৃষ্ণ প্রার্থনা সূচন॥
উত্তর না করে রাধা আছে মৌন করি।
কহিতে লাগিলা কৃষ্ণ তার মুখ হেরি॥
শুন প্রিয়ে বাক্যে মম কর আজ্ঞা দান।
কি আজ্ঞা করিব যদি কর অনুমান॥
তোমার চরণদ্বয় সাজাব আদরে।
সরস অলক্তরাগ ঐছে শোভা করে॥

ঐছে ভাতি করিয়া সাজাব পাদুখানি।
এমতি আমার ইচ্ছা আজ্ঞা অনুমানি॥
স্থলপদ্মবন সবে করিছে গঞ্জন।
তারে তিরস্কার করে তোমার চরণ॥
আমার হৃদয় অতি করিছে বাঞ্ছিত।
কোকনদ হৈতে আর রক্তাব্জ বিদিত॥
তাহাতে জন্মিবে রতিরঙ্গে অতি শোভা।
অলক্ত-সাজনি দেখি মন অতিলোভা॥
ইতি উক্ত প্রকারে শ্রীমধুরিপু-কথা।
শ্রীরাধিকা লক্ষ্য করি উপজিল তথা॥
সে বাক্যসমূহ তার উৎকথ সূচন।
পরম প্রেয়সী রাধা তাহার বর্ণন॥
চটুল বচন হয় অনেক প্রকার।
মান উপশমনেতে সামর্থ্য যাহার॥
সুচারু শোভন অতি সার সুখপ্রদ।
পদ্মাবতী শ্রীরাধিকা প্রার্থনা সম্পদ॥
জয়দেবপত্নী পদ্মাবতী নাম হয়।
তাহার রমণ জয়দেব মহাশয়॥
সেই মহাকবি তার ভারতী সকল।
তাহার ভণিত সুখপ্রদ সুমঙ্গল॥
শ্রীরাধিকে গো আশঙ্কা কর তুমি ত্যাগ।
অন্য জনে মোর কিছু নাহি অনুরাগ॥
তোমাতে সতত আছে মানস আমার।
অন্য কারে পরশিতে নাহি অধিকার॥
যদ্যপি অন্তরে তুমি আছ মগ্না হয়্যা।
তথাপি জানিয়ে শূন্য তোমা না দেখিয়া॥
তোমা বিনা আত্মা মোর বাসিছে উদাস।
তবে প্রাণ স্নিগ্ধ হয় যদি দেখি হাস॥
শুন পরাশয়া পরিরম্ভ আরম্ভণে।
কর্ত্তব্য যে হয় তাহা করহ যতনে॥
হে চণ্ডি হে প্রিয়ে পুষ্পায়ুধ মহামতি।
মন্মথ সেবিয়া বিশ্ব জিনিবে সংপ্রতি॥
শুন প্রিয়ে দেহ মোরে দংশনের ঘাত।
বাহুমূলে বান্ধি শাস্তি করহ সাক্ষাৎ॥

নিবিড় স্তনের পীড়া দেহ মোর অঙ্গে।
ইহা শুনি রাধিকার মন হয়ে রঙ্গে ॥
কৃষ্ণ কহে এইমত বিধান করিয়া।
হইবে তোমার সুখ দণ্ড আচরিয়া ॥
পঞ্চবাণ চণ্ডাল কাণ্ড দলন হৈতে।
প্রাণ মোর ছাড়ি যায় কহিনু তোমাতে ॥
শশিমুখি তোমার শোভিছে ভ্রূভঙ্গিমা।
যুবজনমনোহর কালসর্পী সমা ॥
সেই কালসর্পী মহা ভয়ঙ্করী হয়।
যুবজনে দংশন করিতে সদা চায় ॥
তদুদিত ভয় ভুঞ্জনায় মোর মন।
ত্বদধর-সীধুসুধা বাঞ্ছে অনুক্ষণ ॥
সেই সুধা সিদ্ধ মন্ত্র তাপ নাশ করে।
এ হেতু অধর-সুধাপান দেহ মোরে ॥
কোপিনী হইয়া কেন আছ মোর প্রতি।
সহজেই ভ্রূভঙ্গিমা আর ক্রোধমতি ॥
উত্তর না করে রাধা আছে মৌনভরে।
পুনর্ব্বার কহিতে লাগিলা কৃষ্ণ তারে ॥
শুন তন্বি কোপভরা দেখিয়া তোমারে।
মদন-প্রভাবে কিন্তু খিন্ন কলেবরে ॥
বৃথা মৌনে আমারে দিতেছ বড় ব্যথা।
পঞ্চম বিস্তার তুমি করহ সর্ব্বথা ॥
যদি বল আমি গান করিব না করি।
তোমার বিকল কিছু বুঝিতে না পারি।
শুনহ তরুণী কর মধুর আলাপ।
শুনিতে হইবে সুখ ঘুচিবে সন্তাপ ॥
শুনহ সুমুখি কৃপাবলোকন করি।
ঔদাস্য মুঞ্চন কর মান ত্যাগ করি ॥
শুনহ সুমুখি ত্যজ বিধুমুখ-ভাব।
তোমার মধুর বাক্যে কত সুধালাভ ॥
তাপ মোর দূর কর হাস্যদৃষ্টি করি।
আপন হৃদয়-কর্ম্ম কার বেরি বেরি ॥
বিহরিতে অনভিজ্ঞা মুগ্ধার লক্ষণ।
সেই জ্ঞান অন্তাহৃত কৈল আগমন ॥

হে চণ্ডি হে প্রিয়ে পুষ্পায়ুধ মহাশয়।
ত্বন্মুখ সেবিয়া বিশ্ব করিলেন জয় ॥
অধরপল্লব তব বান্ধুলী-বান্ধব।
তব কান্তি অধরেতে মিলিয়াছে সব ॥
স্নিগ্ধ মধুপুষ্প দুই গণ্ডে শোভা করে।
নীলপদ্মকান্তি দুই লোচন সুন্দরে ॥
লোচনের শোভা পদ্ম-শোভা দূর কৈল।
ভয় পায়ে নীলপদ্ম চক্ষে মিশাইল ॥
নাসা তিল-প্রসূন-পদবী প্রাপ্ত হয়্যা।
আনিল তাহার অতি সৌন্দর্য্য হরিয়া ॥
শুন কুন্দদন্তি কুন্দ নিন্দি দন্তপাঁতি।
দশন আনিল সব হরি কুন্দভাতি ॥
তব মুখে আছে সেই কুসুম সকল।
তার বাণে বিশ্বজয় করি মহাবল ॥
পুষ্পায়ুধ নাম ধরে তোমার কৃপাতে।
আমি তাতে কিবা হই তোমার সাক্ষাতে ॥
দেবতা যুবতী সব তোমারে সেবিতে।
স্থানে স্থানে তোমা ঘোর আছে সাবহিতে ॥
স্বর্গের দুর্ল্লভা তুমি পরম দেবতা।
চাহ একবার মোরে হয়ে কৃপান্বিতা ॥
দেবতা যুবতীগণ সমূহ সকল।
তোমার আশ্রিত হয় পাইতে মঙ্গল ॥
রাধিকার স্থূল লীলা করিয়া বর্ণন।
তার অতি কষ্ট-দশা করি নিরীক্ষণ ॥
বিষণ্ণ মানসে বসিলেন কুঞ্জমাঝে।
সেই দশা স্মরণ করিল কবিরাজে ॥
তার শ্লোক সর্ব্বলোকে করি আশীর্ব্বাদ।
করি ঘুচাইল সব চিত্ত-অবসাদ ॥
শ্রীকৃষ্ণ সবার প্রতি করুন প্রকাশ।
আশীর্ব্বাদ করি চিত্ত বাড়ল উল্লাস ॥
কুবলয়াপীড় সঙ্গে সংগ্রামের স্থলে।
তার কুম্ভস্থল পীন-পয়োধর ভালে ॥
সেই মত্ত গজকুম্ভ সদৃশ দর্শনে।
রাধা-পীন-পয়োধর হইল স্মরণে ॥

তার স্পর্শসুখ হৈতে ভাব উপজিলা।
সেই ভাবে কৃষ্ণ কিছু স্তম্ভিত হইলা॥
স্বেদ অঙ্গে বহে অশ্রু হইল মিলন।
অঙ্গ কম্প হৈল উঠে যত ভাবগণ॥
জিতিনু জিতিনু বলি ডাকে কংসচর।
অতি কোলাহল শব্দ উঠে নিরন্তর॥
সেই ভাবে অবহিত কৃষ্ণ পুনর্ব্বার।
ভাব সংবরিতে যুদ্ধ বাড়িল অপার॥

পুনর্ব্বার ঠেলিয়া ফেলিল গজরাজে।
অতিশয় ব্যামোহ বাড়িল কংসরাজে॥
পুনর্ব্বার কোলাহল শোকানন্দ হৈতে।
উঠিল কিঙ্করগণ না পারে নিশ্চিতে॥
ক্ষণেক থাকিয়া কৃষ্ণ মারিলা সে করী।
সেই কৃষ্ণ হউন্ জগত-হিতকারী॥
দশম সর্গের এই করিনু বিচার।
জয়দেব-পাদপদ্মে করি নমস্কার॥

ইতি শ্রীগীতগোবিন্দ-মহাকাব্যে মানিনী-বর্ণনে মুগ্ধমাধব নামক দশম সর্গ।

একাদশ সর্গ

এবে কহি দোঁহার মিলন ব্যবহার।
শ্রবণে বাড়য়ে কর্ণে আনন্দ অপার॥
তাহে সখীগণ প্রবেশিলা কুঞ্জঘরে।
কহিতে লাগিলা কিছু মধুর উত্তরে॥
যার মুখ দেখিবারে এতেক কামনা।
পাঠাইলে সখীগণে করিয়া প্রার্থনা॥
সে জন বিনয় কৈল পদযুগ ধরি।
তাহারে উচিত নহে এত মান ভারী॥
অন্য যুবতীর গণ আছে স্থানে স্থানে।
মন ফিরাইতে পারে পাইলে নির্জ্জনে॥
ললিতা বলেন শুন মানময়ী রাধা।
আপন সখীর বাক্যে না করিহ বাধা॥
অনুচিত কার্য্য হয় কৃষ্ণে উপেক্ষিলে।
ললিতা বলেন সখি ভালই করিলে॥
হস্তগত ধন ছড়াইলে বনে বনে।
শ্রমমাত্র সাধ্য পুনঃ না মিলিবে ধনে॥
দেখ সখি প্রণত যে হৈল সর্ব্বমতে।
যুক্তি না আসে তারে উপেক্ষা করিতে॥
যারে না দেখিলে মাত্র না রহে জীবন।
তারে আর উপেক্ষা করিবে কতক্ষণ॥

দেখ সখি যে অগ্নি পোড়ায় গৃহধন।
তারে আনি রাখে পুনঃ করিয়া যতন॥
সখীর কথায় রাধা পারিলা বুঝিতে।
কহিতে লাগিলা কিছু হাসিতে হাসিতে॥
শুন সখি এই দেহ তোমা সবাকার।
যে তোমার ইচ্ছা সেই সম্মত আমার॥
তোমরা আমার সব বান্ধব ও প্রাণ।
তোমা সবা বিনা আমি নাহি জানি আন॥
শুনিয়া আনন্দে ভোর সবে অতিশয়।
বাহির হইয়া কৃষ্ণ হইয়া নির্ভয়॥
কৃষ্ণ আসি পুনঃ দাণ্ডাইলা রাধা-আগে।
হাস্যমুখে কহিতে লাগিলা অনুরাগে॥
রাধা পুনঃ কৃষ্ণমুখ হেরি হৃষ্ট-মন।
মুখপদ্ম মৃদু স্মিতমধুর বচন॥
দেখি কৃষ্ণমুখপদ্ম হৈল হরষিত।
আনন্দ অন্তরে সব ভুলে গেল ভীত॥
সখীর সম্মতি লয়ে বঞ্জুলকাননে।
মঞ্জুতর কুঞ্জমাঝে করিলা গমনে॥
কুঞ্জে প্রবেশিয়া কৃষ্ণ রাধা-মুখ হেরি।
ঘুচাইলা মনোব্যথা মান ভঙ্গ করি॥

কৃষ্ণের অপ্রীতি দুঃখ সব দূরে গেলা।
রাধার হৃদয়ে বহু আনন্দ বাড়িলা ॥
কুঞ্জশয্যা করি কৃষ্ণ তাহে বসিয়াছে।
তবে সখী কহিতে লাগিলা রাধা-কাছে।
বিবচিত চাটুকার বহু মত করি।
প্রণিপাত চরণে করিলা বেরি বেরি ॥
সম্প্রতি মঞ্জুলকুঞ্জে করিলা গমনে।
বঞ্জুল কাননমধ্যে অতি মনোরমে ॥
কেলিশয্যামধ্যে কৃষ্ণ হৈল উপগত।
অতএব তোমার প্রসাদ অভিমত ॥
মধু-মথনের প্রতি কর অভিসার।
শুন মুগ্ধে মোর বাক্য কর অঙ্গীকার ॥
কৃষ্ণ তব অনুগত শুনহ রাধিকে।
চলহ নিকুঞ্জে ধনী কি বাক্য অধিকে ॥
স্তন ঘন-জঘনের ভার অতিশয়।
তাহার ভারেতে তব মৃদু গতি হয় ॥
তাহাতে চরণযুগে করিয়া বিহার।
শুন প্রিয়ে সুখে সুখে কর অভিসার ॥
মুখরিত মণির মঞ্জীর পরিধান।
করহ আমার বাক্য করিয়া প্রমাণ ॥
মরালের পরাভব হয় তো তাহাতে।
নূপুরের ধ্বনি শুনি হংস পায় ভীতে ॥
রমণীর ভাব কৃষ্ণ-বচন মধুর।
শুনহ শ্রবণ ভরি অতি রসপূর ॥
তরুণীজনার মন করয়ে মোহন।
মধুরিপু-বাক্য সখি অতি মনোরম ॥
তরুণীজনার করে শাসন প্রচার।
পিকনিকরের ভার করহ বিচার ॥
গতি প্রতি বিলম্বিত করহ মুকুন্দ।
লতা-নিকুরম্ব তোমা করিছে প্রেরণ ॥
অনিল হেরহ কিশলয়-কর দিয়া।
প্রেরণ করিছে তোমা প্রেমাস্পষ্ট হৈয়া ॥
দেখি সখি তোমার অঙ্গেতে ভাবগণ।
ভাবের বিকার সব করিছে স্পন্দন ॥

আমার বচন যদি আত্মমত জান।
তবে অবিলম্বে কর কুঞ্জেতে পয়াণ ॥
অনঙ্গ তরঙ্গবশে স্পন্দে বারে বারে।
তব কুচকুম্ভ ধনি পুছহ তাহারে ॥
সূচিত করিছে হরিরঞ্জণ সর্ব্বথা।
অতি মনোহর হার বিহরিছে যথা ॥
কমনীয় জলধার যেন তাহে বহে।
বামস্তন স্পন্দ হৈয়া এই কথা কহে ॥
অখিল সখীতে ইহা হৈল অধিগত।
তব বপু রতিরসে সজ্জা অবিরত ॥
রতিরণ-প্রবীণ রশনা-মণিগণ।
অলজ্জ হইয়া করে ডিণ্ডিম বাদন ॥
অপূর্ব্ব বাদন সেই হরে জন-মন।
তার শব্দ শুনিয়া দুলিছে তব স্তন ॥
নহিলে কাঞ্চীর ধ্বনি হয় ত অন্যথা।
অভিসার কর ধনি শুন মোর কথা ॥
লজ্জায় রহিত হয়ে কাঞ্চী করে ধ্বনি।
বপু তব উৎফুলিত সেই ধ্বনি শুনি ॥
স্মর-শরসম নখ আছে তব করে।
মোহ নামে কামশাস্ত্রে বান্ধিয়া সমরে ॥
লীলার সহিত সখী অবলম্ব কার।
চলহ নিকুঞ্জে তুমি এই বস্ত্র পরি ॥
কর-পদে চঞ্চলতা বলয়া চলিত।
তার শব্দ হৈতে কৃষ্ণে করহ বোধিত ॥
জয়দেব-ভণিত মধুর রসকথা।
কৃষ্ণ-বিনিহিত চিত্ত যাহার সর্ব্বথা ॥
তার কণ্ঠে লাগিয়া রহুক অনিবার।
কি করিবে বরনারী কি করিবে হার ॥
অতি ত্বরা করিবারে মধুর করিয়া।
শ্রীকৃষ্ণ-উৎকণ্ঠা সব কহে বিস্তারিয়া ॥
কৃষ্ণের মনের কথা শুন ঠাকুরাণি।
নিশ্চয় জানিবে ইহা সত্য করি মানি ॥
সেই মোর প্রিয় রাধা আসি মোর ঘরে।
প্রেমাবিষ্ট হয়ে কবে দেখিবে আমারে ॥

স্মরকথা আবেশে করিবে বার বার।
শুনিতে আনন্দ মোর বাড়িল অপার॥
প্রেমালাপ করিয়া প্রত্যঙ্গে আলিঙ্গনে।
অতি প্রীতি হবে মম প্রথম মিলনে॥
প্রীতি-কথা উক্ত করি আমার সহিতে।
রমণ করিবে সুখে লয় মোর চিতে॥
এই চিন্তা করি কুঞ্জে রহে স্থির হৈয়া।
স্থিরতর অন্ধকার নিবিড় দেখিয়া॥
প্রিয়-মিলনের এই সময় উচিত।
তমাল-বেষ্টিত তমঃ হয় যথোচিত॥
তরুচ্ছায়া অন্ধকার অতি স্থিরতর।
এই হেতু তব সুখ বাড়িবে বিস্তর॥
নিকুঞ্জেতে প্রিয় কৃষ্ণ তোমারে দেখিবে।
তোমা দেখি প্রেমাবেশে কম্প উপজিবে॥
পুলক হইবে সব শরীরে তাহার।
আনন্দে পূরিত তনু হবে পুনর্ব্বার॥
স্বেদজলপূর্ণ হবে সকল শরীরে।
ডুবিবে সকল তনু আনন্দ-সাগরে॥
নিকটে হইলে মোর প্রিয়া আগমন।
প্রত্যুদ্গম করিতে উঠিবে সেইক্ষণ॥
ক্ষণে তার আনন্দ আবেশ মূর্চ্ছা হৈয়া।
কত সুখ উপজিবে তোমারে দেখিয়া॥
অন্ধকার অভিসার বেশ-ভূষা করি।
নীলপদ্মমালা আর নীলবস্ত্র পরি॥
সেই অনুসারে যায় দুই এক জন।
ক্রমে ক্রমে সবার সঙ্গে হইবে মিলন॥
স্থিত তমঃকুঞ্জ নিকুঞ্জমাঝে হরি।
আছেন বসিয়া পথ নিরীক্ষণ করি॥
সর্ব্বত্র ব্যাপক হৈল মহা অন্ধকার।
অন্ধকার হেতু দৃষ্টি না চলে কাহার॥
সবাকার প্রত্যঙ্গ করিছে আলিঙ্গন।
অতি ঘোর হয় যৈছে দলিত অঞ্জন॥
প্রিয় অনুসারে অনুকূল অন্ধকার।
অতএব বড় সুখ করিবে বিস্তার॥

নীলবস্ত্র যেন সর্ব্ব-অঙ্গেতে আছয়।
তাহা হৈতে অন্ধকার ঘোরতর হয়॥
অভিসারি সর্ব্বাঙ্গে করিয়া আবরণ।
পরম সহায় তমঃ অতি বিলক্ষণ॥
কদাচিৎ কার পাছে হয় অভিসার।
বিলম্ব করিয়া কিছু কার্য্য নাহি আর॥
পরজনপ্রবঞ্চক ধূর্ত্তের মণ্ডলী।
অতিশয় সত্বর আছয়ে সখী মেলি॥
যদি তার সখী আনি দিব মনে করে।
সে সময় কৃষ্ণ তারে উপেক্ষিতে নারে॥
পরবঞ্চকতা তার স্বভাব নিশ্চয়।
তবে তব অভিসারে কিবা কার্য্য হয়॥
নয়নে অঞ্জন দেহ কালোচিত জানি।
শ্রবণে তমালগুচ্ছ করহ সাজনি॥
মস্তকেতে শ্যাম-সরোজের দাম দিয়া।
সাজন করহ অতি যতন করিয়া॥
কুচোপরি কস্তুরিকা-পত্র-ভঙ্গ-লেখা।
সকল অঙ্গেতে কর কস্তুরিকা মাখা॥
প্রেম পরীক্ষণ লাগি কহে পুনর্ব্বার।
নিকুঞ্জ করিছে ধ্বান্ত বিনাশ এ সবার॥
কাশ্মীরের তুল্য গৌর অঙ্গ তা সবার।
অন্ধকারে তা সবার করে অভিসার॥
তা সবার প্রেম হেম পরীক্ষার তরে।
স্বর্ণরুচি জিনি যারা অঙ্গরুচি ধরে॥
নিকষ পাষাণ বলি ধরে নিজ নাম।
মরাল-গমন চারু হয় অভিরাম॥
তমালের দল নিন্দি নীলকান্তি ধরে।
প্রেম হেন সুবিখ্যাত করিছে বিস্তরে॥
অন্ধকার-নিবিড়তা প্রতিপাদ্য করি।
তমালের কুঞ্জে শুক কহিল বিস্তারি॥
তবে রাধা সখার বচনে সুখ পায়্যা।
মন্দ মন্দ পদগতি সঞ্চার করিয়া॥
নীলবর্ণ শ্যাম-বেশ শ্যাম অলঙ্কার।
সখীগণ মিলিয়া করিল শীঘ্র তার॥

অঙ্গকান্তি হেতু তবে কস্তুরী লেপিলা।
সখী-হস্ত ধরি কুঞ্জে গমন করিলা॥
দেখিয়া কৃষ্ণের শোভা মন্দস্মিত হয়।
তমঃপুঞ্জ ভেদ করি বাহিরে দাঁড়ায়॥
লুকান না যায় আর অঙ্গের মাধুরী।
তিমির করয়ে নাশ কিরণ সঞ্চারি॥
কৃষ্ণের নিকট পরে করিয়া গমন।
দ্বার হৈতে কৃষ্ণরূপ করে নিরীক্ষণ॥
অত্যন্ত উৎসুক কৃষ্ণ রাধা-অঙ্গ দেখি।
রাধা পুনঃ বাম দিকে নেহারিল সখী॥
নিকটে যাইতে চিত্তে আনন্দ উঠিলা।
লজ্জারূপা সখী তারে স্তম্ভিত করিলা॥
নিকুঞ্জের দ্বারে কৃষ্ণ নিরীক্ষণ করি।
আছেন রাধিকা কৃষ্ণবদন নেহারি॥
লজ্জাবতী পুনঃ হয়ে চলিতে না পারে।
পুনর্ব্বার সখী কিছু কহিছে তাহারে॥
কেলিতল্পে বাস কৃষ্ণ পরম মোহন।
মনোহর হার বক্ষে করিছে শোভন॥
হারমধ্যে মণিগণ অতি শোভা করে।
কাঞ্চনের কাঞ্চী তার নিতম্ব-উপরে॥
কনকমঞ্জীর পদে অতি শোভা তার।
কাঞ্চন-কঙ্কণ করে শোভা অলঙ্কার॥
তাহার কান্তিতে দীপ্ত শ্যাম-কলেবরে।
দেখিয়া রাধার মুখ বাড়িল অন্তরে॥
মঞ্জুতর কুঞ্জ তাহে প্রবেশ করিতে।
প্রিয়সখীগণ তারে লাগিলা কহিতে॥
শুন রাধে মাধব-সমীপে প্রবেশিয়া।
বিহার করহ সুখে কৃষ্ণেরে লইয়া॥
মঞ্জুতর কুঞ্জতলে করহ প্রবেশ।
কেলির সদনে পাবে আনন্দ বিশেষ॥
বিলস পরম সুখে এই কুঞ্জ-ঘরে।
দেখিয়া বাড়ুক মোর আনন্দ অন্তরে॥
হে রাধে হে হসিত-বদনে শুন বাণী।
তোমার হাস্যের ভাব এই ত বাখানি॥

তব মুখে হাস্য দেখি লয় মোর মনে।
কৃষ্ণেরে ব্যাকুল দেখি হাসিছ বদনে॥
কৃষ্ণে দেখি হাস্য তব উপজিল মনে।
মদনে আসিয়া পুনঃ হৈল প্রকাশনে॥
পূর্ব্ববৎ মুখবন্ধ সর্ব্বত্র শোভন।
প্রতিপদ শেষে ধ্রুব পদের যোজন॥
নবভব অশোকের দল মনোহর।
তাহার শয়ন সার অতি স্নিগ্ধকর॥
তাহাতে বিলাস কর পরম হরিষে।
পাইবে পরম সুখ শ্রীঅঙ্গ-পরশে॥
কুচকুম্ভে তরলিত হার শোভা হয়।
তব মর্ম্মকথা আমি কহিনু নিশ্চয়॥
কুসুমের স্তরে শয্যা রচিত যাহাতে।
শ্রীধরের বাসগৃহ কহিনু তোমাতে॥
তাহাতে বিলাস কর কুসুম-শয়নে।
কুসুম জিনিয়া অঙ্গ করি অনুমানে॥
কুঞ্জদ্বারে গত প্রিয় প্রতীক্ষয়ে তোমা।
সুকুমার তনু তার নাহিক উপমা॥
উদ্দীপন করিছে তোমার গুণগণ।
মনোহর কেলি-শয্যা করিছে রচন॥
চলিত মলয়-বায়ু পরম সুন্দর।
সুরভি-রচিত অতি শীতল বিস্তর॥
সেই কেলি-শয়নেতে করহ বিলাস।
তব মুখ হেরি কৃষ্ণ-হৃদয়ে উল্লাস॥
রতিতে বলিত রস যোগেতে তোমার।
শুন রাধে মধুস্বরে নৃত্য-গীত কর॥
অতএব প্রবেশ করিয়া কুঞ্জঘরে।
কৃষ্ণ সঙ্গে কর গীত কেলি-শয্যাপরে॥
বিস্তারিত বাহু-বল্লী নবীন পল্লব।
অতি মনোহর তব পরম বল্লভ॥
তাহাতে বিলাস কর চিরকাল ধরি।
অলসিত পীন ঘন জঘন তোমারি॥
মধুপানে মুদিত মধুপ ঘন ধ্বনি।
করিছে মধুর গান বেড়ি শয্যাখানি॥

বিলাস করহ সেই পল্লবের মাঝে।
কৃষ্ণ সহ বিলাস যে তোমারেই সাজে ॥
শুনহ মধুর রস-ভাষিত রাধিকে।
মধুর বচন বল কৃষ্ণের আগুকে ॥
অতি সুমধুরতর পিকের নিকর।
তাহাতে নাদিত কুঞ্জ হয়েছে মুখর ॥
দশন রুচির তব মাণিকের পাঁতি।
মাণিকের সম দন্ত শোভা করে অতি ॥
বিহিত করিল পদ্মাবতী সুখসাজে।
পদ্মাবতী রাধা নাম কাছে কুঞ্জমাঝে ॥
জয়দেব কবিরাজ তাহার বর্ণনে।
হে কৃষ্ণ মঙ্গল শত করহ আপনে ॥
তাঁহার ভণিত শ্লোক শতেক প্রকার।
সর্ব্ব-লোকের মঙ্গল হৌক বার বার ॥
চিরকাল ধরি চিত্তে তোমারে বহিতে।
পীন স্তনভারে কৃষ্ণ শ্রান্ত যথোচিতে ॥
কন্দর্পের বাণে ভৃশ হয়েছে তাপিত।
শ্রমেতে তাপিত হয়ে অতি পিপাসিত ॥
সুধাতে ব্যাপিত সদা তব বিম্বাধর।
পান করিবারে কৃষ্ণ বাঞ্ছে নিরন্তর ॥
কৃষ্ণ-ক্রোড় ক্ষণেক শোভন কর তুমি।
বহিঃস্থিত ভাব সব কহি শুন আমি ॥
অবিদিত অভিপ্রায় ক্রোড়ে প্রবেশিতে।
মনেতে সঙ্কোচ তব হয় আচম্বিতে ॥
ভ্রূক্ষেপ-লক্ষ্মীর লেশে ক্রীত এই জন।
দাস পায়ে সেবিতে যে করয়ে দ্বিগুণ ॥
কিসের সম্ভ্রম তব কৃষ্ণের বিষয়।
তব বিম্বাধর-সুধা সদা যে বাঞ্ছয় ॥
ক্রয়ক্রীত জনে শঙ্কা বহে কদাচিত।
সেবিতে চরণাম্বুজ যোগ্য উপস্থিত ॥
সখীর বচনে রাধা উল্লাসিত হৈয়া।
চরণ-মঞ্জীর মৃদু বাজন করিয়া ॥
উল্লাসিতচিত্ত হয়ে সখীর বচনে।
সানন্দ হইয়া প্রবেশিলা কৃষ্ণ-স্থানে ॥

প্রথম সঙ্গমে অতি সাধ্বস জন্মিল।
লোলদৃষ্টে গোবিন্দেরে দেখিতে লাগিল।
সন্তুষ্ট হইয়া রাধা আছে দাণ্ডাইয়া।
ভাবাবেশে অঙ্গভঙ্গ ভ্রূরু নাচাইয়া ॥
হাস্যমুখে রাধা কৃষ্ণে দর্শন করিলা।
হরি পুনঃ এক রস ভাবে বুঝাইলা ॥
রাধা-রূপ আলম্বনে একরস হৈয়া।
নিকুঞ্জ-ভিতরে কৃষ্ণ আছেন বসিয়া ॥
চিরকাল ব্যাপি অভিলষিত বিলাস।
রাধিকার দর্শনেতে মুখে মন্দ হাস ॥
শ্রীরাধিকার মুখপদ্ম বিলোকন হৈতে।
বিকাসিত বিবিধ প্রকার ভঙ্গি যাতে ॥
রসের সমুদ্র যেন রসের তরঙ্গ।
রাধা-মুখ-দর্শনেতে কৃষ্ণ হর্ষ-অন্ধ ॥
জলনিধি যেন বিধুমণ্ডল দর্শনে।
তরলিত সুতুঙ্গ তরঙ্গ অনুক্ষণে ॥
মুক্তাহার ধরিয়াছে বক্ষের উপরে।
নির্ম্মল বিশুদ্ধ অঙ্গ বেড়ি শোভা করে ॥
বিদূর লম্বিত হয়ে সাজে মনোহর।
যমুনার জলে যেন ফেন স্ফুটতর ॥
শ্যামল মৃদুল কলেবর অতি শোভা।
তাহে অধোগতি পীত দুকূলের আভা ॥
নীল পদ্মমূল পীত পরাগপটলে।
অতিশয় বলয়িত যৈছে শোভা দোলে ॥
নীলপদ্ম সহ সাম্য শ্যাম কলেবরে।
পরাগের সাম্য পরিধান পীতাম্বরে ॥
অতিশয় চঞ্চলতা দৃগঞ্চলে সাজে।
সুবলন মনোহর বদনে বিরাজে ॥
তাহাতে আনীত রতি-রাগ অনুক্ষণ।
মৃদু মৃদু হাসি সর্ব্বজগতমোহন ॥
তড়াগের স্ফুটতর কমল-উপরে।
খেলিত খঞ্জন-যুগ ঐছে শোভা করে ॥
বিকসিত মুখপদ্ম নয়ন-শোভন।
কমলের মাঝে যেন খেলিছে খঞ্জন ॥

বদন-কমলে যেন মিলে দিবাকর।
শ্রবণে কুণ্ডল শোভে অতি মনোহর॥
স্মিতরুচি কুসুম শোভিছে মনোহর।
উল্লাসিত অধর-পল্লব শোভাকর॥
শশিকিরণেতে ব্যাপ্ত উদয় যাহার।
হেন জলধর জিনি শোভে কেশভার॥
পুষ্পের মণ্ডলী যেন চন্দ্রের মণ্ডলী।
জলধর সম কেশ শোভিয়াছে ভালি॥
তিমিরে উদিত বিধুমণ্ডল নির্ম্মল।
চন্দন-তিলক তৈছে শোভিছে বিমল॥
বিপুল পুলকভরে অঙ্গ বিহ্বল।
রতি-কেলি-কলা তাহে অধীর করিল॥
মণিগণ-কিরণেতে অতীব উজ্জ্বল।
সেই ভূষণেতে অঙ্গ সুন্দর নির্ম্মল॥
জয়দেব-ভণিত বিভ্রম সুখসার।
সেই বাক্যে দ্বিগুণিত কৃষ্ণ-ভূষাভার॥
হেন কৃষ্ণ হৃদয়ে ধরিল ভক্তগণ।
প্রণাম করহ আর করহ চিন্তন॥
সুকৃতি জনার এই মহোদয় ফল।
তার সার তত্ত্বকথা জানিবে সকল॥
জয়দেববাক্যে যে করিবে অঙ্গীকার।
আপনি ভুগত হয়ে তারিবে সংসার॥
শুন ভক্তগণ এই ভূষা সুধাসার।
ভূষিত হইবে কণ্ঠে কর অলঙ্কার॥
রাধিকা-দর্শনানন্দে কৃষ্ণের বিকার।
কহিয়া রাধিকা-চেষ্টা কহে বার বার॥
কৃষ্ণবিলোকনকালে শ্রীরাধা দর্শনে।
হর্ষ-অশ্রু-নিকর ঝুরিলা কতক্ষণে॥
স্বেদাম্বু-প্রসর যেন বহে অশ্রুধার।
অতি চঞ্চলতারূপে নেত্রের বিকার॥
শ্রবণের পথসীমা অপাঙ্গ আনিয়া।
কৃষ্ণ নিরীক্ষণ করে অশ্রুমুখ হৈয়া॥
ক্রমেতে ঝুরিয়া যেন পড়ে মুক্তাহার।
প্রিয়তম দরশনে উঠিল বিকার॥
পরে কেলি-শয্যা প্রতি করিলা গমন।
প্রিয়মুখ দরশনে লজ্জা পলায়ন॥
তার আনুকূল্যে সাবধান সখীগণ।
করিতে লাগিল কালোচিত আচরণ॥
কর্ণকণ্ডূয়ন-ছলে হাস্য সংবরিয়া।
হস্তস্থিত বলয়াদি সঙ্গীত করিয়া॥
কুঞ্জ হৈতে বাহির হইলা সখীগণ।
রাধিকারে ছাড়ি কৈল
দূরেতে গমন॥
শয্যার নিকটে রাধা
গমন করিলা।
স্মরশরে সুশাণিত কটাক্ষ পূরিলা॥
হাস্য করি প্রিয়মুখে করে নিরীক্ষণ।
দেখিয়া কৃষ্ণের হৈল আনন্দ-বর্দ্ধন॥
কৃষ্ণভুজদণ্ড কবি করিয়া স্মরণ।
তাহার সৌন্দর্য্য কিছু করিছে বর্ণন॥
মুরজিৎ-ভুজদণ্ড জয় সর্ব্বকাল।
জয় শ্রীকৃষ্ণ তাঁর মহিমা রসাল॥
সুবিন্যস্ত মন্দার-কুসুমেতে অর্চ্চিত।
দ্বিপ সহ যুদ্ধ করি সিন্দূরে মুদ্রিত॥
ভুজপীড়া-ক্রীড়া-হত কুবলয় করী।
রক্তবিন্দু লাগিয়াছে অতি শোভা ধরি॥
জয়তি জয়তি কৃষ্ণবাহু সর্ব্বক্ষণ।
সেই বাহু করুন সর্ব্বজীবের রক্ষণ॥
জয়দেব-পাদপদ্ম স্মরণ করিতে।
একাদশ সর্গ পূর্ণ যাঁহার কৃপাতে॥

ইতি শ্রীগীতগোবিন্দ-মহাকাব্যে অভিসারিকা-বর্ণনে
সানন্দদামোদর-নামক একাদশ সর্গ।

দ্বাদশ সর্গ

প্রেমোল্লাসযুক্ত রাধা পরম হরিষে।
আপনাকে কৃতার্থ মানিলা তার পাশে॥
অতি দৈন্য আবিষ্কার করি তার আগে।
কহিতে লাগিলা কৃষ্ণ অতি অনুরাগে॥
সখীবৃন্দ গমন করিয়া সেই কালে।
রাধাকে সরসময় দেখিয়া বিরলে॥
মদনতাপেতে যেন রয়েছে নির্ভর।
স্মরশরবশে দেহ ব্যাপ্ত নিরন্তর॥
দেখিয়া কৃষ্ণের মুখ সানন্দ অন্তরে।
অতএব স্মিত-সুধা স্নপিত অধরে॥
নব পল্লবের শয্যা অতি মনোহারী।
পুনঃ পুনঃ দেখে তাহা নয়ন প্রসারি॥
শয্যাতে নিক্ষিপ্ত দৃষ্টি দেখিয়া রাধারে।
প্রিয়বাক্যে কৃষ্ণ কহিছেন বারে বারে॥
শুন রাধে কিশলয়-শয়নের তলে।
চরণ নিবেশ কর কহি যে বিরলে॥
নারীসমূহের আমি পরম আশ্রয়।
অতএব নারায়ণ নাম লোকে কয়॥
তব অনুগত তেঁই একনিষ্ঠা মোর।
ক্ষণেক ভজহ মোরে দেহ প্রাণ তোর॥
সুকোমল কিশলয়-শয়ন-উপরি।
চরণকমল তোল বিলাস আচরি॥
প্রথমেতে পূজার আসন অঙ্গীকারি।
আশীর্ব্বাদ কর পূজা করে গিরিধারী॥
তব পদপল্লবের বৈরি অনুক্ষণ।
অরুণতা গুণ ধরে পল্লব-শয়ন॥
চরণ-বিলাস হ'তে পরাজয় পায়া।
থাকিবে পল্লব কান্ত-চরণে লাগিয়া॥
নিজ করকমলেতে তোমার পূজন।
করিব অনেক দূর করিলা গমন॥
দূর হৈতে তোমারে আনিনু যত্ন করি।
আজ্ঞা কর মোরে সেবি শয়ন-উপরি॥

চরণে নূপুর তব যৈছে অঙ্গীকার।
তেমতি আমারে রাধে করহ স্বীকার॥
নূপুর তোমার যৈছে হয় রতিশূর।
তৈছে অনুগত আমি না ভাবিও দূর॥
অমৃত-বচন সব করহ রচন।
তব মুখ-সুধানিধি হৈতে অনুক্ষণ॥
ঝরিয়া পড়য়ে যেন অমৃতের ধার।
অতি অনুকূল হবে বচন তোমার॥
বক্ষঃস্থল-দুকূল করিব নিবারণ।
পয়োধর বোধ হয় তাহার কারণ॥
প্রিয়-পরিরম্ভণ রভস সুবলিত।
কুচকুম্ভ হয় তব অতি পুলকিত॥
উরসি কুচকলস করহ অর্পণা।
করহ আমার যত ঘুচুক যন্ত্রণা॥
অধরজ সুধারস পান দেহ মোরে।
মৃতপ্রায় দাস জনে জীয়াও সমরে॥
তোমাতে নিহিত মন আছে রাত্রি-দিনে।
বিরহ-অনলে দগ্ধ বপু তবে কেনে॥
শশিমুখি মুখর যে কটির রশনা।
তার সঙ্গে কণ্ঠনাদ করহ যোজনা॥
রশনার গুণ মুখরিত করি আগে।
তাহার সদৃশ গান কর অনুরাগে॥
তোমার নয়ন মোরে বিকল করিল।
লজ্জিত হইয়া পুনঃ মুদ্রিত হইল॥
অতিশয় বিকলের প্রায় রোষ করি।
বিকল করিছে মোরে বুঝিতে না পারি॥
জয়দেব-ভণিত অপূর্ব্ব গীতসার।
প্রতি পদে নিগদিত মধুরিপু যার॥
জনয়তু রসিকের মনের বিনোদ।
মনোরম রসিকের মহাসুখপ্রদ॥
রাধা প্রতি কৃষ্ণ যত করিল প্রার্থনা।
কুঞ্জকেলি-শয়নের করিলা বর্ণনা॥

দোঁহে প্রেম-লীলা-রস করে আস্বাদন।
সেই কথা পূর্ব্বাপর করহ শ্রবণ॥
সুরত-আরম্ভে যত বিঘ্ন উপজিল।
সেই ত প্রত্যূহ প্রীতিজনক হইল॥
তাহাতে সুরতারম্ভ বাড়িল অপার।
পুনরপি সেই লীলা করে বার বার॥
দোঁহে দোঁহা নিবিড় আশ্লেষ করিবারে।
পুলক-অঙ্কুর তাহে বিঘ্নভাব ধরে॥
কেলিভাব বিলোকন করিতে দোঁহার।
বিঘ্ন আসি উপজিল নিমিষে সঞ্চার॥
অধরের সুধাপানে কৃষ্ণ প্রবর্ত্তিলা।
পরিহাসবাক্য তাহে বিঘ্ন উপজিলা॥
কামকলা-সমরে সাজিল দুই জনা।
আনন্দ-আবেশ করে বিঘ্নের সূচনা॥
সেই বিঘ্ন মহাসুখ হইল দোঁহার।
সুরত-আনন্দ যাতে করিল বিস্তার॥
বন্ধনেতে দোঁহাকার হইল সংযম।
তাহাতেই শতগুণ বাড়িল সঙ্গম॥
পয়োধরভারেতে পীড়িত হৈল অঙ্গে।
নখধারে বিদ্ধ তনু সুরত-তরঙ্গে॥
দশনেতে ক্ষত হৈল অধর-পল্লব।
অনির্ব্বচনীয় সুখ বাড়ি গেল সব॥
কটিতটে আঘাত করিল প্রেমসুখে।
অধরের সুধা পান করিয়া উন্মুখে॥
কেশবন্ধ দুই হাতে করিয়া লম্বিত।
অধরের সুধাপানে হইল মোহিত॥
প্রেমের আশ্চর্য্য গতি ঐছে ব্যবহার।
দোঁহার সুখেতে সুখ জনমে দোঁহার॥
রতিকেলি-সঙ্কুল রণের আরম্ভণে।
প্রবর্ত্ত হইলা কান্ত জিনিবার মনে॥
কান্তের উপরে রতি আরম্ভ করিলা।
হঠাৎকারে কান্ত জিনিবারে প্রবর্ত্তিলা॥
বাহুবন্ধ আদি যত ক্রীড়াসুখ করি।
পরস্পরে জয়শঙ্কটে তত ভারি॥

অতিশয় শ্রমভরে কাতর হইলা।
কামরণে রাধা কৃষ্ণে জিনিতে নারিলা॥
নিস্পন্দ জঘনস্থল হৈল সেইক্ষণে।
বাহুলতা শিথিলতা কৈল কামরণে॥
বক্ষঃস্থলে অতিশয় হইল কম্পন।
আঁখিযুগ নিমীলিত হয় অনুক্ষণ॥
বিপরীত রতিক্রীড়া আরম্ভ করিলা।
পুরুষ-সম্বন্ধি রস সিদ্ধ না হইলা॥
নারীর পুরুষ-রস কৈছে সিদ্ধ হয়।
দোঁহার হৃদয়ে কামচিহ্ন অতিশয়॥
সুখভরে রাধিকার মুদিত নয়ন।
পুলকে পূরিত গণ্ড করিছে স্পন্দন॥
বাড়িল আনন্দ ঘন ঘন শীৎকার।
দশন-কিরণে ওষ্ঠ ব্যাপিল তাহার॥
অবশ হইল অঙ্গ ধরিতে না পারে।
বদনে চুম্বন কান্ত করে বারে বারে॥
রণারম্ভে রাধিকার জয় নাহি দেখি।
শ্লথবাহু বক্ষঃকম্প নিমীলিত আঁখি॥
এই কামশরে বিদ্ধ হৈল কৃষ্ণ-মন।
কীলিত করিল তারে অদ্ভুত কথন॥
বিধৌত হইল সব অধরের শোভা।
বিলুলিত বনমালা বর্ণান্তর আভা॥
মূর্দ্ধজ লুলিত যার ফুলের গাঁথনি।
কাঞ্চীদাম শ্লথ পুনঃ চঞ্চল চাহনি॥
কামশরে বিদ্ধ হৈল নয়ন-যুগল।
তবে কৃষ্ণ রাধা-অঙ্গ দেখিয়া বিকল॥
সুরতান্তে চিহ্নিত দেখিয়া রাধা-অঙ্গ।
বাড়িল কৃষ্ণের রতি-সুখের তরঙ্গ॥
বক্ষঃস্থলে পুষ্পমালা অতি শোভা ধরে।
নখেতে অঙ্কিত যেন অরুণ আকারে॥
আঁখিযুগ নিদ্রাতে লোহিত সব দেখি।
অধর শোণিত সখি অতি স্নিগ্ধ আঁখি॥
বিনির্ধৌত রাগ যেন দেখিল অধর।
কেশপাশ বিলুলিত অতি মনোহর॥

স্রস্তস্রজ হৈল তাহে বন্ধনরহিত।
ইতস্তত হৈয়াছে দেখি আনন্দিত॥
কাঞ্চীদাম শ্লথ হয়ে ঝুন্ ঝুন্ করে।
দেখিয়া আনন্দ বড় বাড়িল অন্তরে॥
প্রভাতসময়ে এই কন্দর্পের বাণে।
শয়ন করিতে মাত্র বিদ্ধ কৈল মনে॥
অঙ্গেতে অর্পিত শর অঙ্গে বিদ্ধ করে।
এই ত অদ্ভুত কথা নারি বুঝিবারে॥
কৃষ্ণ কহে রাধিকার অঙ্গের মাধুরী।
করেতে জঘন স্তন আচ্ছাদন করি॥
লজ্জার সহিত আমা ঈক্ষণ করিতে।
পুনর্ব্বার ঔৎসুক্য হৈল মোর চিতে॥
দলিত পঙ্কজমালা অঙ্গে প্রসারিয়া।
বুঝি বিলোকন হাসি আমা নিরখিয়া॥
কেশ সব লুলিত হৈয়াছে অতিশয়।
বিস্তীর্ণ হইয়া সব অঙ্গ আচ্ছাদয়॥
অলকামণ্ডলী সব তরলিত দেখি।
কপোলেতে স্বেদ মুক্ত চঞ্চলতা আঁখি॥
বিম্বাধরশোভা ক্ষত হয়েছে রাধার।
কুচকলসের বিমর্দ্দন-ক্ষত হার॥
বিলুপ্ত অধরশোভা হার নাহি গলে।
শয্যামধ্যে কোথা পড়ি আছয়ে বিরলে॥
কোন্ দিকে গেল কাঞ্চী রসের আবেশে।
শিথিল করিল তনু অঙ্গ লোক কিসে॥
আত্মার চিন্তনস্ফূর্ত্তি নাহিক যাঁহার।
কৃষ্ণমুখে কিবা বেশ কিবা অলঙ্কার॥
প্রিয় দর্শনেতে হয় উন্মত্ত শরীর।
দেখি সেই বেশভূষা সকল অস্থির॥
আনন্দ-আবেশে রাধা কহে গোবিন্দেরে।
আপনার অঙ্গে বেশ করিবার তরে॥
সুরতান্তে পরিখিন্ন অঙ্গবেশ লাগি।
কহিতে লাগিলা রাধা অতি অনুরাগী॥
রাধিকা কহেন শুন শ্রীযদুনন্দন।
খণ্ডিত অঙ্গের বেশ করহ সাজন॥

যদি পুনঃ মনে ভাব সুখারম্ভ আছে।
তবে পয়োধর-সজ্জা কর মম কাছে॥
কস্তূরিকা পত্রভঙ্গ করি নিরমাণ।
মৃগমদ দিয়া সজ্জা করহ সুঠাম॥
শীতল চন্দন নিজ করপদ্মে করি।
সাজাইবে পয়োধর অতি মনোহারী॥
হৃদয়ানন্দন যদুনন্দনের স্থানে।
কহিলেন অঙ্গবেশ করহ রচনে॥
কজ্জল নয়নে মোর করহ রচিত।
অধরচুম্বনেতে হয়েছে খণ্ডিত॥
উজ্জ্বলতা অতিশয় কজ্জল সুন্দর।
অলিকুল গঞ্জন করয়ে নিরন্তর॥
রতিপতি পঞ্চবাণ বিমোচন করে।
ঐছে নয়ন মোর অতি শোভা ধরে॥
কুণ্ডল আপন করে দেও শ্রুতিমূলে।
শুনহ সুবেশ কৃষ্ণ করহ বিরলে॥
মনসিজ পাশ তার বিলাসাদি ধরে।
নয়ন-কুরঙ্গ তার সহিত বিহরে॥
আমার মুখারবিন্দে অলকা রচন।
করহ সুন্দর করি অতি বিচক্ষণ॥
চিরকাল ব্যাপি যায় উড়িছে ভ্রমর।
অতএব রুচির সুন্দর মনোহর॥
বিহিত কমল আর অত্যন্ত বিমল।
অলকা সাজাও মুখে দেখিতে কোমল॥
উপরে ভ্রমরচয় উড়ে গন্ধ পায়্যা।
কপোল সাজাও সুখে অলকা অর্পিয়া॥
ললাটে সাজাও মোর তিলক সুন্দর।
মৃগমদ-রসেতে বলিত মনোহর॥
ললিত তিলক কর ললাটে সাজানি।
করহ আনন্দে কৃষ্ণ মোর বাক্য মানি॥
বিহিত করহ যেন কলঙ্কের কলা।
ললাট-চন্দ্রেতে হেন কলঙ্ক লাগিলা॥
শ্রমজন্য অম্বুকণা মুখেতে আমার।
মৃগমদ ললাটেতে কর পুনর্ব্বার॥

চিকুরে কুসুমাবলি করহ সাজন।
শুনহ মাধব তোমা করিয়ে প্রার্থন॥
মণির রশনা আর বসন রঞ্জন।
জঘনে আমার তুমি করহ যোজন॥
শুন ভক্ত এই জয়দেবের বচন।
সদয়-হৃদয় হয়ে করহ শ্রবণ॥
শ্রীহরিচরণামৃত স্মরণ করিতে।
কলির কলুষ যত নাশিবে ত্বরিতে॥
তবে পুনর্ব্বার কিছু কহেন আনন্দ।
অতিশয় প্রীত মন দেখিয়া গোবিন্দ॥
সদসদ্বাক্যের বক্তা পরম পণ্ডিত।
শ্রীগীতগোবিন্দ গ্রন্থ যাহার রচিত॥
শ্রীকৃষ্ণভজনতত্ত্ব সকলি লিখিলা।
বৈষ্ণবের ধ্যানবস্তু তত্ত্ব বিচারিলা॥
অবতার অবতারী লিখিলা তাহাতে।
সর্ব্ব অবতারী কৃষ্ণ কহিলা নিশ্চিতে॥
মহাপ্রেমরসের বিচার ইথে জানি।
ব্রজলীলা পরিপূর্ণ ইহাতে বাখানি॥
নিত্য লীলা সহ গ্রন্থ বিচার করিলা।
সব সার গ্রন্থ যাতে সব কৃষ্ণলীলা॥
ইহাতে একান্ত ভক্ত করিয়া চিন্তন।
মাধব-ভজনে লুব্ধ হয় যার মন॥
নারায়ণ হরি রক্ষা করুন সবারে।
নিজ ভক্তিদান করুন সকল সংসারে॥
নারায়ণরূপে তিঁহো পর্য্যঙ্ক করিয়া।
নাগেন্দ্র-নায়কের ফণাশ্রেণী ধরিয়া॥
পদাম্বুজদ্বয় ধরি জলনিধিসুতা।
মণিগণ কান্তি সহ অতি আসক্তা॥
লক্ষ্মীমুখ বিলোকনে বহুরূপ যেন।
সেইরূপে রাধা সহ করি অনুমান॥
রাধা সহ তন্মধ্যে আছে কুঞ্জঘরে।
সে কৃষ্ণ করুন রক্ষা সকল সংসারে॥
এইরূপে কৃষ্ণ উচ্ছলিতচিত্ত হয়ে।
কহিতে লাগিল তারে বৈচিত্র্য দেখিয়ে॥
কহিতে লাগিলা কৃষ্ণ শুনহ সুন্দরি।
পূর্ব্বকথা কিছু তোমা কহিব বিচারি॥
ক্ষীরোদ সমুদ্রে ভাসে মৃড়ানীর পতি।
তোমায় না পাইয়া মরণে করি মতি॥
মৃতপ্রায় কালকূট বিষপান করি।
শুনিয়া বিস্মিত হৈলা রাধিকা সুন্দরী॥
কৃষ্ণ কহে রাধা তুমি মোর প্রেমসুখে।
হইলে অনুরাগিণী ঘুচে সব দুঃখে॥
কুঞ্জের গৃহিণী তুমি মোর সর্ব্বকাল।
বসতি করিবে কুঞ্জে সখীর মিশাল॥
এইরূপে জয়দেব করিয়া বর্ণন।
জগতের আশীর্ব্বাদ করিলা সূচন॥
হৃদয়ের রোগ নাশে ইহার শ্রবণে।
পঞ্চাধ্যায়ী শুকবাক্য আছয়ে প্রমাণে॥
গ্রন্থানুশ্রবণে অনুমোদন কীর্ত্তন।
স্মরণ যে করে গ্রন্থ লীলার বচন॥
হৃদয়ের রোগ নাশি কৃষ্ণপ্রাপ্তি হয়।
দেশ নাশ করি প্রেমভক্তি উপজয়॥
শুন হে ভকত ইহলোক সংসারেতে।
জয়দেববাক্যে চিত্ত রাখ সাবহিতে॥
মধুর ভজনকথা শৃঙ্গারের সার।
যাবৎ থাকিবে এ কথার অধিকার॥
তাবৎ তোমার চিন্তা সাধ্বী নাহি হয়।
মাজকতা-গুণ তোমার জানি যে নিশ্চয়॥
সম্পূর্ণ হইল সর্গ দ্বাদশ বর্ণনা।
গ্রন্থকার টীকাকার দোঁহার রচনা॥
অল্পমাত্র লিখিলাম যা পারি বুঝিতে।
আপন মনের কথা সুবুদ্ধি যাহাতে॥
সুসিদ্ধ সম্ভোগরস স্বাধীনভর্তৃকা।
নায়িকার অঙ্গবেশ রচনা অধিকা॥
সেই সব কথা জয়দেব মহাশয়।
প্রকাশ করিয়া গ্রন্থ করিলা নিশ্চয়॥

ইতি শ্রীগীতগোবিন্দ-মহাকাব্যে সুপ্রীতপীতাম্বর-নামক দ্বাদশ সর্গ॥ ১২॥